

১৩) সদস্যের হিসাব :-

প্রত্যেক সদস্যের নাম সংরক্ষিত পৃথক হিসাবে নিম্নোক্ত খাতে অর্থ জমা হইবে :

- ক) সদস্য কর্তৃক প্রদানকৃত চাঁদা।
- খ) বিধি ১৬.১ অনুযায়ী পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিঃ কর্তৃক প্রদানকৃত অনুদান।
- গ) বিধি ১৭(ক) অনুযায়ী সদস্য কর্তৃক প্রদানকৃত চাঁদার উপর অর্জিত সুদ।
- ঘ) বিধি ১৭(খ) অনুযায়ী পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিঃ কর্তৃক প্রদানকৃত অনুদানের উপর অর্জিত সুদ।

১৪) চাঁদা প্রদানের শর্ত ও হার :

১৪.১) নিম্নোক্ত শর্ত মোতাবেক সদস্যের চাঁদার পরিমাণ নির্ধারিত হইবে :

- ক) ইহা পূর্ণ টাকায় প্রকাশ করিতে হইবে।
- খ) ইহা মূল বেতনের ১০ শতাংশ হইবে এবং সময় সময় সরকার কর্তৃক নির্ধারিত হার প্রযোজ্য হইবে।
- গ) কোন সদস্য ইচ্ছা করিলে মূল বেতনের সর্বোচ্চ ১০% অতিরিক্ত চাঁদা তাঁহার মাসিক বেতন হইতে কর্তন করিতে পারিবেন। তবে এই চাঁদার অনুকূলে কোম্পানী কোন অনুদান প্রদান করিবে না এবং ইহার বিপরীতে কর্মকর্তা/কর্মচারীকে কোন অগ্রিম প্রদান করা হইবে না। উক্ত চাঁদার উপর শুধুমাত্র অর্জিত সুদ পরিশোধযোগ্য হইবে। সদস্যবৃন্দের অবসর, চাকুরী হইতে অব্যাহতি এবং মৃত্যুজনিত কারণে উক্ত তহবিলের অর্থ পরিশোধযোগ্য হইবে। বিশেষ ক্ষেত্র হিসাবে কোন সদস্য উক্ত তহবিলের অর্থ গ্রহণ করিতে চাহিলে তাঁহাকে সুদে-মুদে উহা পরিশোধ করা হইবে তবে তাঁহাকে পুনরায় অতিরিক্ত চাঁদা হিসাবে ভবিষ্য তহবিলে আর অর্থ কর্তনের সুযোগ দেওয়া হইবে না।

১৪.২) সদস্য প্রাপ্তির শুরু হইতে কোম্পানীর চাকুরী হইতে অবসর/অপসারণের দিন পর্যন্ত অথবা সদস্যের চাকুরীর সমাপ্তির দিন পর্যন্ত উক্ত চাঁদা নিয়মমাফিক আবশ্যিকভাবে নিয়মিত সদস্যের বেতন বিল হইতে কর্তন করা হইবে।

১৪.৩) বোর্ড অব ট্রাস্টি কর্তৃক বিশেষ কোন কারণবশতঃ চাঁদা প্রদানের অব্যাহতি প্রাপ্ত না হইলে, কর্মরত অবস্থায় অথবা ছুটি থাকাকালীন সময়ে (বিনা বেতনে ছুটি ব্যতিত) সকল সদস্য উক্ত তহবিলে নিয়মিত চাঁদা প্রদান করিতে বাধ্য থাকিবেন।

১৪.৪) চাকুরীতে সাময়িক অপসারণকালীন সময়ে তাঁহার নিকট হইতে চাঁদা আদায় বন্ধ থাকিবে। কিন্তু পরবর্তীতে সাময়িক অপসারণের তারিখ হইতে পূর্ণ বেতন ও ভাতাদিসহ চাকুরীতে পুনরায় বহাল হইবার পর উক্ত সাময়িক অপসারণকালীন সময়ে চাঁদা এককালীন প্রদান করিতে হইবে। পক্ষান্তরে সাময়িক অপসারণকালীন সময়ের জন্য পূর্ণ বেতন ও ভাতাদি প্রদান ব্যতিত পুনর্বহাল হইলে উক্ত সাময়িক অপসারণকালীন সময়ের চাঁদা তহবিলের ট্রাস্টি কর্তৃক নির্ধারিত হারে চলতি চাঁদাসহ আদায় হইবে।

১৪.৫) এই বিধি অনুযায়ী কোন সদস্যের ক্ষেত্রে প্রেষণে না থাকা অবস্থায় যে নীতি চালু ছিল কোন প্রতিষ্ঠানে প্রেষণে প্রেরিত হইলে পূর্ব নীতির অন্য কোন পরিবর্তন হইবে না।

কোম্পানীর কোন কর্মকর্তা বা কর্মচারী অন্য কোন প্রতিষ্ঠানে প্রেষণে কর্মরত থাকারস্থায় প্রদেয় ভবিষ্য তহবিলের নিয়মিত চাঁদা প্রদানের ধারাবাহিকতা বন্ধ থাকিলে ঐ সদস্য পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেডে পুনঃ প্রেরিত হইলে প্রেষণে থাকাকালীন সময়ের সম্পূর্ণ বকেয়া চাঁদা প্রদান করিতে হইবে এবং প্রদান করিতে বাধ্য থাকিবেন।

১৪.৬) উক্ত তহবিলের চাঁদা মূল বেতনের উপর মাসিক ভিত্তিতে প্রদেয় হইবে এবং চাঁদার পরিমাণ নিকটতম পূর্ণ টাকায় হইবে (পঞ্চাশ ও তদুর্ধ্ব পর্যন্ত পরবর্তী টাকায় পরিণত হইবে)।

১৫) চাঁদা আদায় :

সদস্য কর্তৃক দেয় মাসিক চাঁদা তাঁহার বেতন হইতে এবং প্রদেয় ভবিষ্য তহবিল হইতে গ্রহণকৃত ঋণের ক্ষতি সুদসহ সদস্যের মাসিক বেতন হইতে কর্তনের ক্ষমতা কোম্পানীতে থাকিবে এবং এইরূপভাবে কর্তিত অর্থ সদস্যের একাউন্টে জমা করিবার নিমিত্তে বোর্ড অব ট্রাস্টির নিকট কোম্পানী প্রদান করিবে।

১৬) পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেডের অনুদান :

১৬.১) বিধির ১৪ নং অনুচ্ছেদ অনুসারে তহবিলের সকল সদস্য কর্তৃক প্রদত্ত মাসিক চাঁদার সমপরিমাণ অর্থ অনুদান হিসাবে কোম্পানী কর্তৃক প্রতি মাসের প্রদেয় ভবিষ্য তহবিলে প্রদান করিবে।

শর্ত থাকে যে, কোম্পানীর অনুদানের পরিমাণ সদস্য কর্তৃক সংশ্লিষ্ট মাসে গ্রহণকৃত মূল বেতনের ১০ শতাংশের বেশী হইবে না অথবা এইরূপ কোন হার সময়ে সময়ে কোম্পানী কর্তৃক স্বাভাবিক ও বিশেষ আদেশক্রমে নির্ধারিত হইবে।

১৬.২) উপ-বিধি ১ অনুযায়ী প্রত্যেক সদস্যের ক্ষেত্রে উক্ত অনুদান পূর্ণ টাকায় পরিশোধযোগ্য হইবে।

১৬.৩) কোন সদস্যের প্রেষণে থাকাকালীন সময়ে অনুদান উক্ত সদস্যকে প্রেষণে গ্রহণকারী সংস্থার নিকট হইতে কোম্পানী আদায় করিতে না পারিলে প্রেষণে থাকাকালীন সময়ে প্রদানযোগ্য অনুদান ও উহার সুদ কোম্পানী কর্তৃক প্রদেয় হইবে।

১৬.৪) কোম্পানীর অনুদান পাইবারযোগ্য কোন সদস্য কোম্পানীর চাকুরী ত্যাগ করিলে অথবা মৃত্যুবরণ করিলে অথবা চাকুরীচ্যুত হইলে পূর্ব মাসের শেষ তারিখ এবং বর্ণিত ঘটনা ঘটিবার তারিখ এই দুইয়ের মধ্যবর্তী সময়ের অনুদান তাহার হিসাবে জমা প্রদান করা হইবে।

১৭। সুদ :

১৭.১) উপ-ধারা ১৭.৩ অনুযায়ী প্রত্যেক বৎসরের জন্য বোর্ড অব ট্রাস্টি কর্তৃক নির্ধারিত পদ্ধতায় সুদ সদস্যের হিসাবে জমা করা হইবে।

১৭.২) প্রত্যেক আর্থিক বৎসর শেষে নিম্নে বর্ণিত বিধি অনুযায়ী সুদ জমা করিতে হইবে :

ক) সদস্যের হিসাবে সম্ভবত অর্থের উপর অর্জিত সুদ।

খ) প্রতি চলতি বৎসরে তহবিলে অর্থ জমা দেওয়ার তারিখ হইতে উক্ত বৎসরের শেষ দিন পর্যন্ত জমাকৃত সম্পূর্ণ অর্থের উপর অর্জিত সুদ সদস্যের হিসাবে জমা হইবে।

গ) মোট সুদের পরিমাণ নিকটবর্তী পূর্ণ টাকায় রূপান্তরিত হইবে। ৫০ পয়সাকে পরবর্তী টাকায় গণনা করা হইবে। এখানে শর্ত থাকে যে, সদস্যের হিসাব খাতে জমাকৃত অর্থ সদস্যকে প্রদানযোগ্য হইলে চলতি বৎসরের প্রথম হইতে অথবা জমা করিবার তারিখ হইতে প্রযোজ্য ক্ষেত্রে সদস্যকে অর্থ পরিশোধযোগ্য হইবার তারিখ পর্যন্ত সুদ জমা করা হইবে।

১৭.৩) কোন সদস্য বোর্ড অব ট্রাস্টির নিকট লিখিতভাবে সুদ গ্রহণ না করিবার পক্ষে মত প্রকাশ করিলে তাহার হিসাবে সুদ জমা হইবে না, কিন্তু পরবর্তীতে সুদ গ্রহণের ইচ্ছা প্রকাশ করিলে যে মাসে ইচ্ছা প্রকাশ করিবেন উহার পরবর্তী মাসের প্রথম দিন হইতে উহা কার্যকর বলিয়া গণ্য হইবে।

১৮) তহবিল হইতে ঋণ প্রদান :

নিম্নে বর্ণিত শর্ত স্বাপেক্ষে সদস্যের হিসাবে জমাকৃত নিজস্ব চাঁদা হইতে ট্রাস্টি নিজের এখতিয়ারে অস্থায়ী ভিত্তিতে ঋণ প্রদান করিতে পারিবেঃ

ক) কোন ঋণ মঞ্জুর করা যাইবে না যদি না ট্রাস্টি এই মর্মে সন্তুষ্ট হন যে, আবেদনকারীর আর্থিক অবস্থা উহা সমর্থন করে এবং প্রদানযোগ্য ঋণ অন্য কোন কারণ বাতীত নিম্নে বর্ণিত কারণে ব্যয় হয় :

১) আবেদনকারীর নিজের ব্যয়বহুল চিকিৎসা কিংবা তাহার উপর প্রকৃত নির্ভরশীল কোন ব্যক্তির চিকিৎসা কিংবা উচ্চ শিক্ষার উদ্দেশ্যে বিদেশ ভ্রমণে খরচের জন্য।

- ২) আবেদনকারীর নিজের কেউ না কিন্তু তাহার উপর প্রকৃত নির্ভরশীল কোন ব্যক্তির চিকিৎসা কিংবা উচ্চ শিক্ষার উদ্দেশ্যে বিদেশ ভ্রমণে খরচের জন্য।
 - ৩) আবেদনকারীর নিজের কিংবা তাহার উপর নির্ভরশীল ব্যক্তির অত্যাবশ্যকীয় খরচ যেমন বিয়ে, অস্ত্রোস্তিক্রিয়া অথবা যাহা তাহার ধর্মীয় মতে করণীয় অনুষ্ঠানাদির উদ্দেশ্যে খরচ নির্বাহের জন্য।
 - ৪) বীমার কিস্তি পরিশোধ করিবার জন্য। তবে এই ক্ষেত্রে ঋণ গ্রহণের এক মাসের মধ্যে পরিশোধকৃত বীমা রশিদ জমা দিতে হইবে।
- খ) বিশেষ কারণ ব্যতীত কোন সদস্যের হিসাবে জমাকৃত নিজস্ব চাঁদা ও তাহার উপর অর্পিত সুদের ৮০ শতাংশের অধিক ঋণ হিসাবে প্রদান করা যাইবে না।
- গ) বন্যা, ঘূর্ণিঝড়, হ্যারিকেন অথবা প্রাকৃতিক দুর্যোগজনিত কারণে বসবাস করিবার গৃহ পুনঃনির্মাণ/ মেরামতকল্পে ঋণ প্রদান করা যাইবে। সেই ক্ষেত্রে স্থানীয় ইউনিয়ন/ সিটি করপোরেশন/পৌরসভা/থানা নির্বাহী কর্মকর্তা/ থানা পরিষদ চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত সনদপত্র অবশ্যই দাখিল করিতে হইবে। উক্ত বিধির (খ) এবং (গ) অনুচ্ছেদে বর্ণিত ক্ষেত্রে ব্যতীত বসবাস করিবার জন্য দালাল অথবা বাড়ী তৈরীর জন্য নির্ধারিত স্থান যদিও করিবার জন্য উক্ত তহবিল হইতে ঋণ প্রদান করা যাইবে। এইক্ষেত্রে নিজ কোম্পানীর অনুদান এবং অর্জিত সুদের উপর ৮০% ভাগ (সর্বোচ্চ দুইলক্ষ টাকা) ঋণ হিসাবে পরিশোধযোগ্য হইবে। ঋণ গ্রহণের একমাসের মধ্যে ক্রমাকৃত জমির দলিল বা যে জমির উপর দালাল নির্মিত হইয়াছে উক্ত দলিলের অনুলিপি প্রদান করিতে হইবে। ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রেও ইহা প্রযোজ্য হইবে এবং এইরূপ ক্ষেত্রে ঋণের একমাসের মধ্যে ক্রয়ের চুক্তিনামা দলিলের অনুলিপি প্রদান করিতে হইবে। এই ঋণ সর্বোচ্চ ৯০ (নব্বই) কিস্তিতে সুদসহ আদায় করিতে হইবে। নির্ধারিত সময়ের মধ্যে দলিলের অনুলিপি সরবরাহ করা না হইলে কিস্তির টাকা অধিক হারে কর্তন করা হইবে। সেই ক্ষেত্রে সদস্য চাহিলে উত্তোলিত অর্থ ফেরৎ দিতে হইবে না এবং সুদ অর্জনের ক্ষেত্রে এইরূপ পরিশোধিত অর্থ বিবেচনায় আসিবে না।
- ঘ) প্রদেয় ভবিষ্য তহবিল হইতে ঋণের উপর সুদ আদায় :
- ১) প্রদেয় ভবিষ্য তহবিল হইতে প্রদানকৃত ঋণের উপর প্রথম এবং দ্বিতীয়বার ১০ (দশ)% হারে সুদ আদায় করা হইবে।
 - ২) দ্বিতীয়বার গ্রহণকৃত ঋণ পরিশোধের ৬ (ছয়) মাসের মধ্যে বিশেষ বিবেচনায় তৃতীয়বার বা তৎপরবর্তী সময়ে বিশেষ বিবেচনায় ঋণ প্রদান করা যাইতে পারে। তবে সেই ক্ষেত্রে ধার্যকৃত সুদের হার ১৮(ঘ)(১)-এর বর্ণিত হার অপেক্ষা ২ (দুই) % ভাগ বেশী হইবে।
 - ৩) তৃতীয়বার বা তৎপরবর্তী সময়ে বিশেষ বিবেচনায় গ্রহণকৃত ঋণ পরিশোধের ৬ (ছয়) মাসের পর পুনরায় গ্রহণকৃত ঋণের উপর আদায়যোগ্য সুদের হার ১০ (দশ) % হইবে।

১৯) ঋণ আদায় :

- ১৯.১ সদস্য কর্তৃক গ্রহণকৃত ঋণ এমন কতক সংখ্যক কিস্তিতে আদায় করিতে হইবে যাহা ট্রাস্টি ক্ষেত্র বিশেষে নির্ধারণ করিবে। কিন্তু এই কিস্তির সংখ্যা ৩৬ (ছত্রিশ) এর বেশী হইবে না। তবে শুধুমাত্র ১৮(গ) এর ক্ষেত্রে সর্বোচ্চ ৯০ (নব্বই) কিস্তির মধ্যে সীমাবদ্ধ থাকিবে। প্রতিটি কিস্তি পূর্ণ টাকায় (এক কিস্তির সমান) হইতে হইবে এবং প্রয়োজনীয় কিস্তির নির্ধারণ করিতে কিস্তির অর্থ কম বা বেশী করা যাইবে।
- ১৯.২ কোন সদস্যের অবসর গ্রহণের সময় ১২ (বার) মাস অবশিষ্ট থাকিলে উক্ত সদস্য তাহার নিজস্ব চাঁদা ও নিজস্ব চাঁদার উপর অর্জিত সুদের শতকরা ৮০% ভাগ উত্তোলন করিতে পারিবেন। এখানে উল্লেখ্য যে, উত্তোলিত অর্থের উপর তাহাকে কোন প্রকার সুদ প্রদান বা আদায় করা হইবে না।
- ১৯.৩ প্রদেয় ভবিষ্য তহবিলের নিয়মিত চাঁদা কর্তন ছাড়াও গ্রহণকৃত ঋণের অর্থ একত্রে সদস্যের বেতন হইতে বাধ্যতামূলকভাবে কর্তন করা হইবে।
- ১৯.৪ ঋণ গ্রহণের দ্বিতীয় মাস হইতে ঋণের কিস্তি আদায় করিতে হইবে। তবে দ্বিতীয় মাসে উক্ত সদস্য বিনা বেতনে ছুটিতে থাকিলে তিনি কর্মে যোগদানের পরবর্তী মাস হইতে উক্ত ঋণ আদায় করা হইবে।

- ১৯.৫ ঋণ গ্রহণ ও সম্পূর্ণ পরিশোধের মধ্যবর্তী সময়ে প্রতি মাস বা ইহার ঋণ মাসের জন্য বোর্ড অব ট্রাস্টি কর্তৃক সময় সময় নির্ধারিত হারে সুদ আসল একত্রে পরিশোধ করিতে হইবে।
- ১৯.৬ যে সদস্য তাহার হিসাবে জমাকৃত অর্থের উপর সুদ গ্রহণ করিবেন না তাহার ক্ষেত্রে উক্ত তহবিল হইতে গ্রহণকৃত ঋণের উপর সুদ আদায়যোগ্য হইবে না।
- ১৯.৭ কোন সদস্য বীমার কিস্তি পরিশোধকল্পে ঋণ গ্রহণ করিলে ট্রাস্টির নিকট ১(এক) মাসের মধ্যে পরিশোধিত রশিদ দাখিল করিতে হইবে অন্যথায় তাহার নিকট হইতে উক্ত ঋণ এককালীন আদায় করা হইবে।
- ১৯.৮ ঋণ প্রদানের ক্ষেত্রে বোর্ড অব ট্রাস্টি একটি সম্পূর্ণ পৃথক নিয়ন্ত্রণযোগ্য হিসাব পরিচালনাসহ ঋণ গ্রহণকারী প্রত্যেক সদস্যের জন্য একটি সাবসিডিয়ারী হিসাব পরিচালনা করিবেন। সদস্যের চাঁদার হিসাবের সহিত কোন প্রকারে উক্ত ঋণের হিসাব মিশ্রিত করা যাইবে না। উক্ত ঋণ খাতে আদায়কৃত সুদ তহবিলের আয় হিসাবে গণ্য হইবে।

২০) যেসব ক্ষেত্রে পুঞ্জীভূত অর্থ পরিশোধযোগ্য :

- ২০.১) ২১নং বিধির শর্ত সাপেক্ষে ১ (এক) জন সদস্যের হিসাবে জমাকৃত অর্থ শুধুমাত্র তাহার মৃত্যুতে অথবা কোম্পানীর চাকুরী হইতে অবসর গ্রহণ বা পদত্যাগ করিলে পরিশোধযোগ্য হইবে। কোম্পানীর চাকুরী হইতে বহিস্কৃত কোন সদস্য চাকুরীতে পুনর্বহাল হইলে বোর্ড অব ট্রাস্টির এই বিধির আওতায় পূর্বে পরিশোধিত অর্থ পুনরায় জমা করিবার দাবী করিলে তাহাকে তাহা পরিশোধ করিতে হইবে। এইরূপ পরিশোধিত নিজস্ব চাঁদা সুদের অংশটি এবং কোম্পানী প্রদত্ত অনুদান ও উহার সুদের অংশটি বিধি ১৩ এর আওতায় তাহার হিসাবে জমা হইবে।
- ২০.২) যদি কোন সদস্য উন্মাদ অবস্থায় বা অন্যরূপ মানসিকভাবে কর্মে অক্ষম হইয়া পড়েন এবং ইহা প্রমাণিত হইয়াছে বলিয়া বোর্ড অব ট্রাস্টি যদি সন্তুষ্ট হন তাহা হইলে এই প্রবিধান এর আওতায় উক্ত সদস্য যে অর্থ প্রাপ্ত হইবেন উহার কোন অংশ তাহার পরিবারভুক্ত যে কোন ব্যক্তিকে প্রদান করিতে ট্রাস্টির বিচারে সঠিক বলিয়া বিবেচিত হইলে তাহা ট্রাস্টি পরিশোধ করিবার অনুমতি প্রদান করিতে পারিবে। উক্ত ব্যক্তিকে এইরূপ পরিশোধ একটি উত্তম পরিশোধ বলিয়া বিবেচিত হইবে।
- ২০.৩) সদস্যের হিসাবে জমাকৃত অর্থ পরিশোধযোগ্য হইবার পূর্বে অথবা পরিশোধ করিবার পূর্বে সদস্যের মৃত্যু ঘটিলে পরিশোধযোগ্য অর্থ নিম্নরূপভাবে পরিশোধযোগ্য হইবে :
- ক) সদস্য পরিবার রাখিয়া মৃত্যুবরণ করিলে : বিধি ১২ অনুচ্ছেদ অনুযায়ী তিনি যদি তাহার পরিবারের এক বা একাধিক সদস্যকে মনোনয়ন করিয়া থাকেন তাহা হইলে তাহার সঞ্চিত অর্থ অথবা উহার অংশ বিশেষ মনোনীত ব্যক্তি বা ব্যক্তিবর্গকে মনোনয়নে নির্ধারিত আনুপাতিক হারে পরিশোধযোগ্য হইবে।
- খ) যদি কোন সদস্য নিজের পরিবারের কোন সদস্য বা সদস্যবর্গের নামে মনোনয়ন না থাকে কিংবা তহবিলে তাহার নামে জমাকৃত অর্থের অংশ বিশেষের জন্য মনোনয়ন থাকে এবং বাকী অংশের জন্য তাহার নিজের পরিবারের সদস্য ব্যতীত অন্য কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গের মনোনয়ন না থাকে তাহা হইলে জমাকৃত অর্থের সম্পূর্ণ অংশ কিংবা যে অংশের জন্য মনোনয়ন নাই সেই ক্ষেত্রে যেকোন প্রযোজ্য উত্তম পরিবারের নিম্নে বর্ণিত পরিবারের সদস্য/সদস্যবর্গকে কোন অংশ পরিশোধ করা হইবে না :
- ১) শারীরিক অথবা মানসিকভাবে জীবিকা নির্বাহের জন্য উপার্জনে সক্ষম নহে এমন আইনগত সাবালক পুত্র।
 - ২) শারীরিক অথবা মানসিকভাবে জীবিকা নির্বাহের জন্য উপার্জনে অক্ষম নহে মৃত পুত্রের এমন আইনগত সাবালক পুত্র।
 - ৩) যে কন্যার স্বামী জীবিত আছে কিন্তু স্বামী দ্বারা পরিত্যক্ত এবং ভরণপোষণ হয় এইরূপ কন্যা।

৪) ক) যে মৃত পুত্রের কন্যাগণ যাহাদের স্বামী জীবিত আছেন কিন্তু স্বামী দ্বারা পরিত্যক্ত বা স্বামী দ্বারা ভরণপোষণ হয় না। আবার শর্ত থাকে যে, মৃত পুত্রের বিধবা স্ত্রী বা স্ত্রীগণ এবং সন্তান-সম্ভ্রান্তগণ মৃত পুত্র জীবিত অবস্থায় এবং প্রথম প্রবিধানের ১নং অনুচ্ছেদের শর্ত হইতে অব্যাহতি প্রাপ্ত হইলে যে অংশ তিনি প্রাপী হইতেন উহা তাঁহারা সমভাবে প্রাপী হইবেন।

খ) যখন কোন সদস্য পরিবার না রাখিয়া মৃত্যুবরণ করেন তাহা হইলে তাহাবিলে তাহার হিসাবে সঞ্চিত অর্থ তাঁহার মনোনীত ব্যক্তি বা ব্যক্তিবর্গের মধ্যে মনোনয়নে উল্লেখিত আনুপাতিক হারে পরিশোধযোগ্য হইবে। যদি কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গের নামে অনুরূপ মনোনয়ন না থাকে অথবা যদি উক্ত মনোনয়ন সংশ্লিষ্ট তাহার হিসাবে সঞ্চিত অর্থের কেবলমাত্র কোন নির্দিষ্ট অংশের প্রাপ্তির সহিত সম্পর্কযুক্ত হয়, তাহা হইলে মনোনয়নের সহিত সম্পর্কযুক্ত নয় এমন সঞ্চিত সম্পূর্ণ অথবা আংশিক অংশ সদস্যের উপর নির্ভরশীল ব্যক্তি অথবা ব্যক্তিবর্গের মধ্যে অথবা তাঁহাদের মধ্যে যে কোন একজন অথবা একাধিক ব্যক্তিবর্গকে ট্রাস্টিগণ তাঁহাদের ইচ্ছানুসারে সঠিক বিবেচিত আনুপাতিক হারে বন্টন করিতে পারিবেন।

২০.৪) উক্ত সঞ্চিত অর্থ গ্রহণ করিবার যদি কোন স্বত্বাধিকারী না থাকে তবে উক্ত অর্থ সদস্যের আইনত উত্তরাধিকারীকে পরিশোধ করা হইবে।

২০.৫) * বোর্ড অব ট্রাস্টি এমন কোন কার্যক্রমে বাধা হইবেন না বা স্বীকৃতি দিবেন না যাহা একজন সদস্য অবসর গ্রহণের পূর্বে মৃত্যুবরণ করিলে সঞ্চিত অর্থ পরিশোধে অসুবিধার কারণ হইবে।

২১) কর্তন :

২১.১) কোন সদস্য কোম্পানী চাকুরী হইতে বহিস্কার অথবা পদচ্যুত হইলে উক্ত তাহাবিলে তাহার হিসাবে সঞ্চিত অর্থ পরিশোধযোগ্য হইলে কোম্পানীর অনুদানের সম্পূর্ণ অংশ এবং উহার উপর অর্জিত সুদও পরিশোধযোগ্য।

২১.২) যখন কোন সদস্যের হিসাবে সঞ্চিত অর্থ পরিশোধযোগ্য হয় সেইক্ষেত্রে কোম্পানীর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এই মর্মে নির্দেশ দিতে পারেন যে, কোম্পানীর নিকট সদস্য কর্তৃক দায়বদ্ধ যে কোন পাওনা সদস্যের হিসাবের কোম্পানীর অনুদান ও তাহার উপর অর্জিত সুদ পর্যন্ত অর্থ সদস্যের সঞ্চিত অর্থ হইতে কর্তন করিতে পারিবে এবং অনুরূপ কর্তনকৃত অর্থ কোম্পানীকে ফেরত প্রদান করিবে।

২১.৩) কোম্পানীর তিন বৎসর পূর্তির পূর্বে কোন সদস্যের চাকুরীর অবসান ঘটিলে তাহার হিসাবে সঞ্চিত পরিশোধযোগ্য অর্থের মধ্যে সুদসহ কোম্পানীর অনুদানের সম্পূর্ণ অথবা আংশিক অর্থ কোম্পানীর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সরাসরি কর্তন করিয়া 'বাজেয়াণ্ড' হিসাবে স্থানান্তর করিতে পারিবেন। সাধারণভাবে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিম্নোক্ত ক্ষেত্রে অনুরূপ কর্তন হইতে বিরত থাকিবেন :

ক) কোন সদস্য কোম্পানীকে এই মর্মে সম্বন্ধিত করিতে পারিয়াছেন যে তাহার কর্মে অক্ষমতাজনিত কারণে তাহার চাকুরী অবসর গ্রহণের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে।

খ) প্রকল্পের কাজ ধারাবাহিকভাবে তিন বৎসর চালু থাকিবে এমন প্রত্যাশায় কোন সদস্য চাকুরীতে যোগদানের পর অচিন্তনীয়ভাবে নির্ধারিত সময়ের পূর্বে কাজ সম্পন্ন হইলে অথবা উক্ত সময়ের মধ্যে প্রকল্পটি পরিত্যক্ত হইলে।

২২) ল্যাপস এন্ড ফরফিচার হিসাব (বাজেয়াণ্ড) :

যদি বিধির ২১ নং অনুচ্ছেদ অনুযায়ী কোন সদস্যের সঞ্চিত অর্থ বাজেয়াণ্ড করা হয় এবং উক্ত অর্থ সদস্য অথবা সদস্যের বা কোম্পানীকে প্রদানযোগ্য না হয় সেই ক্ষেত্রে উক্ত অর্থ একটি পৃথক হিসাবে স্থানান্তর করা হইবে যাহা ল্যাপস এন্ড ফরফিচার হিসাব (বাজেয়াণ্ড হিসাব) নামে অভিহিত হইবে এবং তাহাবিল হইতে বিনিয়োগকৃত অর্থের কোন প্রকার লোকসান অথবা অবচয় মিটানোর জন্য বোর্ড উক্ত অর্থ সংরক্ষিত তাহাবিল হিসাবে ব্যবহার অথবা প্রয়োগ করিতে পারিবে। তাহাবিল পরিচালনায় সম্ভাব্য লোকসান মিটাইবার পর যদি কোন অর্থ উদ্ধৃত থাকে উহা বোর্ডের ইচ্ছানুসারে প্রত্যেক সদস্যের মধ্যে সুদ বন্টনের তারিখে প্রত্যেক সদস্যের হিসাবে সঞ্চিত অর্থের উপর আনুপাতিক হারে বন্টন করিয়া সদস্যের হিসাবে জমা করা হইবে।

২৩) প্রদান/পরিশোধ :

- ২৩.১ যদি কোন সদস্যের মৃত্যু হয় অথবা অন্য কোন কারণবশতঃ তহবিলের সদস্যপদ হারান অথবা অবসর গ্রহণের পূর্বে প্রস্তুতিমূলক ছুটি অথবা কোম্পানীর চাকুরী হইতে চূড়ান্তভাবে অপসারিত হন তাহা হইলে তাহার হিসাবে সঞ্চিত অর্থ হইতে বিধি ১৮ ও ২১ অনুযায়ী তহবিল হইতে গ্রহণকৃত ঋণ ও অন্যান্য দায়-দেনা কর্তন করিয়া অবশিষ্টাংশ এককালীণ পরিশোধযোগ্য হইবে।
- ২৩.২ উপবিধি ২৩.১ এর আওতায় কর্তনের পর সদস্যের হিসাবে সঞ্চিত অর্থের অবশিষ্টাংশ বাংলাদেশী টাকায় পরিশোধযোগ্য।
- ২৩.৩ কোম্পানীতে সদস্যের চাকুরী অবসানের তারিখ হইতে ৬০ মাস অতিক্রম করিলে উক্ত সঞ্চিত অর্থের কোন দাবী গ্রাহ্য হইবে না এবং উক্ত সঞ্চিত অর্থ "ফরফিচার" হইবে এবং "ল্যাপস এন্ড ফরফিচার" হিসাবে জমা হইবে।
- ২৩.৪ কোম্পানীতে সদস্যের চাকুরী অবসানের পর ছয় মাস পর্যন্ত সুদ অর্জিত হইবে, ইহার পর উক্ত হিসাবে কোন সুদ অর্জিত হইবে না।
- ২৩.৫ যাহাকে অর্থ প্রদান করিবে তিনি যদি উন্মাদ হন এবং যদি লুনানী অ্যাক্ট ১৯৯২ এর ধারামতে একজন ব্যবস্থাপক নিয়োগপ্রাপ্ত হইয়া থাকেন তবে উক্ত অর্থ উন্মাদ ব্যক্তিকে পরিশোধ না করিয়া ঐ ব্যবস্থাপককে পরিশোধ করিতে হইবে।
- ২৩.৬ যদি কোন ব্যক্তি এই সকল বিধির আওতায় তাহার পাওনা দাবী করিতে ইচ্ছুক হন তবে তাহাকে বোর্ড অর ট্রাস্টির সচিবের নিকট এই ব্যাপারে একটি লিখিত আবেদন পত্র দাখিল করিতে হইবে।

২৪) হিসাব :

- ২৪.১ ট্রাস্টিগণ কোম্পানীর রেজিস্ট্রার্ড অফিসে হিসাবের প্রয়োজনীয় খাতাপত্র সংরক্ষণ করিবেন এবং তাহাদের হেফাজতে জমাকৃত অর্থ নিষ্পত্তি করিবেন এবং প্রত্যেক সদস্যের নামে পৃথক পৃথক হিসাব সংরক্ষণ করিবেন।
- ২৪.২ আর বিধির ১৪ ধারার আওতায় প্রত্যেক সদস্য কর্তৃক প্রদানকৃত চাঁদা পরিশোধের সঙ্গে সঙ্গে তহবিলের হিসাবের খাতায় জমা করিতে হইবে এবং ইহা সদস্যের নামের হিসাবে জমা হইবে। উক্ত হিসাবটি "মেম্বার সাবসক্রিপশন একাউন্ট" নামে আখ্যায়িত হইবে। বিধি ১৬ ধারার আওতায় যে অর্থ কোম্পানী কর্তৃক প্রদত্ত হইবে তাহা পরিশোধের সাথে সাথে তহবিলের হিসাব বহিতে লিপিবদ্ধ করিতে হইবে এবং ইহা কোম্পানীর অনুদান হিসাবে সংশ্লিষ্ট সদস্যের নামে আলাদা হিসাবে জমা করিতে হইবে। এইরূপ আলাদা হিসাবটি "কোম্পানীজ কনট্রিবিউশন একাউন্ট" নামে আখ্যায়িত হইবে।
- ২৪.৩ বিনিয়োগের উপর প্রাপ্ত ও অর্জিত সুদ তহবিলে প্রদত্ত যে কোন দান বা অর্থ এবং হিসাবে আদায়যোগ্য অন্যান্য অর্থ (যদি থাকে) যাহা ৩০ শে জুন তারিখে সদস্যের মধ্যে বন্টনযোগ্য হইবে তাহা হিসাবে অর্ন্তভুক্ত করিয়া প্রত্যেক বৎসরে ৩০শে জুনের পর যথার্থমূদ্রে ট্রাস্টিগণ একটি উদ্বৃত্তপত্র এবং আয়-ব্যয় হিসাব প্রস্তুত করিবে। ট্রাস্টিগণ মেম্বারস সাবসক্রিপশন একাউন্ট ও কোম্পানীজ কনট্রিবিউশন একাউন্টদ্বয়ে সদস্যের সঞ্চিত অর্থের উপর একটি বাৎসরিক শতকরা হার নির্ধারণ করিবেন যাহার মাধ্যমে প্রকৃত আয় প্রত্যেক সদস্যের হিসাবে জমা করা যায়। কোন সদস্য আয় নিরূপনের পূর্বে সদস্যপদ হারালে ট্রাস্টিগণ কি পরিমাণ সুদ এইরূপ সদস্যের হিসাবে মঞ্জুর করিবেন তাহা নির্ধারণ করিবেন এবং এইরূপ জমাকৃত অর্থ যাহা তাহার হিসাবে জমা করা হইয়াছে তাহা সকল বিধির জন্য গ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইবে।
- ২৪.৪ সদস্যের হিসাব বন্ধ হইয়া যাইবেঃ
- ক) সদস্যের মৃত্যুর পরদিন হইতে,
- খ) কোম্পানীর চাকুরী হইতে অবসর গ্রহণ অথবা বহিষ্কার/অপসারণের দিন হইতে,

- ২৪.৫) যখন সদস্যের হিসাব বন্ধ হইয়া যাইবে তখন সেই সদস্যের মৃত্যু, অবসর গ্রহণ অথবা চাকুরী হইতে বহিস্কৃত/অপসারিত হইবার পূর্ববর্তী মাসের শেষ দিন তাহার হিসাব বন্ধ হইবার দিন পর্যন্ত সময়কালের সুদ ও কোম্পানীর প্রদত্ত চাঁদা যাহা ট্রাস্টিগণ প্রদানের জন্য সিদ্ধান্ত গ্রহণ করিবেন এইরূপ অর্থ তাহার হিসাবে জমা করা হইবে।
- ২৪.৬) যে তারিখে সদস্যের হিসাব বন্ধ হইয়া যাইবে সেই তারিখের পর হইতে কোন সময়কালের জন্যই কোম্পানী প্রদত্ত চাঁদা তাহার হিসাবে জমা হইবে না।
- ২৪.৭) তহবিলের হিসাব বাৎসরিক ভিত্তিতে কোম্পানী দ্বারা নিয়োজিত নিরীক্ষক কর্তৃক পরীক্ষা ও নিরীক্ষা করা হইবে।
- ২৪.৮) তহবিলের নিরীক্ষা ফি, হিসাব বিভাগের কর্মচারী খরচ, খাতাপত্র ও মনোহারী দ্রব্যের খরচসহ ব্যবস্থাপনার খরচসমূহ কোম্পানী বহন করিবে।
- ২৪.৯) কোম্পানী যে পদ্ধতিতে উহার হিসাব তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ করিয়া থাকে সেই পদ্ধতিতে তহবিলের হিসাব নিয়ন্ত্রিত হইবে।
- ২৪.১০) বৎসরের শেষ দিন অতিক্রম হওয়ার পর যথাসম্ভব তাড়াতাড়ি ট্রাস্টিগণ সদস্যের হিসাব বৎসরের প্রারম্ভিক, স্থিতি, সংশ্লিষ্ট বৎসরে কর্তনকৃত মোট অর্পণের পরিমাণ, বৎসরের শেষে জমাকৃত সুদ এবং বৎসরের শেষ স্থিতি উল্লেখপূর্বক সদস্যের নিকট তাহার পাশ বহি অথবা হিসাবের একটি বিবরণী প্রেরণ করিবেন।
- ২৪.১১) সদস্যগণ তাহাদের পাশ বহি হিসাবের বিবরণী সঠিকতা সম্বন্ধে সন্তুষ্ট হইবেন এবং কোন প্রকার ভুল ত্রুটি পরিলক্ষিত হইলে তাহা পাশ বহি বা বিবরণী পাওয়ার এক মাসের মধ্যে ট্রাস্টিগণকে নোটিশের মাধ্যমে অবহিত করিবেন।

২৫) তহবিল বন্ধ :

- ২৫.১) ট্রাস্টিগণ যে কোন সময়ে কোম্পানীর সম্মতিক্রমে এবং কোম্পানী কর্তৃক নির্দেশিত হইলে প্রত্যেক সদস্যের নিকট ব্যক্তিগতভাবে লিখিত কমপক্ষে ৬ মাসের নোটিশ অথবা তাহার শেষ ঠিকানায় রেজিস্ট্রিযোগে প্রেরিত অনুরূপ নোটিশ, অথবা কোম্পানীর অফিসের বিশিষ্ট স্থানে লিখিত নোটিশের মাধ্যমে তহবিল বন্ধ করিয়া দিতে পারিবেন।
- ২৫.১) তহবিল বন্ধ হইয়া যাওয়ার পর সম্পদ আহরণ, বন্ধকরণ এবং বিতরণ সংক্রান্ত সকল খরচ মিটাইয়া তহবিল বন্ধ হওয়ার প্রাক্কালে সদস্যের হিসাবে যে রূপ অর্থ সঞ্চিত থাকিবে তাহার ভিত্তিতে উক্ত অর্থ বন্টনের মাধ্যমে পরিশোধযোগ্য।
- ২৫.৩) তৎকালীন প্রচলিত তহবিল বিধি অনুযায়ী সদস্যের হিসাব চূড়ান্তভাবে বন্ধ হইয়া যাওয়ার পর এই তহবিল বিলুপ্ত হইয়া যাইবে এবং সম্পদ বিতরণ ও তহবিল বন্ধকরণ সম্পর্কিত কোন অধিকার শিরোনাম বা কোন ক্ষমতা প্রয়োগ নির্ধারণ ব্যতীত অন্য কোন কাজে এই বিধির কোন কার্যকারিতা থাকিবে না।
- ২৫.৪) কোন ব্যক্তি ইতিমধ্যে উক্ত তহবিলের সদস্য না হইয়া থাকিলে উল্লিখিত নোটিশ জারির পর তাহাকে সদস্য হিসাবে গণ্য করা হইবে।
- ২৫.৫) স্বেচ্ছায় কিংবা বাধ্যতামূলকভাবে কোম্পানী অবলুপ্ত হইলে পুনর্গঠন অথবা একত্রতা রক্ষার্থে তহবিল স্বাভাবিকভাবে বাতিল হইয়া যাইবে এবং ট্রাস্টিগণ পরবর্তীকালে তহবিল বন্ধ করিয়া দিবেন এবং বর্ণিত বিধির প্রথা অনুযায়ী ইহার সম্পদ বিতরণ করা হইবে।

২৬) হিসাব সংরক্ষণ পদ্ধতি :

কোম্পানীর হিসাব বিভাগীয় প্রধান তহবিলের হিসাব সংরক্ষণ পদ্ধতি নিরূপণ করিবেন।

২৭) সংশোধনী ক্ষমতা :

সরকারের অনুমোদন প্রাপ্তির পর কোম্পানীর পরিচালকমণ্ডলী উক্ত বিধির সংশোধন করিতে পারিবেন।

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ।

প্রতি
সচিব
সিপিএফ ট্রাস্টি বোর্ড
পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
নলকা, সিরাজগঞ্জ।

বিষয় : প্রদেয় ভবিষ্য তহবিলের সদস্য পদ সংক্রান্ত।

মহোদয়,

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেডের প্রশাসন বিভাগ হইতে জারিকৃত পত্র নং- প্রশাসন-.....
তারিখ : এর মাধ্যমে তারিখ হইতে কোম্পানীতে আমার চাকুরী স্থায়ীকরণ
করা হইয়াছে। এমতাবস্থায় কোম্পানীতে প্রচলিত বিধি মোতাবেক আমি 'পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড প্রদেয়
ভবিষ্য তহবিল' এর সদস্য হইতে আগ্রহী।

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, আমি অত্র তহবিলের বিধিমালা পাঠ করিয়াছি এবং এই সকল বিধান ও সময়ে
সময়ে উহার পরিবর্তন ও পরিবর্ধনসমূহ মানিয়া চলিতে সম্মত আছি। আমাকে সদস্য পদ প্রদানের ক্ষেত্রে অত্র
তহবিলের ট্রাস্টি বোর্ড কর্তৃক আরোপিত যে কোন শর্ত/ সিদ্ধান্ত মানিয়া চলিতে সম্মতি জ্ঞাপন করিতেছি। আমাকে
প্রদেয় ভবিষ্য তহবিলের একজন সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিবার জন্য অনুরোধ করিতেছি।

পূর্ণ নাম :

পদবী :

কর্মস্থল :

আবেদনকারীর স্বাক্ষর

দুপারিশকারী

বিভাগীয় প্রধান

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ।

প্রতি
সচিব
সিপিএফ ট্রাস্টি বোর্ড
পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
নলকা, সিরাজগঞ্জ।

তারিখ : / / ২০

বিষয় : প্রদেয় ভবিষ্য তহবিলের হিসাবে জমাকৃত অর্থ গ্রহণের মনোনয়ন প্রসঙ্গে।

মহোদয়

অত্র কোম্পানীতে চাকুরীরত থাকা অবস্থায় যদি আমার মৃত্যু হয় তাহা হইলে নিম্নে বর্ণিত ব্যক্তি/ব্যক্তিবর্গকে প্রদেয় ভবিষ্য তহবিলে আমার হিসাবে জমাকৃত অর্থ গ্রহণের জন্য মনোনয়ন করিলাম।

প্রদেয় ভবিষ্য তহবিল হিসাব নং -----

ক্রমিক নং	মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গের পূর্ণাঙ্গ নাম ও ঠিকানা	মনোনীত ব্যক্তির পিতা/স্বামীর নাম	মনোনীত ব্যক্তির বয়স (ঘোষনার তারিখ)	কর্মকর্তা/কর্মচারীর সাথে সম্পর্ক	শেয়ারের হার	অগ্রাণ্ড বয়স্ক মনোনীত ব্যক্তির পক্ষে টাকা গ্রহণকারীর নাম ও ঠিকানা

স্বাক্ষর : _____

নাম :

পদবী :

বিভাগ :

তারিখ :

কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর :

নাম :

পদবী :

শাখা / বিভাগ :

তারিখ :

প্রতিস্বাক্ষর :

শাখা প্রধান :

তারিখ :

বিভাগীয় প্রধান :

তারিখ :

বিভাগীয় প্রধান

তারিখ :

সচিব, সিপিএফ ট্রাস্টি বোর্ডের স্বাক্ষর

দ্রষ্টব্য :

- ১) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মনোনয়ন পত্র ০৪ (চার) কপি দাখিল করিতে হইবে। ০১ (এক) কপি প্রশাসন বিভাগে রক্ষিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিগত নথিতে সংরক্ষিত হইবে। অপর ৩ কপির মধ্যে দুই কপি যথাক্রমে সংশ্লিষ্ট বিভাগীয় শাখা প্রধানের কার্যালয় এবং অর্থ বিভাগ/শাখায় রক্ষিত হইবে। অপর কপি সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী নিজে সংরক্ষণ করিবেন।
- ২) সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী মনোনয়ন পত্রের প্রতিলিপি ছক যথাযথ পরিস্কারভাবে পূরণ করিয়া দাখিল করিবেন।
- ৩) মনোনয়ন ঘোষণায় পরিবর্তন করিতে হইলে নতুনভাবে মনোনয়ন পত্র দাখিল করিতে হইবে। সেইক্ষেত্রে পূর্বের মনোনয়ন পত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পেট্রোবাংলার একটি কোম্পানী)



কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল বিধি

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেডের পরিচালকমন্ডলীর ১০/০৭/২০০৬ তারিখে
অনুষ্ঠিত ৮৬তম সভার সিদ্ধান্ত (দফা নং-৬৬২/৮৬/২০০৬) ও ৩০/০৭/২০০৬
তারিখে অনুষ্ঠিত ৮৭তম বোর্ড সভার নিশ্চিতকরনের প্রেক্ষিতে প্রবর্তিত।

প্রধান কার্যালয় : নলকা, সিরাজগঞ্জ।

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
প্রধান কার্যালয় : নলকা, সিরাজগঞ্জ।

কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল বিধি

১। শিরোনাম :

এই বিধি 'পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল বিধি' নামে অভিহিত হইবে।

২। প্রবর্তন :

কোম্পানীর পরিচালকমন্ডলীর ১০/০৭/২০০৬ তারিখে অনুষ্ঠিত ৮৬তম সভার সিদ্ধান্ত ও উক্ত সিদ্ধান্তটি ৩০/০৭/২০০৬ তারিখে অনুষ্ঠিত ৮৭তম সভায় নিশ্চিতকরণের প্রেক্ষিতে এই বিধি ৩০/০৭/২০০৬, ১৫ শ্রাবণ ১৪১৩ তারিখ হইতে কার্যকর হইল এবং ৩(খ) অনুচ্ছেদে বর্ণিত শর্তানুযায়ী কোম্পানীর সকল কর্মকর্তা ও কর্মচারীর ক্ষেত্রে এই বিধি প্রযোজ্য হইবে।

৩। সংজ্ঞাসমূহ :

- ক) 'তহবিল (ফান্ড)' অর্থ পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল।
- খ) 'সদস্য' অর্থ কোম্পানীর যে কোন নিয়মিত কর্মকর্তা/ কর্মচারী যিনি কল্যাণ তহবিল কর্মসূচির আওতায় একজন সদস্য। তবে যে সকল কর্মকর্তা/ কর্মচারী সরকার/ কর্পোরেশন কিংবা অন্য কোন প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত হইয়া কোম্পানীতে প্রে্ষণে কর্মরত এবং কোম্পানীতে চুক্তিভিত্তিক চাকুরীতে নিয়োজিত তাহাদের ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে না।
- গ) 'কোম্পানী' অর্থ পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
- ঘ) 'বোর্ড' অর্থ কোম্পানীর পরিচালনা বোর্ড।
- ঙ) 'সভাপতি' অর্থ দ্বাদশ অনুচ্ছেদ অনুযায়ী গঠিত তহবিল ব্যবস্থাপনা কমিটির সভাপতি।
- চ) 'বেতন (পে)' অর্থ মূল বেতন, বিশেষ বেতন, ব্যক্তিগত বেতন এবং কারিগরী বেতন।
- ছ) 'পরিবার (ফ্যামিলি)' অর্থ সদস্যের স্ত্রী/স্বামী, বৈধ সন্তান এবং পিতা-মাতা।
- জ) 'কমিটি' অর্থ দ্বাদশ অনুচ্ছেদ অনুযায়ী গঠিত তহবিল ব্যবস্থাপনা কমিটি।
- ঝ) 'ব্যবস্থাপনা পরিচালক' (এম. ডি) অর্থ কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক।
- ঞ) 'চিকিৎসা কর্তৃপক্ষ' বলিতে সিভিল সার্জনকে বুঝাইবে। তবে কোম্পানীর নিয়োজিত চিকিৎসক কর্তৃক সংশ্লিষ্ট সদস্য চিকিৎসা কর্তৃপক্ষের নিকট প্রেরিত হইতে হইবে।
- ট) 'প্রতিনিধি' বলিতে নির্দিষ্ট ছকে সদস্য কর্তৃক মনোনীত ব্যক্তি/ ব্যক্তিবর্গকে বুঝাইবে।

নিম্নলিখিত উৎস হইতে তহবিল গঠিত হইবে :

- ক) কোম্পানীর বার্ষিক অনুদান।
- খ) কমিটি কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত হারে সদস্যদের প্রদেয় মাসিক চাঁদা।
- গ) যে কোন সূত্র হইতে গৃহীত দান।
- ঘ) যে কোন এজেন্সি, সংস্থা, বাণিজ্যিক প্রতিষ্ঠান বা ব্যক্তির অনুদান।
- ঙ) কল্যাণ তহবিলের বিনিয়োগকৃত অর্থ হইতে উপার্জিত লাভ, আয় সুদসমূহ এবং
- চ) টেন্ডার সিডিউল বিক্রয়লব্ধ অর্থ, গ্যাস গ্রাহক ও ঠিকাদারদের জমাকৃত জামানত অর্থের উপর অর্জিত সুদ, পুরানো খবরের কাগজের বিক্রয়লব্ধ অর্থ এবং চাকুরীর আবেদনপত্রের সহিত গ্যাস পোস্টাল অর্ডার/ ডিমান্ড ড্রাফট ও গ্যাস বিলের সারচার্জ, ইত্যাদি খাতে কোম্পানীর আয়ের যে পূর্ণ অর্থ বোর্ড কর্তৃক সময়ে সময়ে অত্র তহবিলে বরাদ্দ করা হইবে।

৫। সদস্য পদ :

এই তহবিলে ৩(খ) অনুচ্ছেদে বর্ণিত কোম্পানীর সকল কর্মকর্তা/ কর্মচারীর সদস্য পদ গ্রহণ বাধ্যতামূলক।

৬। সদস্যদের প্রদেয় চাঁদা :

- ক) অত্র তহবিলে প্রত্যেক সদস্য প্রতি মাসে তাঁর মূল বেতনের শতকরা ০১(এক) ভাগের সমান অথবা ৫০.০০ (পঞ্চাশ) টাকা, যাহা কম হয় প্রদানে এবং তহবিলের প্রয়োজনে বর্ধিত হারে চাঁদা দিতে বাধ্য থাকিবেন। চাঁদার অর্থ তাহার বেতন হইতে কর্তনক্রমে যতদূর সম্ভব কর্তন মাসের শেষ দিনের মধ্যে তহবিলে স্থানান্তরিত করিতে হইবে।
- খ) এই মাসিক চাঁদার অর্থ যদি কোন কারণে সদস্যদের বেতন হইতে কর্তন করা সম্ভব না হয় তাহা হইলে কল্যাণ তহবিল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্দিষ্টকৃত পন্থায় সদস্যগণ তাহাদের পরিশোধ্য চাঁদার অর্থ জমা দিবেন। অন্যথায়, কমিটি কর্তৃক গৃহীত পন্থায় অপরিশোধিত চাঁদা খেলাপকারী সদস্যদের নিকট হইতে আদায় করা হইবে।
- গ) কোন সদস্য তাহার অমনযোগ, অবহেলা অথবা ত্রুটি বা অন্যান্য কারণে বেতন না পাওয়ার ফলে তহবিলের চাঁদা পরিশোধে খেলাপকারী হইলেও এই বিধির অধীনে তাহার বা তাহার পরিবারের কল্যাণ তহবিলের সুবিধা প্রাপ্তির অধিকার ক্ষুণ্ণ হইবে না, তবে তাহার অনাদায়ী চাঁদা কল্যাণ অনুদান হইতে কর্তন করা হইবে।
- ঘ) অত্র তহবিলে প্রত্যেক সদস্য হইতে মাসিক ৩/= (তিন) টাকা হারে বিশেষ চাঁদা আদায় করা হইবে এবং আদায়কৃত এই অর্থ অনুচ্ছেদ-১০ এ বর্ণিত বিশেষ অনুদান হিসাবে প্রদান করা হইবে।

৭। মনোনয়ন :

- ক) তহবিলে যোগদানকালে একজন সদস্য তহবিল ব্যবস্থাপনা কমিটির সদস্য-সচিবের নিকট নির্দিষ্ট ছক (পরিশিষ্ট-ক)-এ মনোনয়ন দাখিল করিবেন যে, এই তহবিলে তাহার প্রাপ্য অর্থ প্রাপ্তির পূর্বে তাহার মৃত্যু হইলে মনোনীত ব্যক্তি বা ব্যক্তিবর্গ বা নির্ভরশীল ব্যক্তিবর্গ এই তহবিলের প্রাপ্য অর্থ পাইবার অধিকারী হইবেন।

শর্ত থাকে যে, মনোনয়নকালে সদস্যের যদি পরিবার থাকে তবে তিনি তাহার পরিবারের সদস্যের বাহিরে অন্য কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গকে মনোনয়ন করিতে পারিবেন না।

- খ) যদি কোন সদস্য একাধিক ব্যক্তিকে মনোনয়ন করেন তবে তিনি প্রত্যেক মনোনীত ব্যক্তির প্রাপ্য অর্থ বা অংশ এমনভাবে নির্দিষ্ট করিয়া দিবেন যাহাতে তাহার প্রাপ্য অর্থ মনোনীত ব্যক্তি/ ব্যক্তিবর্গের মধ্যে সম্পূর্ণভাবে বন্টন করা হয়।

- গ) তহবিলের সচিবের নিকট লিখিত নোটিশ প্রদান করিয়া সদস্য যে কোন সময়ে যে কোন মনোনয়ন বাতিল করিতে পারিবেন। তবে, শর্ত থাকে যে, এইরূপ নোটিশের সহিত উপ-বিধি (ক) ও (খ) এর নিয়মাবলী অনুসারে একটি নতুন মনোনয়ন দাখিল করিতে হইবে।
- ঘ) মনোনয়ন প্রদানের পর কোন মনোনীত ব্যক্তির মৃত্যু হইলে নতুন মনোনয়ন দাখিল করিতে হইবে। কোন সদস্যের মৃত্যুর অব্যবহিত পরে সদস্যের অত্র তহবিলে জমাকৃত অর্থ মনোনীত ব্যক্তি/ব্যক্তিগণ কর্তৃক উত্তোলনের পূর্বে কোন মনোনীত ব্যক্তির মৃত্যু ঘটিলে এবং অত্র বিধিতে বিবৃত পরিবারের সংজ্ঞা অনুযায়ী উক্ত মনোনীত ব্যক্তির কোন উত্তরাধীকারী না থাকিলে অপরাপর মনোনীত ব্যক্তি/ব্যক্তিগণ উক্ত মৃত ব্যক্তির প্রাপ্য অর্থ সমানভাবে প্রাপ্য হইবেন।
- ঙ) মনোনয়নকালে সদস্যের পরিবার না থাকিলে যে কোন ব্যক্তিকে মনোনীত করিতে পারিবেন। তবে তিনি (সদস্য) পরিবারভুক্ত হইলে সাথে সাথে তাহার পূর্বের মনোনয়ন বাতিল বলিয়া গণ্য হইবে এবং সেই ক্ষেত্রে তাহাকে পরিবারের সদস্য/সদস্যবর্গকে অন্তর্ভুক্ত করিয়া নতুন মনোনয়ন দাখিল করিতে হইবে। নতুন মনোনয়ন পত্র দাখিল না করিলে সদস্যের পরিবারভুক্ত ব্যক্তিগণ আইনতঃ অংশে জমাকৃত অর্থ পাইবেন।
- চ) সদস্য কর্তৃক প্রদত্ত মনোনয়ন অথবা মনোনয়ন বাতিল সংক্রান্ত নোটিশ তহবিলের সদস্য-সচিব কর্তৃক প্রাপ্তির সাথে সাথে কার্যকর বলিয়া গণ্য হইবে।

৮। চাঁদা প্রত্যাপন :

কোন সদস্য স্বেচ্ছায় চাকুরীতে ইস্তফা প্রদান করিলে বা চাকুরী হইতে অপসারিত (Termination) কিংবা বরখাস্ত হইলে চাকুরীচ্যুতির তারিখ হইতে তাহার সদস্যপদ বাতিল হইয়া যাইবে এবং তহবিলে দশ বৎসরের কম সময়ের জন্য চাঁদা প্রদান করিয়া থাকিলে তাহার নিজের পরিশোধিত চাঁদার অর্থ ফেরত পাইবে না। দশ বা ততোধিক বৎসরের জন্য চাঁদা প্রদান করিলে চাঁদার অর্থ নিম্নোক্তভাবে ফেরত পাইবেনঃ

ক) ১০ (দশ) বৎসর চাঁদা প্রদান পূর্ণ হইলে	:	৭৫%
খ) ১১ (এগার) বৎসর চাঁদা প্রদান পূর্ণ হইলে	:	৮০%
গ) ১২ (বার) বৎসর চাঁদা প্রদান পূর্ণ হইলে	:	৮৫%
ঘ) ১৩ (তের) বৎসর চাঁদা প্রদান পূর্ণ হইলে	:	৯০%
ঙ) ১৪ (চৌদ্দ) বৎসর চাঁদা প্রদান পূর্ণ হইলে	:	৯৫%
চ) ১৫ (পনের) বৎসর চাঁদা প্রদান পূর্ণ হইলে	:	১০০%

তবে শর্ত থাকে যে, চাঁদা প্রদানকালীন সময়ে যদি উক্ত সদস্য তহবিল হইতে কোন প্রকার অনুদান পাইয়া থাকেন (বিশেষ অনুদান ব্যতিত) তাহা হইলে তাহার ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে না।

৯। কল্যাণ তহবিল হইতে অনুদান মঞ্জুরী :

ক) যদি কোন সদস্য -

- ১) শারীরিক কিংবা মানসিক কারণে নির্ধারিত চিকিৎসা কর্তৃপক্ষ কর্তৃক কর্তব্য পালনে অসমর্থ ঘোষিত হন এবং উক্ত কারণে চাকুরী হইতে অপসারিত (Discharge) হন। অথবা,
- ২) চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করেন। অথবা,

৩) যে কোন কারণে চাকুরী হইতে অবসর গ্রহণ করেন, তাহা হইলে অনুচ্ছেদ ৯(খ) অনুসারে (সরকার/বোর্ড কর্তৃক সময়ে সময়ে প্রবর্তিত পরিবর্তন / পরিবর্ধন অনুযায়ী) ১৫(পনের) বৎসর পর্যন্ত কল্যাণ তহবিল হইতে অনুদান পাইবেন। উল্লেখ্য, অনুচ্ছেদ ৯(ক) ১ এবং ৯(ক) ৩ এর ক্ষেত্রে কোন সদস্য কল্যাণ তহবিল হইতে অনুদান প্রাপ্তির ১৫(পনের) বৎসর পূর্ণ হইবার পূর্বে মৃত্যুবরণ করিলে প্রাপ্ত অনুদান মঞ্জুরীর তারিখ হইতে ১৫(পনের) বৎসর পর্যন্ত অনুদান মঞ্জুরী অব্যাহত থাকিবে।

খ) প্রদেয় অনুদানের পরিমাণ :

প্রত্যেক সদস্যকে তাহার প্রাপ্ত বেতন স্কেলের সর্বশেষ ধাপের ২৫% হারে মাসিক অনুদান মঞ্জুর করা হইবে। সদস্যের মৃত্যুজনিত কারণে অনুদানের অর্থ তাহার মনোনীত ও প্রতিনিধিকে প্রদান করা হইবে।

গ) জাতীয় বেতন কাঠামোর যে কোন বেতনক্রমে কর্মরত কোন সদস্যকে (কমিটির সুপারিশ অনুযায়ী) নিম্নোক্ত যে কোন একটি ক্ষেত্রে ব্যয় নির্বাহের জন্য তাহার মূল বেতনের ৩ (তিন) মাসের সপরিমাণ অর্থ অথবা সর্বোচ্চ ১০,০০০/= (দশ হাজার) টাকা, যাহা কম হয়, এককালীন অনুদান চাকুরীজীবনে শুধুমাত্র একবার দেওয়া যাইবে :

- ১) সন্তানের বিবাহ উপলক্ষ্যে। এই ক্ষেত্রে সংশ্লিষ্ট সদস্যের নিয়মিত চাকুরী কোম্পানীত ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসর হইতে হইবে।
- ২) কোন সদস্য কমপক্ষে তিন মাসকাল শয্যাশায়ী থাকাসহ দুর্ঘটনার কারণে দীর্ঘস্থায়ী অসুস্থতা বা অন্য কোন জটিল রোগের অস্ত্রপচার ও রক্তের প্রয়োজনে।
- ৩) মানসিক ব্যাধিতে আক্রান্ত সদস্যের চিকিৎসার জন্য।

১০। বিশেষ অনুদান :

অগ্নিকাণ্ড, জলোচ্ছাস, বন্যা, ঘূর্ণিঝড় বা ভূমিকম্পে আবাসিক গৃহের ব্যাপক ক্ষতি সাধিত হইলে ক্ষতিগ্রস্ত সদস্যকে এই খাতে ৬(ষ) অনুচ্ছেদ অনুযায়ী চাঁদার মাধ্যমে আহরিত তহবিল হইতে এককালীন অনুদান ৫,০০০/= (পাঁচ হাজার) টাকা বিশেষ অনুদান প্রদান করা যাইবে। তবে শর্ত থাকে যে-

- ক) বিশেষ চাঁদা প্রাপ্তি এবং বিশেষ অনুদান সংক্রান্ত তহবিলের হিসাব আলাদাভাবে সংরক্ষণ করিতে হইবে।
- খ) বিশেষ অনুদান প্রদান এই খাতে আহরিত তহবিলের মধ্যে সীমাবদ্ধ থাকিতে হইবে।
- গ) বিশেষ অনুদানের জন্য আবেদনকারীর আবেদন বিবেচনার লক্ষ্যে কমিটি কর্তৃক নির্ধারিত পদ্ধতি এবং অনুদান প্রদানে কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১১। উত্তরণ সুবিধা (Survival Benefit) :

- ক) একজন সদস্য ৬(ক) অনুচ্ছেদ অনুযায়ী কল্যাণ তহবিলে তাহার সেয় মাসিক চাঁদার অতিরিক্ত তাহার বেতনের ১% হারে চাঁদা প্রদানের ইচ্ছা যদি প্রকাশ করেন ও পরিশোধ করেন তাহা হইলে তাহার অবসর গ্রহণের পর তিনি যত বৎসর চাঁদা দিয়েছেন, তত বৎসরের জন্য তাহার শেষ মাসিক বেতনের শতকরা ২০ (বিশ) ভাগ হারে এককালীন অনুদান পাইবে তবে তাহা সর্বসাকুল্য ২৫,০০০/= (পঁচিশ হাজার) টাকার উর্ধ্বে হইবে না।
- খ) উপ-অনুচ্ছেদ-‘ক’ এর আওতায় প্রাপ্য এককালীন অর্থ অনুচ্ছেদ-৯ এর অধীনে কল্যাণ অনুদান প্রাপ্তির অধিকার ক্ষুণ্ণ করিবে না।

২। তহবিল প্রশাসন :

নিম্নোক্তভাবে কল্যাণ তহবিল ব্যবস্থাপনা কমিটি গঠিত হইবে:

ক) মহাব্যবস্থাপক (অর্থ ও প্রশাসন)	- সভাপতি
খ) উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)	- সদস্য
গ) উপ-মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)	- সদস্য -সচিব
ঘ) ব্যবস্থাপক (প্রশাসন)	- সদস্য
ঙ) সভাপতি/ সাধারণ সম্পাদক পশ্চিমাঞ্চল গ্যাস অফিসার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন	- সদস্য
চ) সভাপতি/ সাধারণ সম্পাদক কর্মচারী ইউনিয়ন (সিবিএ)	- সদস্য

৩। কমিটির ক্ষমতা :

- এই বিধির অধীনে বর্ণিত উৎস হইতে তহবিল সংগ্রহ নিশ্চিত করিবে।
- এই বিধির অধীনে কল্যাণ অনুদানের দাবী নিষ্পত্তি করিবে এবং দাবী সংক্রান্ত সকল বিষয়াদি সম্পাদন করিবে।
- এই বিধির শর্তানুযায়ী কল্যাণ তহবিল হইতে সদস্যদের বা তাঁহাদের পরিবারদিগকে অনুদান মঞ্জুর করিবে।
- সকল ক্ষেত্রে সদস্যদের স্বার্থ অক্ষত রাখার নিমিত্তে তহবিলের সুষ্ঠু ব্যবস্থাপনা ও প্রশাসনের প্রয়োজনে সকল নিয়ম-কানুন প্রণয়ন করিবে অথবা প্রণয়নের কার্য দেখাইবে।
- প্রশাসন এবং তহবিল ব্যবস্থাপনার সহিত সম্পৃক্ত খরচাদি মঞ্জুর করিবে।
- সরকার/ বোর্ডের যথাযথ অনুমোদনক্রমে কল্যাণ তহবিলের অর্থ কোন লাভজনক উপায়ে বিনিয়োগ করিবে।
- কমিটি /বোর্ডের অনুমোদনক্রমে বিধির প্রয়োজনীয় সংশোধন করিবে।
- কমিটি তহবিলের স্বার্থে উপরোক্ত ক্ষমতা সম্পর্কে সম্পৃক্ত বা আনুসংগিক সকল বিষয়াদি পালন করিবে বা পালন করার কারণ ঘটাইবে।

৪। কমিটির অধিবেশনসমূহ :

- কমিটির অধিবেশন সাধারণ ও জরুরী হইবে। সাধারণ অধিবেশন কমিটির সভাপতি কর্তৃক নির্ধারিত তারিখে প্রতি তিন মাসে কমপক্ষে একবার অনুষ্ঠিত হইবে। উক্ত তারিখ পূর্ববর্তী অধিবেশনের ৯০(নব্বই) দিনের মধ্যে হইতে হইবে। ইচ্ছাছাড়া কমিটির সভাপতি যে কোন সময়ে কমিটির জরুরী অধিবেশন আহবান করিতে পারিবেন। কমপক্ষে ৫(পাঁচ) জন সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হইবে।
- কমিটির সকল অধিবেশন কমিটির সভাপতি এবং তাঁহার অনুপস্থিতিতে কমিটি সদস্যদের মধ্যে হইতে এতদ উদ্দেশ্যে সভাপতি কর্তৃক মনোনীত ব্যক্তি সভাপতিত্ব করিবেন।
- কমিটি সকল নির্দেশ ও সিদ্ধান্ত কমিটির সভাপতি অথবা সদস্যদের মধ্যে হইত সভাপতি কর্তৃক অধিকারপ্রাপ্ত কোন সদস্যের স্বাক্ষর দ্বারা প্রমাণকৃত হইতে হইবে।
- কমিটির অধিবেশনের সকল বিষয়াদি/প্রশ্ন সংখ্যাগরিষ্ঠ সদস্যদের উপস্থিতিতে ও ভোটের মাধ্যমে মীমাংসিত হইবে এবং সমান সমান ভোটের ক্ষেত্রে কমিটির সভাপতি অথবা যিনি অধিবেশনে সভাপতিত্ব করিয়াছেন তিনি সমর্থন বা নির্ণায়ক (কাষ্টিং) ভোট প্রদান করিবেন।
- অধিবেশনের কোন সিদ্ধান্ত বা কার্যপ্রণালী কমিটির কোন সদস্যের শৃণ্যতা বা কমিটির কোন ক্রটির কারণে অসিদ্ধ হইবে না।

১৫। কমিটির সভাপতি ও সচিবের ক্ষমতা :

- ক) কমিটির সভাপতি এবং সচিব নির্দিষ্টকৃত অথবা বিধানমতে কমিটি কর্তৃক আরোপিত ক্ষমতা ব্যবহার ও কার্যাদি পালন করিবেন।
- খ) জরুরী অবস্থার পরিপ্রেক্ষিতে তহবিলের সভাপতি অনুদান মঞ্জুর করিতে পারিবেন তবে তাহা পরবর্তী অধিবেশনে কমিটির জ্ঞাতার্থে এবং অনুমোদনের জন্য পেশ করিতে হইবে।

১৬। তহবিলের দায়িত্ব :

- ক) বিধি অনুযায়ী সকল ক্ষেত্রে সদস্যদের স্বার্থ অক্ষুন্ন রাখার জন্য কমিটি দায়ী থাকিবেন।

১৭। ছক (ফরম) :

- ক) প্রত্যেক সদস্য নির্দিষ্ট ফরমে মনোনীত ব্যক্তির নাম ঘোষণা প্রদান করিবেন।
- খ) কমিটির নিকট নির্দিষ্ট ফরমে অনুদান প্রাপ্তির আবেদন জমা দিতে হইবে।

১৮। হিসাব পরিচালনা (ব্যাংক অপারেশন) :

- ক) এই কর্মসূচীতে গৃহীত অর্থ/তহবিল ভিন্ন হিসাবে ব্যাংকে গচ্ছিত রাখিতে হইবে যাহা কমিটির সদস্য-সচিবসহ যে কোন দুই জন সদস্য কর্তৃক যুগ্মভাবে পরিচালিত হইবে।

১৯। হিসাব ও নিরীক্ষা :

- ক) কমিটি কর্তৃক সময়ে সময়ে নির্দিষ্টকৃত নিয়মে ও আকারে তহবিলের হিসাব সংরক্ষিত হইবে।
- খ) প্রতি অর্থ বৎসর সমাপনান্তে চার মাসের মধ্যে কোম্পানী নিরীক্ষা সেল তহবিলের হিসাব নিরীক্ষা করিবে এবং কোম্পানীর নিয়মিত হিসাব নিরীক্ষাকালে বহিঃনিরীক্ষক কর্তৃক তহবিলের হিসাব নিরীক্ষিত হইবে এবং ইহার খরচ কোম্পানী বহন করিবে।

২০। কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালকের সার্বিক তত্ত্বাবধান, নিয়ন্ত্রণ ও নির্দেশনানুযায়ী কমিটি বিধিসম্মতভাবে তহবিল পরিচালনা করিবেন।

২১। কোম্পানীর আত্মীকরণ (মার্জার, পুনর্গঠন, রিকনস্ট্রাকশন), সংমিশ্রণ (এমালগেমেশন) ইত্যাদির ক্ষেত্রে সদস্যদের এবং মাসিক অনুদানপ্রাপ্ত প্রাপকের স্বার্থ সংরক্ষণ করিতে হইবে এবং অবসায়ন/অবলুপ্তির ক্ষেত্রে সদস্যদের এবং মাসিক অনুদানপ্রাপ্ত প্রাপকদের নিকট তহবিলের দেনা পরিশোধিত হইবে।



(পরিশিষ্ট-৭)

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
প্রধান কার্যালয় : নলকা, সিরাজগঞ্জ।

উত্তরাধিকারী সংক্রান্ত ঘোষণা পত্র

(কল্যাণ তহবিলের ক্ষেত্রে)

প্রতি
মহাব্যবস্থাপক (অর্থ ও প্রশাসন)
পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
নলকা, সিরাজগঞ্জ।

সহোদয়,
আমার মৃত্যুজনিত কারণে কল্যাণ তহবিল হইতে অনুদানের টাকা/ অন্যান্য সুবিধাদি গ্রহণের জন্য আমি আমার পরিবারের
নমুলিখিত সদস্য/সদস্যবর্গকে উত্তরাধিকারী হিসাবে মনোনীত করিলাম।

ক্রমিক নং	মনোনীত ব্যক্তি/ ব্যক্তিবর্গের পূর্ণাঙ্গ নাম ও ঠিকানা	মনোনীত ব্যক্তির পিতা/ স্বামীর নাম	মনোনীত ব্যক্তির বয়স	কর্মকর্তা/ কর্মচারীদের সহিত সম্পর্ক	অংশের হার (শতকরা হার)

স্বাক্ষর :
নাম :
পদবী :
বিভাগ :
তারিখ :
কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর :
নাম :
পদবী :
বিভাগ :
তারিখ :

প্রতি স্বাক্ষর :
স্বা প্রধান :
তারিখ :

তাগীয় প্রধান :
তারিখ :

মহাব্যবস্থাপক (অর্থ ও প্রশাসন) এর স্বাক্ষর

টকা :

উত্তরাধিকারী সংক্রান্ত ঘোষণাপত্র ০৫(পাঁচ) কপি দাখিল করিতে হইবে। এক কপি কল্যাণ তহবিল ব্যবস্থাপনা কমিটির
মহাব্যবস্থাপক (অর্থ ও প্রশাসন) এর নিকট প্রেরণ করিতে হইবে। অপর চার কপির মধ্যে দুই কপি যথাক্রমে
সংশ্লিষ্ট বিভাগীয়/শাখা প্রধানের কার্যালয়ে এবং হিসাব বিভাগ/ শাখায় রক্ষিত হইবে। চতুর্থ কপি পার্সোনাল বিভাগে
রক্ষিত সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীর ব্যক্তিগত নথিতে সংরক্ষিত হইবে। পঞ্চম কপি কর্মকর্তা/ কর্মচারী নিজে সংরক্ষণ
করিবেন।

কল্যাণ তহবিল বিধি অনুযায়ী পরিবারের সদস্য বলিতে স্ত্রী/ স্বামী, পিতা-মাতা ও বৈধ সন্তানকে বুঝাইবে।

সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী ঘোষণাপত্রের ছকটি যথাযথ ও পরিষ্কারভাবে পূরণ করিয়া দাখিল করিবেন।

THE COMPANIES ACT, 1994

A PUBLIC COMPANY LIMITED BY SHARES



MEMORANDUM

AND

ARTICLES OF ASSOCIATION

OF

পশ্চিম মেঘনা গ্যাস কোম্পানী লিমিটেড
অভ্যন্তরীণ কল্যাণ।

PASHCHIMANCHAL GAS COMPANY LIMITED

[Handwritten signature]
60/12/2017
পশ্চিম মেঘনা গ্যাস কোম্পানী লিমিটেড
অভ্যন্তরীণ কল্যাণ।

Issue dt. 29.11.99 No. 84



Certificate of Incorporation

No. Raj-C-190/1999

I hereby certify that Daskhimanchal Gas
Company Limited. ☒
☒ ☒ ☒



is this day incorporated under the Companies Act (Act XVIII) of 1994 and that the Company is Limited.

Given under my hand at Rajshahi
this 29th day of November.
One thousand nine hundred and ninety nine.


Asstt. Registrar of Joint Stock Companies
Rajshahi, Bangladesh.

নং-৬৩০ গং ঢাকা জেলা জমিদারি— চত ৩০/১১/৭৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



বিশ টাকা

চ ৮১৭৮০০২



Memorandum of Association
OF

Parhehmanchal Gas Company Limited

পবিত্র নবল বলিয়া
প্রচার করা হইল।

স্বাক্ষরিত ও মোহরিত
৩০/১১/৭৭

স্বাক্ষরিত ও মোহরিত
৩০/১১/৭৭
স্বাক্ষরিত ও মোহরিত
৩০/১১/৭৭

THE COMPANIES ACT, 1994
PUBLIC COMPANY LIMITED BY SHARES
MEMORANDUM OF ASSOCIATION
OF
PASHCHIMANCHAL GAS COMPANY LIMITED



1. The name of the Company is PASHCHIMANCHAL GAS COMPANY LIMITED.

2. The Registered office of the Company will be situated at Daka, Kamarkhand, Sirajganj, Bangladesh.

3. The objects for which the Company is established are to make economic use of the natural gas available from the gas fields at Eastern Zone of Bangladesh or such other gas fields as may be decided upon by the Government/Petrobangla from time to time within the franchise area of the company comprising the administrative division of Rajshahi or any such area as may be decided upon by the Government/Petrobangla and for that purpose to construct, manufacture, own, operate, equip, improve, develop, control, lay, buy, lease, sell and maintain natural gas wells, wellhead facilities, processing units, pipelines tanks and other storage facilities, to carry on in all their respective branches all or any of the businesses of extracting producing, processing, buying, storing, transporting, transmitting, distributing, supplying, marketing and selling natural gas whether as such or in a compressed state for lighting, heating, motive power generation of electricity and for use as a feed-stock raw material or for the production or manufacture of petrochemicals or any other purpose whatsoever in Bangladesh and so far as may be conducive to the said objects or convenient or advantageous in furtherance thereof to do all or any of the acts or things set out in the ensuing paragraphs of this clause, that is to say :-

वरिष्ठ नवल दलित
 अन्तरगत कडा प्रयोग

1) to execute any such documents with any agency-national, foreign or international and to do any such acts and things as may be necessary for the Company to operate successfully;

2) to carry on all or any of the businesses of consignees and agents for sale of, dealers in, and refiners of natural gas and any component, constituent, product or by product thereof and other kindred businesses, wharfinger merchants, carriers, shipowners

1.
 नरकारी अधिकारी
 पश्चिमाञ्चल गैस कम्पनी लि. काठमाडौं
 नेपाल

and contractors, and charters, lightermen, bargeowners, factors and brokers in all or any of their branches and to treat and turn to account in any manner whatsoever natural gas or any component, constituent, product or by-product thereof;

3) to carry on the business of natural gas engineers and manufacturers and dealers in natural gas apparatus and goods and the manufacture, repair, sale or hire of apparatus and goods to which the application of natural gas is or may be useful or convenient and any other business of like nature;

4) to manufacture, sell, deal in, let for hire, fix, repair and remove natural gas apparatus, appliances and fittings, engines, apparatus for testing and measurement, meters, stoves, cookers, gas rings, ranges, pipes, mains for lighting, heating, motive power, ventilation, cooking, refrigerating or any other purpose;

5) to manufacture, construct, equip, maintain, erect, lay, repair, alter and remove pressure control metering stations, gas works and works connected therewith all necessary machinery's and apparatus, pipes, mains, meters, conduits, service pipes, lamp posts, pillars, posts and other materials and apparatus for supplying gas for heating, lighting, motive power for industrial, commercial, domestic and any other purpose whatsoever;

6) to own, purchase, acquire, lease, build, erect, install, establish, operate and maintain plants, laboratories, equipment, apparatus and other facilities for the purpose of distilling, refining, treating and processing natural gas and preparing therefrom products and by-products of any kind and of producing substances necessary in connection with operated in the distilling, refining, treating and processing as aforesaid, or conveniently used and connection therewith;

7) to purchase, take on lease or in exchange, or otherwise acquire any lands and to lay out, improve and prepare the same for building or commercial purpose; to sell, mortgage or let the same; to construct, alter, repair, pull down, decorate, maintain, furnish, fill up and improve buildings; to lay out, construct and pave roads, streets, alleys, paths and walks; to drain, improve and landscape grounds and to advance money to, and enter into contracts and arrangements of all kinds with builders, property owners, tenants and others;

8) to clear, manage, farm, cultivate, irrigate, and otherwise work or use any lands over which the Company has any rights and to dispose of or otherwise deal with any farm

or other products of any such lands, and to lay out sites for and established temporary or permanent camps, towns and villages or any such lands ;

9) to own, acquire, construct, establish, install, layout, improve maintain, work, manage, operate, carry out or control or aid in, contribute or subscribe to the construction, erection, maintenance and improvement or working of any roads, ways, tramways, railways, airdromes and landing fields, docks, harbor, piers, bridges, jetties, breakwater, dredging facilities, mooring, harbor abutments, viaducts, aqueducts, canals, water sources, tanks, storage installations, pipes, pipelines, telegraphs, telephones, wireless, gas works, steam works, electric lighting and power works, power houses, laboratories, factories, mills, foundries, workshops, machine shops, warehouses, shops, stores, fuel stores, hangers, garages, guard towers, machinery and other appliances, clubs, restaurants, lodging houses, baths, places of workshops, hospitals, dispensaries, places of amusement, parks, gardens, reading rooms, dwelling houses, office and other building works and convenience which may be calculated, directly or indirectly, to advance the Company's interest and to contribute, to subsidies or otherwise assist or take part in the construction, improvement, maintenance, working management, carrying out or control thereof , and to take any lease or enter into any working agreement in respect thereof ;

10) to purchase, build, charter, affright, hire and let out for hire, or for chartering and affreightment, and otherwise to obtain the possession of, and use, operate and dispose of and employ or turn to account ships, lighters, barges, tugs, launches, boats and vessels of all kinds (including tank vessels), automobiles, lorries, motor trucks, and tractors, airplanes locomotives, wagons, tank cars, and other rolling stock, and otherwise to provide for and employ the same in the conveyance of natural gas and its products, and the transportation of personnel, employees, customers and visitors, and to purchase or otherwise to acquire any shares or interests in any ships or vessels, airplanes, railways, motor transportation, or in any companies possessed of or interested in any ships, vessels, airplanes, railways and motor transportation ;

अधिकृत प्रमुख अधिकारी
अधिकृत कक्षा में

11) to purchase, acquire, take on lease or tenancy, sell, dispose of, mortgage, or let any estate or interest in, and to take and acquire options over any property, real or personal, or rights of any kind which appear to be necessary or convenient for any business of the Company and to develop, improve, turn to account, deal with lease, mortgage, sell or otherwise dispose of the same in such manner as may be thought expedient;

12) to apply for, obtain, own, register, renew, purchase, take on lease or in exchange or otherwise to acquire, and to use, own, produce under, manufacture, operate and introduce, and to sell, assign, grant licence, turn account to and deal with or otherwise dispose of patents, patent rights, brevets d'invention, inventions, improvements, formulae and processes used in connection with or secured under letters patent of any Government or country in the world, including licences, concessions and the like, conferring a full, non-exclusive or limited right to use any secret, or other information as to any invention which may seem capable of being used for any of the purposes of the Company, and to use, exercise, develop, disclaim, alter or modify, grant licences in respect of, or otherwise turn to account the property, rights and information so acquired, also to acquire, use, register, assign and dispose of trade marks, trade names, registered or other designs, rights of copyright, or other rights or privileges in relation to any business carried on by the Company;

13) to spend money in experimenting on testing, improving or seeking, to improve any inventions, discoveries, processes or information which the company may have or propose to acquire, and to finance inventors or research workers for the purpose of enabling them to carry on research work, investigations, inventions, processes and to test or perfect their inventions;

14) to buy, sell, manufacture, repair, alter, improve or otherwise treat, exchange, hire, let out on hire, import, export and deal in all works, plant, machinery, tools, utensils, appliances and equipment, apparatus, products, materials, substances, articles and things capable of being used in any such business aforesaid, or required by any customers of or persons having dealings with the Company, or any such other Company or body as aforesaid or commonly dealt in by persons engaged in any such business, or which may seem capable of being profitably dealt with in connection with any of the said businesses, and to manufacture, experiment with, render marketable and otherwise treat and deal in all products and residual by-product incidental to or obtained or capable of being made use of in any of the businesses carried on by the company or any such other company or body as aforesaid;

15) to purchase or otherwise acquire and undertake, wholly or in part for cash, shares, stock, debenture stock or other securities or otherwise howsoever, all or any part of or any interest in the business or property and liabilities of any person, firm or company

21) to open current or fixed or overdraft or loan or cash credit accounts with any Bank, Banker or Merchant, and to pay into and to draw out money from such accounts;

22) to receive from any person or persons or from any firm, association, partnership or corporate body, whether a member or members, director or directors, employee or employees of the company or otherwise, money or securities on deposit at interest or for safe custody or otherwise;

৪	ব্যবস্থাপক / অফিসার ইন্চার্জ	অনুর্ব ৫৪ বৎসর	(ক) ক্রমিক নং ৫-এ বর্ণিত পদ ইইতে পদোন্নতির মাধ্যমে। (খ) বিভাগীয় উপযুক্ত দায়ী পাওয়া না গেলে সরকারি নিয়োগের মাধ্যমে।	প্রশাসনিক/ব্যবস্থাপনা ক্ষেত্রে সারকারী/ আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ১২ বৎসরের অভিজ্ঞতাসম্মত প্রাক্কোত্তর/ নিম্নলিখিত।	সরকারী/ আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ১ বৎসরের অভিজ্ঞতাসম্মত পূর্বতন পদে প্রাক্কোত্তর সময়কাল কমপক্ষে ৩ বৎসরসহ যুক্ততম প্রাক্কোত্তর।
৫	উপ-ব্যবস্থাপক	অনুর্ব ৫৬ বৎসর	(ক) ক্রমিক নং ৬-এ বর্ণিত পদ ইইতে ৬৭% পদোন্নতির মাধ্যমে। (খ) ৩৩% সরকারি নিয়োগের মাধ্যমে। তবে, পদোন্নতি বা নিয়োগের জন্য উপযুক্ত দায়ী পাওয়া না গেলে উন্নীত হওয়ার সন্তোষকর করা যাবে।	প্রশাসনিক/ব্যবস্থাপনা ক্ষেত্রে সারকারী/ আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ৭ বৎসরের অভিজ্ঞতাসম্মত প্রাক্কোত্তর/ নিম্নলিখিত।	সরকারী/ আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ৪ বৎসরের অভিজ্ঞতাসম্মত পূর্বতন পদে প্রাক্কোত্তর।

[সংস্করণ ১ম, ১৯৯০]
(সূচিকাংশ ২ (৯) নীতি)

ক্রমিক সং.	সেবার নাম	সমসংখ্যক নিয়োগের সময় (বছর/মাস)	নিয়োগ পদ্ধতি	সমসংখ্যক নিয়োগের ১. বয়সসীমা	সমসংখ্যক নিয়োগের ২. বয়সসীমা
১	সহকারী পরিদর্শক	অনুল ৩৬ বছর	(ক) ক্রমিক নং ৭-এ বর্ণিত মূল ইচ্ছা ৩০% পদোন্নতির মাধ্যমে। (খ) ৬৭% সমসংখ্যক নিয়োগের মাধ্যমে। অর্থাৎ, পদোন্নতি বা নিয়োগের জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে উপস্থিতিত ইচ্ছার ব্যতিক্রম করা হইবে।	কমপক্ষে প্রার্থীকে প্রাক্কালে বা প্রাক্কালেই নিয়োগ দিতে হবে।	(ক) প্রাক্কাল বা অন্তিম বা সমসংখ্যক নি. যোগের অফিসারদের ক্ষেত্রে পূর্ব পদে চাকরীর সময়কাল কমপক্ষে ৩ বছর। (খ) অফিসার নিয়োগের ক্ষেত্রে অফিসারদের ক্ষেত্রে পূর্বতন পদে চাকরীর সময়কাল কমপক্ষে ৫ বছর।
২	সহকারী পরিদর্শক	অনুল ৩৬ বছর	(ক) ক্রমিক নং ৮-এ বর্ণিত পদসমূহ ইচ্ছা ৩০% পদোন্নতির মাধ্যমে। (খ) ৬৭% সমসংখ্যক নিয়োগের মাধ্যমে। অর্থাৎ, পদোন্নতি বা নিয়োগের জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে উপস্থিতিত ইচ্ছার ব্যতিক্রম করা হইবে।	প্রাক্কালে বা অন্তিম বা সমসংখ্যক নিয়োগের ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা।	(ক) প্রাক্কাল বা অন্তিম বা সমসংখ্যক নিয়োগের ক্ষেত্রে পূর্বতন পদে চাকরীর সময়কাল কমপক্ষে ৩ বছর। (খ) এইচএসসি বা সমসংখ্যক নিয়োগের ক্ষেত্রে পূর্বতন পদে চাকরীর সময়কাল কমপক্ষে ৫ বছর। (গ) এসএসসি বা সমসংখ্যক নিয়োগের ক্ষেত্রে পূর্বতন পদে চাকরীর সময়কাল কমপক্ষে ৭ বছর।
৩	সহকারী পরিদর্শক	অনুল ৩৬ বছর	সমসংখ্যক নিয়োগের মাধ্যমে।	প্রাক্কাল বা অন্তিম বা সমসংখ্যক নিয়োগের ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা।	---
৪	সহকারী পরিদর্শক	অনুল ৩৬ বছর	সমসংখ্যক নিয়োগের মাধ্যমে।	প্রাক্কাল বা অন্তিম বা সমসংখ্যক নিয়োগের ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা।	---
৫	সহকারী পরিদর্শক	অনুল ৩৬ বছর	সমসংখ্যক নিয়োগের মাধ্যমে।	প্রাক্কাল বা অন্তিম বা সমসংখ্যক নিয়োগের ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা।	---

(সেচ্ছাসেবকের মনুস্কী কোম্পানী)
 প্রথম অধ্যায় : পদবি, শিক্ষাপত্র
 নিয়োগ ও পদোন্নতি সম্পর্কিত তথ্যসমূহ
 (প্রবিধান ২ (৯) দ্রষ্টব্য)

ক্রমিক নং	পদের নাম	সম্পর্কিত নিয়োগের অন্য বস্তুনিষ্ঠতা	নিয়োগ পদ্ধতি	সম্পর্কিত নিয়োগের ক্ষেত্র যোগ্যতা	পদোন্নতির জন্য যোগ্যতা
(ঘ) কারিগরী ক্যাডারঃ					
১১	মহাকাশচালক	অনুষ্ঠ ৪৬ বৎসর	(ক) ক্রমিক নং ১২-এ বর্ণিত পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) বিদ্যমান উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে সাময়িক নিয়োগের মাধ্যমে।	সম্পূর্ণরূপে সনাক্ত/অন্য-সনাক্ত/স্বাক্ষরিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ১৬ বৎসরের অভিজ্ঞতাসম্মেত কমপক্ষে দ্বিতীয় শ্রেণিতে বিএসসি ইন্ট্রিনিগারিং ডিগ্রী।	সনাক্ত/অন্য-সনাক্ত/ স্বাক্ষরিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ১৪ বৎসরের অভিজ্ঞতাসম্মেত পূর্বতন পদে কমপক্ষে ৩ বৎসরসহ ন্যূনতম প্রাপ্তক ডিগ্রী।
১২	উপ-মহাকাশচালক	অনুষ্ঠ ৪৬ বৎসর	ক্রমিক নং ১৩-এ বর্ণিত পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	সম্পূর্ণরূপে সনাক্ত/অন্য-সনাক্ত/স্বাক্ষরিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ১৪ বৎসরের অভিজ্ঞতাসম্মেত কমপক্ষে দ্বিতীয় শ্রেণিতে বিএসসি ইন্ট্রিনিগারিং ডিগ্রী।	সনাক্ত/অন্য-সনাক্ত/ স্বাক্ষরিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ১২ বৎসরের অভিজ্ঞতাসম্মেত পূর্বতন পদে চাকুরীর সময়কাল কমপক্ষে ৩ বৎসরসহ ন্যূনতম প্রাপ্তক ডিগ্রী।
১৩	বহুবাহিনী	অনুষ্ঠ ৪৬ বৎসর	(ক) ক্রমিক নং ১৪-এ বর্ণিত পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) বিদ্যমান উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে সাময়িক নিয়োগের মাধ্যমে।	সম্পূর্ণরূপে সনাক্ত/অন্য-সনাক্ত/স্বাক্ষরিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ১২ বৎসরের অভিজ্ঞতাসম্মেত বিএসসি ইন্ট্রিনিগারিং ডিগ্রী।	(ক) প্রাপ্তক ও তদুপরি বা সমমানের শিক্ষাগত যোগ্যতা অধীনকারীদের ক্ষেত্রে সনাক্ত/অন্য-সনাক্ত/স্বাক্ষরিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ৭ বৎসরের অভিজ্ঞতাসম্মেত পূর্বতন পদে চাকুরীর সময়কাল কমপক্ষে ৩ বৎসর। (খ) ৩ বৎসর মোট দ্বিপ্রশ্ন-ইন-ইন্ট্রিনিগারিং বা সমমানের শিক্ষাগত যোগ্যতা অধীনকারীদের ক্ষেত্রে সনাক্ত/অন্য-সনাক্ত/স্বাক্ষরিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে '১০' বৎসরের অভিজ্ঞতাসম্মেত পূর্বতন পদে চাকুরীর সময়কাল কমপক্ষে ৪ বৎসর।

(সংসদীয় নির্বাচন আইন, ১৯৭৩)
 নির্বাচন আইন, ১৯৭৩, বিধানসভা।
নিয়োগ ও পদোন্নতি সম্পর্কিত তফসীল
 (বিধান ২ (৯) ধারা)

ক্রমিক নং	পদের নাম	সরকারি নিয়োগের অন্য বাকী	নিয়োগ পদ্ধতি	সরকারি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা	পদোন্নতির অন্য যোগ্যতা
১৬	উপ-সচিব	অন্য ১০ জন	(ক) ক্রমিক নং ১৫-এ বর্ণিত পদ হইতে ৬৭% পদোন্নতির মাধ্যমে। (খ) ৩৩% সরকারি নিয়োগের মাধ্যমে। তবে, নিয়োগ বা পদোন্নতির জন্য প্রার্থী পাওয়া না গেলে এই ব্যবস্থা ব্যতিক্রম করা যাইবে।	সরকারি ক্ষেত্রে সরকারী/আন-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কর্মরত ও সংসদে অধিবেশন করিতে।	(ক) প্রাক্তন ও বর্তমান সরকারের নিয়োগিত যোগ্যতা অধিকারীসহ ক্ষেত্রে সরকারী/আন-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কর্মরত ও সংসদে অধিবেশন। (খ) ৬ মাসের মোটামুটি নিয়োগ-ইন-ইন্টারমিডিয়েট বা স্বায়ত্বশাসিত নিয়োগিত যোগ্যতা অধিকারীসহ ক্ষেত্রে সরকারী/আন-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কর্মরত ও সংসদে অধিবেশন।
১৭	সহকারী প্রকৌশলী/সহকারী ব্যবস্থাপক (কমিশনারী)/মেডিক্যাল অফিসার	অন্য ১০ জন	(ক) সহকারী প্রকৌশলী পদে ক্রমিক নং ১৬-এ বর্ণিত উপ-সচিব প্রকৌশলী পদ হইতে ৩৩% পদোন্নতির মাধ্যমে। (খ) সহকারী প্রকৌশলী পদে ৬৭% সরকারি নিয়োগের মাধ্যমে। (গ) সহকারী ব্যবস্থাপক (কমিশনারী) পদে ১৬-এ বর্ণিত উপ-সচিব কমিশনারী কর্মকর্তা পদ হইতে ৩৩% পদোন্নতির মাধ্যমে। (ঘ) সহকারী ব্যবস্থাপক (কমিশনারী) পদে ৬৭% সরকারি নিয়োগের মাধ্যমে। তবে, সহকারী প্রকৌশলী/সহকারী ব্যবস্থাপক (কমিশনারী) পদে নিয়োগ বা পদোন্নতির জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে উল্লিখিত হাতে ব্যতিক্রম করা যাইবে। (ঙ) মেডিক্যাল অফিসার পদে সরকারি নিয়োগের মাধ্যমে।	(ক) সরকারি ক্ষেত্রে বিএনপি ইন্টারমিডিয়েট ডিগ্রী অথবা ৫ বছরের অধিকতর সময়ের সরকারি ক্ষেত্রে ১৬-এ বর্ণিত উপ-সচিব হইতে। (খ) সহকারী ব্যবস্থাপক (কমিশনারী) পদের জন্য নথিই বিহীন প্রথম শ্রেণীতে প্রাক্তনদের অধিবেশন প্রার্থীতে প্রাক্তনদের সহিত নথিই বিহীন প্রার্থী। (গ) মেডিক্যাল অফিসার পদের জন্য এমবিবিএস।	পূর্বতন পদে প্রাক্তন সরকারি কর্মরত ও বর্তমান।

নিয়োগ ও পদোন্নতি সম্পর্কিত তফসীল
(শবিধান ২ (৯) চূড়ান্ত)

ক্রমিক নং	পদের নাম	সরকারি নিয়োগের জন্য বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	সরকারি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা	পদোন্নতির জন্য যোগ্যতা
১৬	উপ-সহকারী প্রকৌশলী / উপ-সহকারী করিশপী কর্মকর্তা	অনুষ্ঠ ৩০ বৎসর	(ক) ক্রমিক নং ১৬-এ বর্ণিত পদ হইতে ৩০% পদোন্নতির মাধ্যমে। (খ) ৬৭% সরকারি নিয়োগের মাধ্যমে। অর্থাৎ, নিয়োগ বা পদোন্নতির জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে উল্লিখিত হারের ব্যতিক্রম করা হইবে।	(ক) উপ-সহকারী প্রকৌশলী পদের জন্য জিগ্রাফ-ইন-ইন্ট্রিনিয়াকিং ডিগ্রী। (খ) অন্যান্য পদের জন্য বিএসসি ডিগ্রী।	(ক) প্রাপ্ত ও তদুর্দ্ধ বা সমমানের শিক্ষাগত যোগ্যতা অর্জনকারীদের ক্ষেত্রে পূর্বতন পদে চাকরীর সময়কাল কমপক্ষে ৩ বৎসর। (খ) এইচ-এসসি বা সমমানের শিক্ষাগত যোগ্যতা অর্জনকারীদের ক্ষেত্রে পূর্বতন পদে চাকরীর সময়কাল কমপক্ষে ৩ বৎসর। (গ) এস-এসসি বা সমমানের শিক্ষাগত যোগ্যতা অর্জনকারীদের ক্ষেত্রে পূর্বতন পদে চাকরীর সময়কাল কমপক্ষে ৭ বৎসর।
১৭	জ্যেষ্ঠকোষ সহকারী	অনুষ্ঠ ৩০ বৎসর	সরকারি নিয়োগের মাধ্যমে।	সরকারি ক্ষেত্রে ২ বৎসরের বাতুল অভিজ্ঞতাসম্মত ডিগ্রীমা পাশ।	---
১৮	টেকনিশিয়ান	অনুষ্ঠ ৩০ বৎসর	(ক) ক্রমিক নং ১৮-এ বর্ণিত পদ সমূহ হইতে ৬৭% পদোন্নতির মাধ্যমে। (খ) ৩৩% সরকারি নিয়োগের মাধ্যমে। অর্থাৎ, পদোন্নতি বা নিয়োগের জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে উল্লিখিত হারের ব্যতিক্রম করা হইবে।	করিশপী বিষয়ে ডিগ্রীমা/ অনুমোদিত সার্টিফিকেট কোর্স পাশ ও <u>অনুমেদিত সার্টিফিকেট</u> ২ বৎসরের অভিজ্ঞতা।	পূর্বতন পদে চাকরীর সময়কাল কমপক্ষে ৩ বৎসরসহ সার্টিফিকেট করিশপী বিষয়ে অনুমোদিত ট্রেড/সার্টিফিকেট কোর্সসহ অনুমোদিত সার্টিফিকেট হইতে প্রাপ্তকৃত নথিসম্মত আবশ্যক।
১৯	জেনারেল অফিসার/পাশ অফিসার/সুনিয়ন্ত্রিত টেকনিশিয়ান	অনুষ্ঠ ৩০ বৎসর	সরকারি নিয়োগের মাধ্যমে।	(ক) জেনারেল অফিসার পদের জন্য আইস শ্রেণী এবং সার্টিফিকেট করিশপী বিষয়ে অনুমোদিত ট্রেড/সার্টিফিকেট কোর্সসহ কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতা। (খ) পাশ অফিসার/সুনিয়ন্ত্রিত টেকনিশিয়ান পদের জন্য আইস শ্রেণী পাশ এবং সার্টিফিকেট কোর্সসহ ১ বৎসরের অভিজ্ঞতাসম্মত অনুমোদিত ট্রেড/ সার্টিফিকেট কোর্স।	---

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোলিয়ামের একটি কোম্পানী)

স্থান কার্যালয় : ঢাকা, গিরজাপুর।

নিয়োগ ও পদোন্নতি সম্পর্কিত তফসীল

(বিধান ২ (৯) দৃষ্টব্য)

ক্রমিক সং.	পদের নাম	সরকারি নিয়োগের অন্য বৈশিষ্ট্য	নিয়োগ পদ্ধতি	সরকারি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা	পদোন্নতির জন্য যোগ্যতা
(৬) হিসাব ক্যাডারঃ					
১০	উপ-অধ্যক্ষ/অধ্যক্ষ	অনুষ্ঠ ৯৬ বৎসর	(৩) ক্রমিক নং ২১-এ বর্ণিত পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (৪) বিভাগীয় উপযুক্ত প্রার্থী বা পাওয়া গেলে সরকারি নিয়োগের মাধ্যমে।	বর্ণনামূলক বিষয়ে সরকারী/ আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ১৪ বৎসরের অভিজ্ঞতাসম্মত সর্বাঙ্গীণ বিষয়ে স্নাতকোত্তর/বিএ/আইসিএমএ/এমবিএ।	সরকারী/আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ১২ বৎসরের অভিজ্ঞতাসম্মত পূর্বতন পদে চাকরীর সম্যকাল কমপক্ষে ৩ বৎসরের ন্যূনতম প্রাপ্তক যিহী।
১১	অধ্যক্ষ/অধ্যক্ষ	অনুষ্ঠ ৯৬ বৎসর	(৩) ক্রমিক নং ২২-এ বর্ণিত পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (৪) বিভাগীয় উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে সরকারি নিয়োগের মাধ্যমে।	বর্ণনামূলক বিষয়ে সরকারী/ আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ১২ বৎসরের অভিজ্ঞতাসম্মত সর্বাঙ্গীণ বিষয়ে স্নাতকোত্তর/বিএ/আইসিএমএ/এমবিএ।	সরকারী/আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ৭ বৎসরের অভিজ্ঞতাসম্মত পূর্বতন পদে চাকরীর সম্যকাল কমপক্ষে ৩ বৎসরের ন্যূনতম প্রাপ্তক যিহী।
১২	উপ-সহকারী	অনুষ্ঠ ৯৬ বৎসর	(৩) ক্রমিক নং ২৩-এ বর্ণিত পদ হইতে ৬৭% পদোন্নতির মাধ্যমে। (৪) ৩৩% সরকারি নিয়োগের মাধ্যমে। তবে, পদোন্নতি বা নিয়োগের জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে উল্লিখিত হরের ব্যতিক্রম করা যাইবে।	বর্ণনামূলক বিষয়ে সরকারী/ আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ৭ বৎসরের অভিজ্ঞতাসম্মত দ্বিতীয় শ্রেণীতে সর্বাঙ্গীণ বিষয়ে স্নাতকোত্তর/বিএ/আইসিএমএ (ইউজিবি/ইউজিবি/এমবিএ)।	সরকারী/আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ৪ বৎসরের অভিজ্ঞতাসম্মত ন্যূনতম প্রাপ্তক যিহী।
১৩	সহকারী ব্যবস্থাপক	অনুষ্ঠ ৯৬ বৎসর	(৩) ক্রমিক নং ২৪-এ বর্ণিত পদ হইতে ৩৩% পদোন্নতির মাধ্যমে। (৪) ৬৭% সরকারি নিয়োগের মাধ্যমে। তবে, পদোন্নতি বা নিয়োগের জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে উল্লিখিত হরের ব্যতিক্রম করা যাইবে।	বর্ণনামূলক বিষয়ে প্রথম শ্রেণীতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণীতে সর্বাঙ্গীণ বিষয়ে স্নাতকোত্তর/বিএ/আইসিএমএ (ইউজিবি/ইউজিবি/এমবিএ)।	ক) স্নাতক ও তদুপরি বা সমমানের শিক্ষণত যোগ্যতা অর্জনকারীদের ক্ষেত্রে পূর্বতন পদে চাকরীর সম্যকাল কমপক্ষে ৩ বৎসর। (খ) অন্যান্য শিক্ষণত যোগ্যতা অর্জনকারীদের ক্ষেত্রে পূর্বতন পদে চাকরীর সম্যকাল কমপক্ষে ৫ বৎসর।
১৪	সহকারী কর্মকর্তা	অনুষ্ঠ ৯৬ বৎসর	সরকারি নিয়োগের মাধ্যমে।	বর্ণনামূলক বিষয়ে স্নাতকোত্তর অথবা সর্বাঙ্গীণ ক্ষেত্রে ৩ বৎসরের অভিজ্ঞতাসম্মত বি.সি।	...

২১৮. এম. এ বাড়ী সড়ক, সোনাডাঙ্গা, খুলনা-৯১০০।

2,00। সংজ্ঞা :

- 0.001
- सुन्दर
- 3

- ৪.০০। ফেল্পসনির যানবাহন ব্যবহার :

- 2/3

এম. এম. মুহম্মদ রাহমান
উপ-বাহাদুর (প্রিন্সিপাল নাজিম)

[Signature]

২৬/১১/১৭
একটি মোঃ আব্দুল হক পাটওয়ারী
মহাসচিব (মহাসচিব)

(৪) উপ-ব্যবস্থাপক, সহকারী ব্যবস্থাপক ও সহকারী কর্মকর্তা পদমজলার কর্মকর্তাগণসহ মহাপ্রাচীরের আয়তন স্মারক নং-২৮/০০.০০০০০.০২৯, ০১.০১.১৫/১৭, তারিখ: ২০/০১/২০১৬ এর মাধ্যমে প্রাপ্ত সিদ্ধান্তের আলোকে মূল বেতনের ১৫% হারে অবধা করতীম এর আওতায় গাড়ির সুবিধা অথবা নবল কর্মকর্তাদের নির্ধারিত হাটে প্রাপ্যতা সাপেক্ষে অবিলম্বে যানস্বত্বের জন্য ভাড়াবৃত্ত মাইক্রোবাস/মিনিবাস/টাক্সি এর মাধ্যমে নির্দিষ্ট সুবিধা প্রাপ্ত হবেন। প্রতি কিমি ০.৪০ পয়সা হারে বেতন হতে কর্তনযোগ্য হবে।

(৫) কোম্পানীর বিভিন্ন স্থাপনায়/আঞ্চলিক কার্যালয়ে ব্যবহৃত গাড়িসমূহের ক্ষেত্রে সিএনজি দুঃপ্রাপ্যতাবাহু যে পরিমাণ জ্বালানী তৈল ব্যবহার হবে তার মূল্য সন্তোষ কর্মকর্তাকে Reimbursement দেয়া হবে। তবে, সংযুক্ত গাড়ি যাকিগত কাজে ঢাকা/খুলনার বাইরে গেলে মাসিক প্রাপ্য ৩০০ (তিনশত) ঘনমিটার সিএনজি/২১০ লিটার পেট্রোল/অকটোন/ডিজেল এর অতিরিক্ত জ্বালানী ব্যবহৃত হলে অতিরিক্ত জ্বালানীর অর্থ সন্তোষ কর্মকর্তা বহন করবেন। (1 CM CNG = 1.23 L Petrol/Octane)।

(৬) প্রতিটি গাড়িতে মাসিক ইম্যাকুত সিএনজি/পেট্রোল/অকটোন এবং গাড়ির প্রতিমাসের অতিরিক্ত দুরত্বের একটি বিবরণী প্রত্যেক ক্ষেত্রে গাড়ি অধিচালনায় পরবর্তী মাসের ০৭(সাত) তারিখের মধ্যে গাড়ি ব্যবহারকারী কর্তৃক প্রত্যাহারপূর্বক যানবাহন ও রক্ষণাবেক্ষণ খরচা প্রেরণ করতে হবে।

(৭) গাড়ি ব্যবহারের পর ব্যবহারকারী সন্তোষ কর্মকর্তা যথাযথভাবে প্রতিদিন লগবই পূরণ করবেন এবং যানবাহনে স্বাক্ষর করবেন।

(৮) প্রাধিকারভুক্ত গাড়ি সমূহে প্রাপ্যতার অতিরিক্ত জ্বালানী ব্যবহার হলে সেখানে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন থাকতে হবে এবং কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত অধিচালন/অনুমোদনের কপি বিশেষ গঠনে সংযুক্ত করতে হবে।

(৯) কোম্পানীর পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মহোদয় জ্বালানী ও চালকসহ গাড়ির ব্যবহারের সুবিধা জোগ করাতে পারবেন। চেয়ারম্যান মহোদয়ের ছাইডার লগবই পূরণ করবেন ও চেয়ারম্যান মহোদয় প্রতিনিধিত্ব করবেন।

(খ) ব্যক্তিগত :

(১) কোম্পানীর গাড়ি ব্যক্তিগত প্রয়োজনে ব্যবহার করতে হলে কর্তৃপক্ষের নিকট নির্ধারিত গাড়ির অধিচালন ফর্ম পূরণপূর্বক (রিজুইজিশন ফর্ম) দাখিল করতে হবে। ব্যক্তিগত কাজের ব্যাপক না ঘটলে সহকারী ব্যবস্থাপকের পরবর্তী পর্ষায়ে কর্মকর্তাদের ব্যক্তিগত ব্যবহারের জন্য অনুমোদন অনুযায়ী কর্মকর্তাগণ গাড়ি ব্যবহার করতে পারবেন।

(২) ব্যক্তিগত প্রয়োজনে কোম্পানীর গাড়ি কর্মকর্তার আলাদা ৬৫ (পঁয়ষট্টি) কিঃ মিঃ বাইরে গাড়ি নিতে পারবেন না। তদুপরি সুরক্ষার জন্য ব্যবস্থাপনা পরিচালকের অনুমতির প্রয়োজন হবে।

(৩) ব্যক্তিগত ব্যবহারের জন্য প্রতি কিঃ মিঃ ৫ (পাঁচ) টাকা হারে এবং প্রতি ঘণ্টা ২(দুই) টাকা হারে অর্থ সন্তোষ ব্যবহারকারী কর্মকর্তার বেতন হতে কর্তনযোগ্য হবে।

(গ) অধিচালনপত্র অনুমোদন সংক্রান্ত :

কোম্পানীর কাজের স্বার্থে কোম্পানী/প্রকল্পের যানবাহন ব্যবহারের ক্ষেত্রে অধিচালনপত্র অনুমোদন সম্পর্কে নিম্নোক্ত নিয়ম অনুসরণীয় হবে :

দায়িত্ব কালে ব্যবহার :

(১) এসজিসিএল এলাকার ৪০ কিলোমিটার ব্যাসার্ধের (Radius Circle) মধ্যে লস্ট্রি ডিপার্টমেন্টের যানবাহনের ক্ষেত্রে ডিপার্টমেন্ট প্রধানের অনুমোদনক্রমে, পুলের যানবাহনের ক্ষেত্রে অধিচালনকারীর ডিপার্টমেন্ট প্রধানের সুপারিশক্রমে উপ-মহাব্যবস্থাপক (এইচ.অর) এর অনুমোদনক্রমে ব্যবহার করা যাবে।

(২) এসজিসিএল এলাকার মধ্যে যেকোন সুরক্ষা সন্তোষ ডিপার্টমেন্ট/ ডিভিশনের যানবাহনের ক্ষেত্রে ডিভিশন প্রধানের অনুমোদনক্রমে, পুলের যানবাহনের ক্ষেত্রে অধিচালনকারীর ডিভিশন প্রধানের সুপারিশক্রমে মহাব্যবস্থাপক (প্রশাসন) এর অনুমোদনক্রমে ব্যবহার করা যাবে।

২/০

এস. এম. হুসেইন রহমান
উপ-ব্যবস্থাপক (প্রশাসন)

শাহ আলম মোস্তাফা

২৬/০১/১৭
প্রকৌশলী
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)

- (৩) এসজিসিএল এলাকার বাহিরে যে কোন স্থানে সড়িক টিপার্ট্রাক্ট/ ডিডিশনের যানবাহনের ক্ষেত্রে ডিডিশন প্রদানের সুপারিশক্রমে ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদনক্রমে, পুন্ডের যানবাহনের ক্ষেত্রে অধিচালকবাহীর ডিডিশন প্রদান ও মহাব্যবস্থাপক (প্রশাসন) এর সুপারিশক্রমে ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদনক্রমে ব্যবহার করা যাবে।

ব্যক্তিগত ব্যবহার :

- (১) যানবাহন যান সার্ভিসে এসজিসিএল এলাকার ৪০ কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে অফিস সময় ব্যক্তিগত উপ-মহাব্যবস্থাপক (এইচ.আর) এর অনুমোদনক্রমে, এসজিসিএল এলাকার ৪০ কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে অফিস প্রাকালীন সময়ে মহাব্যবস্থাপক (প্রশাসন) এর অনুমোদনক্রমে, এসজিসিএল এলাকার ৪০ কিলোমিটার ব্যাসার্ধের বাহিরে ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদনক্রমে ব্যবহার করা যাবে। তবে সকল ক্ষেত্রে সড়িক টিপার্ট্রাক্ট/ডিডিশন প্রদানের সুপারিশ থাকতে হবে।

য) যানবাহন সড়ক সার্ভিসিং ও রক্ষণাবেক্ষণ :

- (১) যানবাহনসমূহ সার্ভিসিং ও রক্ষণাবেক্ষণ কাজ যানবাহন ও রক্ষণাবেক্ষণ শাখার সার্বিকভাবে কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হবে। প্রতিটি যানবাহনের জন্য একটি ইঞ্জিন বুক/মাইল বুক বই থাকবে এবং এতে গাড়ির বিস্তারিত তথ্য যেমন- যারি, টায়ার, ফুডা মজাশে, রক্ষণাবেক্ষণ ও মেরামত ইত্যাদির (ক্রমসহ) রেকর্ড লিপিবদ্ধ থাকবে।
- (২) প্রতিটি গাড়ি দুই মাস অন্তর অথবা ৪,০০০ কিমিঃ চলার পর সার্ভিসিং, ইঞ্জিন অয়েল ও ফিল্টারসহ পরিবর্তন করতে হবে।
- (৩) যানবাহন ইঞ্জিন ওভারহোলিং এর ক্ষেত্রে সর্বোচ্চ ১০০০ কিঃ মিঃ পর্যন্ত জ্বালানী তেল (জকটেন/পেট্রোল) ঢালায় করা যাবে।
- (৪) টায়ার প্রতি ৪০,০০০ (চল্লিশ হাজার) কি.মি. পথ চলার পর পরীক্ষা করে পরিবর্তন করা যাবে। তবে বিশেষ বিশেষ ক্ষেত্রে, দুর্ঘটনাজনিত কারণে পরীক্ষা করে করিগরি মহামাত্র পাওয়া সাপেক্ষে টায়ার পরিবর্তন করা যাবে।
- (৫) ব্যক্তিগত গ্যারান্টি পরিষদ অনুযায়ী পরিবর্তনযোগ্য হবে।

এস. এম. লুৎফর রহমান
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) বঙ্গবন্ধু
সুখবন্দে যান কোম্পানী লিমিটেড।

শাহ মোস্তা
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)
সুখবন্দে যান কোম্পানী লিমিটেড, কুমিল্লা

মোঃ মোঃ হোসেন হক পাণ্ডা
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)
সুখবন্দে যান কোম্পানী লিমিটেড, কুমিল্লা।

ঢাকুরী প্রবিধানমালা-২০১২

পরিচালক পর্ষদের ১৪ তম সভায় (১৭/০৬/২০১২ তারিখে অনুষ্ঠিত) অনুমোদিত



সুন্দরবন গ্যাস
কোম্পানী লিমিটেড

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

চাকুরী প্রবিধানমালা-২০১২

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড The Companies Act, 1913 (Act. No.VII of 1913)/ কোম্পানী আইন ১৯৯৪ দ্বারা গঠিত, প্রণীত এবং নিবন্ধীকৃত বাংলাদেশ, তৈল, গ্যাস ও বনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর একটি কোম্পানী।

বাংলাদেশ তৈল, গ্যাস ও বনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর পরিচালকমন্ডলী ০৬-০৬-২০০৫ ইং তারিখে অনুষ্ঠিত ৩৫২ তম বোর্ড সভায় পেট্রোবাংলার অধীনস্থ কোম্পানীসমূহের জন্য মডেল চাকুরী প্রবিধানমালা প্রণয়ন ও অনুমোদন করে। উক্ত মডেল চাকুরী প্রবিধানমালা অনুসরণে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর জন্য নিম্নবর্ণ চাকুরী প্রবিধানমালা প্রণয়ন করা হলো:

প্রথম অধ্যায়

সূচনা

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ:-

- (১) এই প্রবিধানমালা সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর চাকুরী প্রবিধানমালা- ২০১২ নামে অভিহিত হইবে।
- (২) কোম্পানী নিবন্ধন নথির রেজিস্ট্রার-৬৫৫/০৯ তারিখ ২৩-১১-২০০৯ খ্রীঃ, স্থানঃ খুলনা।
- (৩) এই প্রবিধানমালা কোম্পানীর নিয়মিতভাবে নিয়োজিত সকল কর্মকর্তা ও কর্মচারীর প্রতি প্রযোজ্য হইবে। তবে, প্রেমণ, চুক্তি, ঋণকালীন, এডহক এবং মাস্টার রোল ভিত্তিতে কোম্পানীতে নিয়োজিত কর্মচারীগণের ক্ষেত্রে এই প্রবিধানমালার কোন কিছু প্রযোজ্য বলিয়া তাহাদের চাকুরীর শর্ত বা ক্ষেত্রমত চুক্তিতে স্পষ্টভাবে উল্লেখিত না থাকিলে উক্ত বিধানাবলী প্রযোজ্য হইবে না।
- (৪) এই প্রবিধানমালার কোন বিধানের যে কোন সংশোধন, সংযোজন বা পরিবর্তন কিংবা পরিবর্তন এর ক্ষমতা কেবলমাত্র অনুমোদনকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- (৫) সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে কোম্পানী আইন ১৯৯৪ (সরকার কর্তৃক কোম্পানী আইন ভবিষ্যতে সংশোধন হইলে তাহাসহ) অনুসরণীয় হইবে।

২। সংজ্ঞা: বিষয় বা প্রসঙ্গ পরিপন্থী কিছু না থাকিলে এই প্রবিধানমালার ব্যবহৃত-

- (১) 'কোম্পানী আইন' বলিতে কোম্পানী আইন ১৯৯৪ কে বুঝাইবে।
- (২) 'সংঘ স্মারক' (Memorandum of Association) বলিতে কোম্পানী আইনের বিধান অনুসারে প্রণীত ও নিবন্ধীকৃত কোম্পানীর মূল সংঘ স্মারক বা পরবর্তীতে উহার সংশোধিত রূপকে বুঝাইবে।
- (৩) 'সংঘ বিধি' (Article) বলিতে কোম্পানীর জন্য প্রযোজ্য, প্রণীত ও অনুমোদিত এবং নিবন্ধীকৃত কোম্পানীর সংঘ বিধিকে বুঝাইবে।
- (৪) 'শেয়ার' বলিতে কোম্পানীর মূলধনের কোন অংশকে বুঝাইবে এবং ব্যক্তি বা অব্যক্তভাবে কোন ষ্টক ও শেয়ারের পার্থক্য প্রকাশ পাইলে সেই ষ্টক বাতীত অন্যান্য ষ্টকও এই সংজ্ঞায় অন্তর্ভুক্ত হইবে।
- (৫) 'করপোরেশন বা পেট্রোবাংলা' বলিতে Bangladesh Oil, Gas & Mineral Corporation, Ordinance, 1980 (XXI of 1985) এর অধীন প্রতিষ্ঠিত Bangladesh Oil, Gas & Mineral Corporation-কে বুঝাইবে।
- (৬) 'কোম্পানী' বলিতে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-কে বুঝাইবে।
- (৭) 'কর্মকর্তা' বলিতে কোম্পানীতে নিয়মিতভাবে নিয়োজিত কর্মকর্তাকে বুঝাইবে।

- (৮) 'কর্মচারী' বলিতে কোম্পানীতে নিয়মিতভাবে নিয়োজিত কোন কর্মচারীকে বুঝাইবে এবং সেই ক্ষেত্রে দুশ্শিষ্টভাবে পরিপাঠ্য না হইলে নিয়মিতভাবে নিয়োজিত কর্মকর্তাগণও এই সংজ্ঞায় অন্তর্ভুক্ত হইবে।
- (৯) 'তফসিল' বলিতে কোম্পানীর কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ ও পদোন্নতির নিয়ম/বিধির বিষয়াদি ও এতদনুশ্রেণ্য সরকারী সংশ্লিষ্ট বিধি-বিধান এর আলোকে প্রণীত বা প্রণীতব্য তফসিল দ্বারা নির্ধারিত হইবে এবং উক্ত তফসিল এই চাকুরী প্রবিধানমালায় অংশ হিসাবে গণ্য হইবে।
- (১০) 'পদ' বলিতে তফসিলে উল্লেখিত কোন পদকে বুঝাইবে।
- (১১) 'বোর্ড' বলিতে কোম্পানীর বোর্ড অব ডাইরেক্টরস/পরিচালনা বোর্ডকে বুঝাইবে।
- (১২) 'উপযুক্ত কর্তৃপক্ষ' বলিতে এই প্রবিধানমালায় অধীন কোন নির্দিষ্ট কার্য সম্পত্তির জন্য উপযুক্ত কর্তৃপক্ষ হিসাবে কোম্পানী বোর্ড অথবা বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে বুঝাইবে।
- (১৩) 'নিয়োগকারী কর্তৃপক্ষ' বলিতে কোম্পানী কর্তৃপক্ষকে বুঝাইবে।
- (১৪) 'কর্তৃপক্ষ' বলিতে কোম্পানী বোর্ডকে বুঝাইবে অথবা যদ্যপি ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তাকে বুঝাইবে।
- (১৫) 'বাহাই কমিটি' বলিতে প্রবিধান-৪ এর অধীন গঠিত কোন বাহাই কমিটিকে বুঝাইবে।
- (১৬) 'প্রয়োজনীয় যোগ্যতা' বলিতে তফসিলে বর্ণিত কোন পদের বিপরীতে উল্লেখিত যোগ্যতাকে বুঝাইবে।
- (১৭) 'নিয়োগ' বলিতে প্রয়োজ্য নিয়মনীতি অনুসরণক্রমে নিয়োগদানকে বুঝাইবে।
- (১৮) 'পদোন্নতি' বলিতে কর্পোরেশন/কোম্পানী কর্তৃক প্রণীত নীতিমালা এবং তফসিলে বর্ণিত নিয়মাবলী অনুসরণে নির্ধারিত বাহাই কমিটির মাধ্যমে যোগ্যতা যাচাইপূর্বক উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পদোন্নতি প্রদানের মাধ্যমে কোন পদে নিয়োগদানকে বুঝাইবে।
- (১৯) 'লিয়েন' (Lien) বলিতে অনুমোদিত অনুপস্থিতির পর স্থায়ীভাবে নিযুক্ত কোন কর্মকর্তা/কর্মচারীর ঐ পদে বহাল থাকা/ ফেরৎ আসার যে অধিকার থাকিবে তাহা বুঝাইবে।
- (২০) 'অফিসিয়েট' (Officiate) বলিতে যদ্যপি কর্তৃপক্ষের নির্দেশে সাময়িকভাবে শূন্য অনুমোদিত উচ্চতর পদে দায়িত্ব পালন করা বুঝাইবে।
- (২১) 'অসদাচরণ' বলিতে চাকুরীর শৃঙ্খলা বা নিয়মের হানিকর অথবা কোন কর্মকর্তা/কর্মচারী বা অন্তর্ভুক্ত পক্ষ শোভনীয় নয় এমন কোন আচরণকে বুঝাইবে এবং নিম্নবর্ণিত আচরণসমূহও ইহার অন্তর্ভুক্ত হইবে:-
- (০১) শ্রম আইনে বর্ণিত অসদাচরণ।
 - (০২) উদ্ভটন কর্মকর্তার আইনসম্মত আদেশ অমান্যকরণ।
 - (০৩) কর্তব্যে অবহেলা।
 - (০৪) কোন আইনসম্মত কারণ ব্যতিরেকে বোর্ডের কোন আদেশ, পরিপত্র অথবা নির্দেশের প্রতি অবজ্ঞা প্রদর্শন এবং
 - (০৫) কর্তৃপক্ষের নিকট কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিচার/বিচার্যবীন, বিরক্তিকর, মিথ্যা বা অন্যর অভিযোগ উত্থাপন করা।
- (২২) 'পদায়ন' বলিতে বিধি বহির্ভূতভাবে অন্যান্য ৬০ (ছাট) দিন যাবত বা তদুর্ধ্ব সময় কর্তব্যে অনুপস্থিত থাকাকে বুঝাইবে।
- (২৩) 'ডিগ্রী' বা 'ডিপ্লোমা' বা 'সার্টিফিকেট' বলিতে ক্ষেত্রমত স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, স্বীকৃত ইনস্টিটিউট বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রী, ডিপ্লোমা বা শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেটকে বুঝাইবে।
- (২৪) 'স্বীকৃত বিশ্ববিদ্যালয়' বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়কে বুঝাইবে এবং এই প্রবিধানমালায় উদ্দেশ্য পূর্বকল্পে সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

২২/১১/১৮

পৃষ্ঠা ২/২২

- (২৫) 'স্বীকৃত বোর্ড' বলিতে আপাততঃ বলক কোন আইনের দ্বারা বা অধীনে প্রতিষ্ঠিত কোন মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডকে বুঝাইবে এবং এই প্রতিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন শিক্ষা বোর্ড বা অন্য কোন প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।
- (২৬) 'প্রধান নির্বাহী' বলিতে কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক অথবা ব্যবস্থাপনা পরিচালক-এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে বুঝাইবে।
- (২৭) 'অনুমোদনকারী কর্তৃপক্ষ' বলিতে কোম্পানী বোর্ডকে বুঝাইবে।
- (২৮) 'সাময়িক প্রকৃতির উন্নয়নমূলক' বলিতে কোম্পানীর কোন কর্মকর্তা/কর্মচারীকে কোন নির্দিষ্ট সময়ে অর্পিত কোন নির্দিষ্ট/বিশেষ কাজের জন্য যে সম্মানী বা পুরস্কার প্রদান করা হইবে তাহা বুঝাইবে।

দ্বিতীয় অধ্যায়

নিয়োগ

৩। নিয়োগ পদ্ধতি :-

- (১) এই অধ্যায় এবং সংযুক্ত তফসিলের বিধানাবলী সাপেক্ষে কোম্পানীর অনুমোদিত সাংগঠনিক কাঠামোর শূন্য পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে:-
- সরাসরি নিয়োগের মাধ্যমে।
 - পদোন্নতির মাধ্যমে।
 - ক্ষেমণে বদলীর মাধ্যমে।
 - আত্মীকরণের মাধ্যমে।
- (২) কোন পদের জন্য কোন প্রার্থীর প্রয়োজনীয় যোগ্যতা না থাকিলে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে নির্ধারিত বয়সসীমার মধ্যে না হইলে, তাহাকে উক্ত পদে নিয়োগ করা যাইবে না।

৪। বাছাই কমিটি:-

কোম্পানীর অনুমোদিত সাংগঠনিক কাঠামোর শূন্য পদে সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য সময় সময় উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক এক বা একাধিক বাছাই কমিটি বা সিলেকশন কমিটি গঠন করিবে।

৫। সরাসরি নিয়োগ:-

- (১) কোন পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে তফসিলে বর্ণিত নিয়মাবলী অনুসরণীয় হইবে। তবে, প্রার্থী কোন পদে সরাসরিভাবে নিয়োগলাভের জন্য উপযুক্ত বিবেচিত হইবে না, যদি তিনি-
- বাংলাদেশের নাগরিক না হন, অথবা
 - বাংলাদেশের নাগরিক মন এইরূপ কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হইয়া থাকেন।
- (২) কোন পদে সরাসরিভাবে নিয়োগ করা যাইবে না, যে পর্যন্ত না-
- উক্ত পদে নিয়োগের জন্য নির্বাচিত ব্যক্তি কোম্পানীর প্রধান চিহ্নসহ কর্মকর্তা তাহাকে স্বাস্থ্যগতভাবে উক্ত পদের দায়িত্ব পালনের উপযুক্ত বলিয়া প্রত্যয়ন করেন।
 - এইরূপ নির্বাচিত ব্যক্তির পূর্ব কার্যকলাপ দ্বায্যোগে এজেন্সীর মাধ্যমে প্রতিপাদিত হয় এবং দেখা যায় যে, কোম্পানীর চাকরীতে নিয়োগ লাভের জন্য তিনি অনুপযুক্ত নহেন।
- (৩) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, সকল পদ উন্নত বিজ্ঞাপনের মাধ্যমে দরখাস্ত আহ্বান করিয়া পূরণ করা হইবে এবং এইরূপ নিয়োগদানের ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময়ে জারীকৃত কেটা সম্পর্কিত নির্দেশনাবলী অনুসরণ করিতে হইবে।
- (৪) সরাসরি নিয়োগের ক্ষেত্রে গঠিত বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে নিয়োগদান করা হইবে এবং পরবর্তীকালে সন্তোষজনক পুলিশি রিপোর্ট প্রাতিসাপেক্ষে সন্নিয়োগ (স্থায়ী) করা হইবে।

পৃষ্ঠা ৩/২২

৬। শিক্ষানবিশি/প্রবেশন:

- (১) সরাসরিভাবে নিয়োগ প্রাপ্ত ব্যক্তিগণ ৬(ছয়) মাসের জন্য শিক্ষানবিশি/প্রবেশন থাকিবেন। তবে, শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ, কারণ লিপিবদ্ধ করিয়া যে কোন ব্যক্তির ক্ষেত্রে উক্ত মেয়াদ অনূর্ধ্ব ৬(ছয়) মাসের জন্য বৃদ্ধি করিতে পারিবেন।
- (২) কোন কর্মকর্তা/কর্মচারীকে কোন পদে সন্নিয়োগ (স্থায়ী) করা বাইবে না, যদি না তিনি সন্তোষজনকভাবে প্রবেশনের মেয়াদ সমাপ্ত করিয়া থাকেন।
- (৩) শ্রম আইনের আওতাধীন কর্মচারীদের ক্ষেত্রে শ্রম আইনের সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হইবে।

৭। পদোন্নতির মাধ্যমে নিয়োগ:

- (১) প্রবিধান-১৬ এর বিধান সাপেক্ষে, কোন পদের পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বাস্তবীকরণী কর্তৃক এতদুদ্দেশ্যে বাস্তবীকৃত প্রার্থীদের তালিকা বিবেচনাক্রমে নিয়োগদান করিবে।
- (২) কোন ব্যক্তির চাকুরীর ব্যয় সন্তোষজনক না হইলে, তিনি পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগের হোদ্যা বলিয়া বিবেচিত হইবেন না।

৮। প্রেষণে বদলীর মাধ্যমে নিয়োগ: কোম্পানীর কাজের আবশ্যকীয়তা বিবেচনায় কোম্পানী সমূহের পারস্পরিক সম্মতিক্রমে ও পেট্রোলিয়ামের আদেশ বহন: কোন কর্মকর্তা/কর্মচারীকে প্রেষণে বদলীর মাধ্যমে পদপূরণ/নিয়োগ করা যাবে।

৯। আত্মীকরণের মাধ্যমে নিয়োগ: কোম্পানীর সাংগঠনিক কাঠামোর ভ্যাপসের বিপরীতে উপযুক্ত কোন কর্মকর্তা/কর্মচারীকে আবশ্যকতা বিবেচনায় পেট্রোলিয়াম/ সংশ্লিষ্ট কোম্পানী এবং সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারীর সম্মতিক্রমে আত্মীকরণের মাধ্যমে পদ পূরণ/নিয়োগ করা যাবে।

তৃতীয় অধ্যায়

চাকুরীর সাধারণ শর্তাবলী

১০। যোগদানের সময়:

- (১) এক চাকুরী স্থল হইতে অন্য চাকুরী স্থলে বদলীর ক্ষেত্রে, একই পদে বা কোন নতুন পদে যোগদানের জন্য কোন কর্মচারীকে নিম্নলিখিত সময় সেওয়া হইবে যথা:
(ক) প্রস্তুতির জন্য ৬ (ছয়) দিন এবং
(খ) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পছন্দ্য সময় প্রকৃতপক্ষে অতিবাহিত সময়। তবে, শর্ত থাকে যে, এই উপ-প্রবিধান অনুযায়ী যোগদানের সময় গণনার উদ্দেশ্যে সাধারণ ছুটির দিন গণনা করা হইবে না।
- (২) উপ-প্রবিধান-(১) এ যাহা কিছুই থাকুক না কেন, যে ক্ষেত্রে বদলীর ফলে বদলীকৃত কর্মচারীকে তাহার নতুন কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে বাসস্থান পরিবর্তন করিতে হয় না, সেই ক্ষেত্রে নতুন কর্মস্থলে যোগদানের জন্য এক দিনের বেশি সময় সেওয়া হইবে না এবং এই উপ-প্রবিধানের উদ্দেশ্য পূরণকল্পে সাধারণ ছুটির দিনকেও উক্ত দিনের সময়ের মধ্যে অন্তর্ভুক্ত করা হইবে।
- (৩) কোন বিশেষ ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ উপ-প্রবিধান (১) ও (২) এর অধীন প্রাপ্য যোগদানের সময় হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবে।
- (৪) কোন কর্মচারী এক চাকুরীস্থল হইতে অন্যত্র বদলী হইলে, অথবা চাকুরীস্থল পরিবর্তন করিতে হয় এমন কোন নতুন পদে নিয়োগ প্রাপ্ত হইলে, তাহাকে পুরাতন চাকুরীস্থল হইতে, অথবা যে স্থানে তিনি নিয়োগের বা বদলীর আদেশ পাইয়াছেন, সেই স্থান হইতে, যাত্রা উক্ত কর্মচারীর জন্য অধিকতর সুবিধাজনক হয়, তাহার যোগদানের সময় গণনা করা হইবে।
- (৫) কোন কর্মচারী এক চাকুরীস্থল হইতে অন্য চাকুরীস্থলে, বা এক পদ হইতে অন্য পদে যোগদানের অন্তর্বর্তীকালীন সময়ে, প্রধান চিকিৎসা কর্মকর্তা প্রদত্ত মেডিক্যাল সার্টিফিকেট পেশ না করিয়া ছুটি গ্রহণ করিলে তাহার পাণ্ডিত্যের হস্তান্তর করিবার পর হইতে ছুটি গ্রহণ পর্যন্ত যে সময় অতিবাহিত হয়, তাহাও ছুটির অন্তর্ভুক্ত হইবে।

পৃষ্ঠা ৪/২২

(৬) এক কর্মস্থল হইতে অন্য কর্মস্থলে বদলীর ব্যাপারে কোন বিশেষ ক্ষেত্রে এই প্রবিধানের বিধানাবলী অপর্যাপ্ত প্রতীয়মান হইলে, করপোরেশনের ক্ষেত্রে প্রযোজ্য বিধি বা আদেশ প্রয়োগ্যনীয় অভিব্যক্তিসহ প্রযোজ্য হইবে।

১১। বেতন ও ভাতা :-

কোম্পানী বিভিন্ন সময়ে বেরূপ নির্ধারণ করিবে, কর্মকর্তা/কর্মচারীদের বেতন ও ভাতা সেইরূপ হইবে।

১২। প্রারম্ভিক বেতনঃ

(১) স্বাভাবিকভাবে কোন পদে কোন ব্যক্তিকে প্রথম নিয়োগের সময় উক্ত পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্নস্তরই হইবে তাহার প্রারম্ভিক বেতন।

(২) কোন ব্যক্তিকে তাহার বিশেষ মেধার স্বীকৃতি স্বরূপ, সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে, কোম্পানী কর্তৃপক্ষ কর্তৃক উচ্চতর প্রারম্ভিক বেতন প্রদান করা যাইবে।

(৩) কোম্পানী ইহার কর্মকর্তা/কর্মচারীদের বেতন সংরক্ষণের উদ্দেশ্যে সময় সময় যে নির্দেশাবলী জারী করে, তদনুসারে কোম্পানীর কর্মকর্তা/কর্মচারীদের বেতন সংরক্ষণ করা হইবে।

১৩। পদোন্নতির ক্ষেত্রে বেতনঃ

কোন কর্মকর্তা/কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হইলে, সাধারণত সেই পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্ন স্তরে তাহার বেতন নির্ধারিত হইবে, তবে উক্ত সর্বনিম্ন স্তর অপেক্ষা তাহার পুরাতন পদে প্রাপ্ত মূল বেতন উচ্চতর হইলে, উচ্চতর পদের জন্য নির্ধারিত বেতনক্রমের যে স্তরটি তাহার পুরাতন পদের মূল বেতনের অব্যবহিত উপরের স্তর হয়, সেই স্তরে তাহার বেতন নির্ধারিত হইবে। তবে পদোন্নতির ফলে প্রাপ্ত বেতন পুরাতন পদে প্রাপ্ত মূল বেতনের উপর উচ্চতর পদের বেতনক্রমের একটি বাৎসরিক বেতন বৃদ্ধির পরিমাণের কম হইলে উচ্চতর পদের মূল বেতনের সহিত একটি ইনক্রিমেন্ট যোগ করিয়া মূল বেতন নির্ধারিত হইবে।

১৪। বেতন বর্ধনঃ

(১) বেতন বর্ধন স্থগিত রাখা না হইলে, সাধারণতঃ সময়মত নির্ধারিত হারে প্রত্যেক কর্মচারীর বেতন বর্ধিত হইবে।

(২) বেতন বর্ধন স্থগিত রাখা হইলে, উহা যে মেয়াদ পর্যন্ত স্থগিত রাখা হয়, স্থগিতকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট আদেশে, সেই মেয়াদ উল্লেখ করিবেন।

(৩) কোন শিক্ষাবিশ/প্রবেশনার সাফল্যজনকভাবে শিক্ষাবিশ / প্রবেশনার মেয়াদ সমাপ্ত না করিলে এবং চাকুরীতে স্থায়ী না হইলে, তিনি বেতন বর্ধনের অধিকারী হইবে না।

(৪) প্রশংসনীয় বা অসাধারণ কর্মদক্ষতার জন্য কোম্পানী উহার কোন কর্মকর্তা/কর্মচারীকে একসঙ্গে অনধিক দুইটি বিশেষ বেতন বৃদ্ধি মনঃস্থ করিতে পারিবেন।

(৫) যেই ক্ষেত্রে বেতনক্রমে দক্ষতা সীমা নির্ধারিত রহিয়াছে, সেই ক্ষেত্রে কোন কর্মকর্তা/কর্মচারীর নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সুনির্দিষ্ট সুপারিশ ব্যতিত দক্ষতা সীমা অতিক্রম অনুমোদন করা যাইবে না।

(৬) অন্যান্য শর্তাবলী সাপেক্ষে কোন কর্মকর্তা কর্মচারী নিয়োগ/পদোন্নতির পর ০৬ (ছয়) মাস সক্রিয়/বাস্তব চাকুরীকাল সম্পন্ন করার পর ১লা জানুয়ারী অথবা ১লা জুলাই তারিখে সাধারণ বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন এবং তদোত্তর প্রতি বছর একই তারিখে বাৎসরিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন।

১৫। জ্যেষ্ঠতাঃ

(১) এই প্রবিধানের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে কোন পদে কোন কর্মচারীর জ্যেষ্ঠতা সেই পদে তাহার যোগদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(২) একই সময়ে একাধিক কর্মচারী নিয়োগ প্রাপ্ত হইয়া কাজে যোগদান করিলে নিয়োগকারী কর্তৃপক্ষ বাছাই কমিটি কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকা ভিত্তিক সুপারিশ অনুসারে কর্মচারীদের পারস্পরিক জ্যেষ্ঠতা স্থির করিবে।



১২/১১/১৩



পৃষ্ঠা ৫/২২


- (৩) একই বছরে সরাসরি নিয়োগ গ্রাণ্ড ও পদোন্নতি গ্রাণ্ড ব্যক্তিগণের মধ্যে পদোন্নতি গ্রাণ্ড ব্যক্তিগণ জ্যেষ্ঠ হইবে।
- (৪) একাধিক ব্যক্তিকে একই সময়ে পদোন্নতি দেওয়া হইলে, যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছে, সে পদে তাহাদের পারস্পরিক জ্যেষ্ঠতার ভিত্তিতে উচ্চতর পদে তাহাদের পারস্পরিক জ্যেষ্ঠতা স্থির করা হইবে।
- (৫) কোম্পানী ইহার কর্মচারীদের জ্যেষ্ঠ-ওয়ারী জ্যেষ্ঠতা তালিকা সংরক্ষণ করিবে এবং সময় সময় তাহাদের অবস্থতির জন্য এইরূপ তালিকা প্রকাশ করিবে।
- (৬) আত্মীকৃত কর্মকর্তা/কর্মচারীদের জ্যেষ্ঠতার ভিত্তিতে একই পদের জ্যেষ্ঠতা তাহাদের পদোন্নতি/ নিয়োগ অনুযায়ী পারস্পরিক জ্যেষ্ঠতার ভিত্তিতে স্থির/নির্ধারিত হইবে।
- (৭) The Government Servants (Seniority of Freedom Fighters) Rules, 1997- এর বিধানসমূহ উহাতে প্রয়োজনীয় অভিযোজনসহ কোম্পানীর কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

১৬। পদোন্নতিঃ

- (১) তফসিলের বিধানাবলী সাপেক্ষে কোন কর্মকর্তা/কর্মচারীকে পরবর্তী উচ্চতর পদে পদোন্নতির জন্য বিবেচনা করা যাইতে পারে।
- (২) কেবলমাত্র জ্যেষ্ঠতার কারণে কেহ অধিকার হিসাবে পদোন্নতি দাবী করিতে পারিবেন না।
- (৩) কোন কর্মচারীর চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হইলে, তিনি পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগ লাভের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।
- (৪) পদোন্নতির জন্য যেথা যাচাইয়ে যে সকল প্রার্থী কোয়ালিফাই করিবে তাহাদের মধ্যে হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতি প্রদান করিতে হইবে।
- (৫) কোন কর্মচারীকে, ব্যতিক্রমী ক্ষেত্র হিসাবে, তাহার অসাধারণ কৃতিত্ব, কর্তব্য নিষ্ঠা ও কোন কর্মচারীর কাজে কোম্পানী লাভবান এবং চাকুরীকালে উচ্চতর পদের জন্য প্রয়োজনীয় পেশাগত পরীক্ষায় উত্তীর্ণ হইলে সেই ক্ষেত্রে কোম্পানী কর্তৃপক্ষ পালা অতিক্রম করতঃ পদোন্নতি প্রদান করিতে পারিবেন।

১৭। শ্রেণণ ও পূর্বস্বত্বঃ-

- (১) উপ-প্রবিধান (২) এর বিধান সাপেক্ষে, কোম্পানী যদি মনে করে যে, উহার কোন কর্মচারীর পারদর্শিতা বা তৎকর্তৃক প্রদত্ত বিশেষ প্রশিক্ষণ অন্য কোন সংস্থা অত্যাধিক হাওলাদ গ্রহণকারী সংস্থা নামে উল্লেখিত, তাহা হইলে, কোম্পানী এবং হাওলাদ গ্রহণকারী সংস্থা পরস্পরের মধ্যে সম্মত মেয়াদে ও শর্তাবলীতে উক্ত সংস্থার কোন পদে শ্রেণণে কর্মরত থাকিবার জন্য উক্ত কর্মচারীকে নির্দেশ দেওয়া যাইতে পারে।
তবে, করপোরেশন বা কোম্পানীর কাজের স্বার্থে করপোরেশন কোম্পানীর যে কোন কর্মচারীকে তাহার সম্মতি ব্যতিরেকে কোম্পানী হইতে অন্য কোম্পানী বা করপোরেশনে শ্রেণণে বদলী করিতে পারিবে।
- (২) হাওলাদ গ্রহণকারী সংস্থা কোম্পানীর কোন কর্মচারীর আবশ্যিকতা রহিয়াছে বলিয়া বোধ করিলে, কোম্পানী উক্ত কর্মচারীর সম্মতি লইয়া হাওলাদ গ্রহণকারী সংস্থা কর্তৃক উল্লেখিত শর্তাবলীর ভিত্তিতে তাহার শ্রেণণের শর্তাবলী নির্ধারণ করিবে।
- (৩) উপ-প্রবিধান (২) তে যাহা কিছুই থাকুক না কেন, শ্রেণণের শর্তাবলীতে নিম্নোক্ত বিষয় সমূহ অন্তর্ভুক্ত থাকিবে, যথাঃ-
(ক) শ্রেণণের সময়কাল, ব্যতিক্রম ক্ষেত্র ছাড়া, তিন বৎসরের অধিক হইবে না।
(খ) চাকুরীতে উক্ত কর্মচারীর পূর্বস্বত্ব থাকিবে এবং শ্রেণণের মেয়াদান্তে, অথবা উক্ত মেয়াদের পূর্বে ইহার অবসান ঘটিলে, তিনি কোম্পানীতে প্রত্যাবর্তন করিবেন।
(গ) হাওলাদ গ্রহণকারী সংস্থা তাহার তবিশেষ তহবিল ও পেনশন, যদি থাকে, বাবদ প্রাপ্য অর্থ পরিশোধের নিশ্চয়তা বিধান করিবে।


পৃষ্ঠা ৬/২২

- (৪) কোন কর্মচারী প্রেষণে থাকাকালে, তিনি কোম্পানীতে পদোন্নতির জন্য বিবেচনাযোগ্য হইলে, তাহার পদোন্নতির বিষয়টি অন্যান্যদের সাথে একত্রে বিবেচনা করা হইবে এবং পদোন্নতি কার্যকর করিবার জন্য তাহাকে কোম্পানীতে প্রত্যাবর্তন করিতে হইবে।
- (৫) কোন কর্মচারী প্রেষণে থাকাকালে তাহার পদোন্নতি কার্যকর করার উদ্দেশ্যে কোম্পানী তাহাকে ফেরৎ চাহিলে, তিনি যদি যথাসময়ে ফেরৎ না আসেন, তাহা হইলে উপ-প্রবিধান (৬) এর বিধান সাপেক্ষ, পদোন্নতি প্রাপ্ত পদে তাহার জ্যেষ্ঠতা উক্ত পদে তাহার প্রকৃত যোগদানের তারিখ হইতে গণনা করা হইবে।
- (৬) যদি কোন কর্মচারীকে হাওলাত গ্রহণকারী সংস্থা প্রেষণে থাকিবার অনুমতি দেওয়া হয়, তাহা হইলে, প্রেষণে থাকাকালে উক্ত কর্মচারীকে পদোন্নতি দেওয়া যাইতে পারে।
- (৭) শৃঙ্খলামূলক ব্যবস্থার ব্যাপারে হাওলাত গ্রহণকারী সংস্থা প্রেষণে কর্মরত কর্মচারীর বিরুদ্ধে শৃঙ্খলামূলক কার্যক্রম সূচনা করার উদ্দেশ্যে কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন।
তবে, শর্ত থাকে যে, যে অবস্থার পরিস্থিতিতে শৃঙ্খলামূলক কার্যক্রম সূচনা করা হইয়াছে, তাহা হাওলাত গ্রহণকারী সংস্থা কোম্পানীকে অবিলম্বে অবহিত করিবে।
- (৮) প্রেষণে কর্মরত কোন কর্মচারীর বিরুদ্ধে সূচিত শৃঙ্খলামূলক কার্যধারায় প্রাপ্ত তথ্যের ভিত্তিতে হাওলাত গ্রহণকারী সংস্থা যদি এইরূপ অভিমত পোষণ করে যে, তাহার উপর কোন দণ্ড আরোপ করা আবশ্যিক, তাহা হইলে, উক্ত সংস্থা তাহার বেকর্তসমূহ সংশ্লিষ্ট কর্মচারীর মূল প্রতিষ্ঠান / কোম্পানীর নিকট প্রেরণ করিবে এবং অতঃপর কোম্পানী যেইরূপ প্রয়োজন বলিয়া মনে করে, সেইরূপ আদেশ প্রদান করিবে।
- (৯) প্রেষণে বদলীকৃত কর্মকর্তা/কর্মচারীগণের নির্ধারিত বেতন অপরিবর্তিত থাকিবে, তবে স্থানীয় প্রান্তিক সুবিধাদির ব্যাপারে করপোরেশনের সিদ্ধান্ত কার্যকর হইবে।
- (১০) করপোরেশন এবং ইহার অধীনস্থ কোম্পানীসমূহের কাজের সার্বে করপোরেশন হইতে কোম্পানীতে, করপোরেশনের অধীনস্থ এক কোম্পানী হইতে অন্য কোম্পানীতে এবং কোম্পানী হইতে করপোরেশনে লোকবল প্রেষণে বদলী করা হইবে। তবে, শর্ত থাকে যে, প্রেষণে বদলীর পর আত্মীকরণের ক্ষেত্রে ত্রিপক্ষীয় সম্মতির প্রয়োজন হইবে।
- (১১) বৈদেশিক চাকুরীতে যোগদানের জন্য নীতি ও পদ্ধতি:-
কোন কর্মকর্তা/কর্মচারী বৈদেশিক চাকুরীতে যোগদানের নিমিত্ত কোম্পানীর চাকুরীতে লিয়েন রাখার আগ্রহ প্রকাশ করিলে এতদবিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের চ-৯-১৯৯২ ই/২৪-৫-১৩৯৯ বাৎ তারিখের রিভলিউশন নং সম (বেঃ নিঃ)নিয়োগ-নীতি-১/৯২-৫০০ (৫০০) অনুসরণে এবং অত্র বিধিতে পরবর্তীতে সময়ে সময়ে জারীকৃত বিধানাবলী/সংশোধনসমূহ একইভাবে প্রযোজ্য হইবে। এই সংশোধনী চ-৯-১৯৯২ ইং তারিখ হইতে কার্যকর হইবে।
তবে শর্ত থাকে যে, কোম্পানীর কর্মকর্তা/কর্মচারী, বাহারা বৈদেশিক প্রশিক্ষণের পূর্বে বন্ড প্রদান করিয়াছেন, তাহাদের ক্ষেত্রে উক্ত বন্ডের বেয়াদ শেষ না হওয়া পর্যন্ত উক্ত লিয়েন প্রযোজ্য হইবে না।

চতুর্থ অধ্যায়

ছুটি

১৮। বিভিন্ন প্রকারের ছুটি:-

- (১) কর্মকর্তা/কর্মচারীগণ নিম্নলিখিত যে কোন ধরনের ছুটি পাইবেন, যথা:-
- (ক) পূর্ণ বেতনে ছুটি।
 - (খ) অর্ধ বেতনে ছুটি।
 - (গ) বিনা বেতনে অস্বাভাব্য ছুটি।
 - (ঘ) বিশেষ অক্ষমতাজনিত ছুটি।
 - (ঙ) সংগরোধ ছুটি।

পৃষ্ঠা ৭/২২

(ঘ) প্রসূতি ছুটি।

(ছ) অধ্যয়ন ছুটি।

(জ) নৈমিত্তিক ছুটি।

(ঝ) অবসর উত্তর ছুটি।

(২) উপযুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীকে বিশেষ অক্ষমতা জনিত ছুটি ও অধ্যয়ন ছুটি ব্যতীত অন্যবিধ ছুটি মঞ্জুর করিতে পারে এবং ইহা সাধারণ বছরের দিনের সহিত সংযুক্ত করিয়াও প্রদান করা যাইতে পারে।

(৩) বোর্ডের পূর্ব অনুমোদন লইয়া উপযুক্ত কর্তৃপক্ষ বিশেষ অক্ষমতাজনিত ছুটি, অধ্যয়ন ছুটি এবং পরিপূরক ছুটি মঞ্জুর করিতে পারে।

১৯। পূর্ণ বেতনে ছুটিঃ-

(১) প্রত্যেক নিয়মিত কর্মকর্তা/কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্যদিবসের ১/১১ হারে পূর্ণ বেতনে ছুটি অর্জন করিবেন এবং পূর্ণ বেতনে প্রাপ্য এককালীন ছুটির পরিমাণ চার মাসের অধিক হইবে না।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন অর্জিত ছুটি ৪ (চার) মাসের অধিক হইলে, তাহা সংশ্লিষ্ট কর্মচারীর ছুটির হিসাবে একটি পৃথক বাতে জমা থাকিবে।

(৩) জাতীয় সার্টিফিকেট উপস্থাপন সাপেক্ষে অথবা বাংলাদেশের বাহিরে ধর্মীয় সফর, অধ্যয়ন বা অবকাশ ও চিকিৎসানোদনের জন্য উক্ত ছুটি জমাকৃত ছুটি হইতে পূর্ণ বেতনে ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

২০। অর্ধ বেতনে ছুটিঃ-

(১) প্রত্যেক নিয়মিত কর্মকর্তা/কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্যদিবসের ১/১২ হারে অর্ধ বেতনে ছুটি অর্জন করিবেন এবং এইরূপ জমা হওয়ার কোন সীমা থাকিবে না।

(২) জাতীয় সার্টিফিকেট সাধিন সাপেক্ষে অর্ধ বেতনে দুই দিনের ছুটির পরিবর্তে একদিনের পূর্ণ বেতনে ছুটির হারে অর্ধ বেতনে ছুটিকে পূর্ণ বেতনের ছুটিতে রূপান্তরিত করা যাইতে পারে এবং এইরূপ রূপান্তরিত ছুটির সর্বোচ্চ পরিমাণ হইবে পড় বেতনে বার মাস।

২১। প্রাপ্যতাবিহীন ছুটিঃ-

(১) জাতীয় সার্টিফিকেট দ্বারা সমর্থিত হইলে কোন কর্মচারীকে তাহার সমগ্র চাকুরী জীবনে সর্বোচ্চ ১২ (বার) মাস পর্যন্ত এবং অন্য কোন কারণে হইলে, ৩ (তিন) মাস পর্যন্ত অর্ধ বেতনে প্রাপ্যতাবিহীন ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

(২) কোন কর্মচারী তাহার ছুটি পাওনা হওয়ার পূর্বেই প্রাপ্যতাবিহীন ছুটি জোগ করিয়া আসিলে, তিনি উক্ত জোগকৃত ছুটির সমান ছুটি পাইবার অধিকারী না হওয়া পর্যন্ত নতুনভাবে উপ-প্রবিধান (১)-এর অধীন কোন ছুটি পাইবার অধিকারী হইবে না।

২২। বিনা বেতনে অসাধারণ ছুটিঃ-

(১) যখন কোন কর্মচারীর অন্য কোন ছুটি পাওনা না থাকে বা অন্য কোন প্রকার ছুটি পাওনা থাকে অথচ সংশ্লিষ্ট কর্মচারী লিখিতভাবে বিনা বেতনে অসাধারণ ছুটির জন্য আবেদন করেন, তখন তাহাকে বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

(২) বিনা বেতনে অসাধারণ ছুটির মেয়াদ একবারে ৩ (তিন) মাসের অধিক হইবে না। তবে, নিম্নলিখিত ক্ষেত্রে উক্ত ছুটির মেয়াদ বর্ধিত করা যাইতে পারে, যথা:-

(ক) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী এই শর্তে বিদেশে প্রশিক্ষণ গ্রহণের অনুমতি প্রাপ্ত হন যে, উক্ত প্রশিক্ষণ গ্রহণের পরে ৫ (পাঁচ) বছরের জন্য তিনি কোম্পানীতে চাকুরী করিবেন, অথবা-

(খ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী চিকিৎসাধীন থাকেন, অথবা-

(গ) যে ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ এইমর্মে সন্তুষ্ট হন যে, উক্ত কর্মচারী তাহার নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে কর্তব্যে যোগদান করিতে অসমর্থ।

পৃষ্ঠা ৮/২২

(৩) উপযুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীর বিনা ছুটিতে অনুপস্থিতির সময়কে তৃতাপেক্ষ কার্যকারিতাসহ বিনা বেতনে অসাধারণ ছুটিতে রপান্তরিত করিতে পারেন।

২৩। বিশেষ অক্ষমতাজনিত ছুটি:-

- (১) কোন কর্মচারী তাহার বর্ষাবধি কর্তব্য পালনকালে উহা পালনের পরিণতিতে অথবা তাহার পদে অধিষ্ঠিত থাকিবার কারণে আঘাত প্রাপ্ত হইয়া অক্ষম হইলে উপযুক্ত কর্তৃপক্ষ তাহাকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করিতে পারেন।
- (২) যে অক্ষমতার কারণে বিশেষ অক্ষমতাজনিত ছুটি চাওয়া হয়, সেই অক্ষমতা ৩ (তিন) মাসের মধ্যে প্রকাশ না পাইলে এবং যে ব্যক্তি অক্ষম হন, সেই ব্যক্তি উক্ত অক্ষমতার কারণে অবিলম্বে উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত না করিলে বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করা হইবে না। তবে সংগঠিত ঘটনা ও কারণের তিন মাস পরেও অক্ষমতার স্পষ্টতা প্রমাণিত হইলে ব্যবস্থাপনা পরিচালক/বোর্ড অক্ষমতার কারণ সম্পর্কে নিশ্চিত ও সন্তুষ্টিপূর্ণ এই ছুটি প্রদান করিতে পারেন।
- (৩) যে মেয়াদের জন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি প্রয়োজনীয় বলিয়া এতদুদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসা কর্তৃপক্ষ প্রত্যায়ন করিলে, সেই মেয়াদের জন্য উক্ত ছুটি মঞ্জুর করা হইবে, উক্ত চিকিৎসা কর্তৃপক্ষের প্রত্যায়ন ব্যতিরেকে তাহা বর্জিত করা হইবে না এবং এইরূপ ছুটি বোনাসময় ২৪ (চব্বিশ) মাসের অধিক হইবে না।
- (৪) বিশেষ অক্ষমতাজনিত ছুটি কর্তৃপক্ষের বিশেষ বিবেচনার জন্য যে কোন ছুটির সঙ্গে সংযুক্ত করা যাইতে পারে।
- (৫) যদি একই দরবের অবস্থায় পত্রবর্তীকালে কোন সময় অক্ষমতা বৃদ্ধি পায় বা উহার পুনরাবৃত্তি ঘটে, তাহা হইলে একাধিকবার বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করা যাইবে, তবে এইরূপ একাধিকবার মঞ্জুরীকৃত ছুটির পরিমাণ ২৪ (চব্বিশ) মাসের অধিক হইবে না এবং এইরূপ ছুটি যে কোন একটি অক্ষমতার কারণেও মঞ্জুর করা যাইবে না।
- (৬) পেনশন প্রথার ক্ষেত্রে তথ্যমাত্র আনুভূমিকের এবং যে ক্ষেত্রে অবসর ভাতা প্রাপ্য হয় সে ক্ষেত্রে অবসর ভাতার ব্যাপারে চাকুরী হিসাব করিবার সময় বিশেষ অক্ষমতাজনিত ছুটি কর্তব্য পালনের সময় হিসাবে গণনা করা হইবে এবং উহা ছুটির হিসাব হইতে বিয়োজন করা হইবে না। এছাড়াই প্রথার ক্ষেত্রে এই নিয়ম প্রযোজ্য হইবে না।
- (৭) বিশেষ অক্ষমতাজনিত ছুটিকালীন বেতন হইবে নিম্নরূপ, যথা:-
 - (ক) উপ-প্রবিধান (৫)-এর অধীনে মঞ্জুরকৃত ছুটির মেয়াদসহ যে কোন মেয়াদের ছুটির প্রথম চার মাসের জন্য পূর্ণ বেতন, এবং
 - (খ) এইরূপ ছুটির অবশিষ্ট মেয়াদের জন্য অর্ধ বেতন।
- (৮) এই প্রবিধানের অন্যান্য বিধাননুসারে প্রযোজ্যতা এমন কর্মচারীর ক্ষেত্রেও সম্প্রসারিত করা যাইতে পারে, যিনি তাহার বর্ষাবধি কর্তব্য পালনকালে বা উহা পালনের পরিণতিতে অথবা তাহার পদে অধিষ্ঠিত থাকিবার কারণে দূর্ঘটনাবশত: আঘাত প্রাপ্ত হইয়াছেন, অথবা যিনি নির্দিষ্ট কোন কর্তব্য পালনকালে তাহার পদের স্বাভাবিক বৃত্তি বহির্ভূত অসুস্থতা বা জখম সারাইয়া তেলার সন্ধাননা থাকে এইরূপ অসুস্থতা বা জখমের দরুন অক্ষম হইয়াছেন।

২৪। সংগরোধ ছুটি:-

- (১) কোন কর্মচারীর পরিবারে বা গৃহে সংক্রামক ব্যাধি থাকার কারণে যদি আদেশ দ্বারা তাহাকে অফিসে উপস্থিত না হওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়, তবে সে সময়ের জন্য উক্ত রূপ নির্দেশ কার্যকর থাকে, সেই সময়কাল হইবে সংগরোধ ছুটি।
- (২) অফিস প্রধান, কোন চিকিৎসা কর্মকর্তা বা জনস্বাস্থ্য কর্মকর্তার সার্টিফিকেটের ভিত্তিতে অন্তর্ভুক্ত ২১ (একুশ) দিন অথবা স্বাভাবিক অবস্থায় ৩০ (ত্রিশ) দিনের জন্য সংগরোধ ছুটি মঞ্জুর করিতে পারে।
- (৩) সংগরোধের জন্য উপ-প্রবিধান-(২)এ উল্লিখিত মেয়াদের অতিরিক্ত ছুটি প্রয়োজন হইলে, উহা উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে এই প্রবিধানমাণ্যের অধীন অনাকসেন প্রকার ছুটি হিসাবে গণ্য হইবে।



২২/১১/২২



(৪) সংগরোধ ছুটি অন্য যে কোন প্রকার ছুটির সংগে সংযুক্ত করিয়াও মঞ্জুর করা যাইতে পারে। সংগরোধ ছুটিতে থাকাকালে

(৫) কোন কর্মচারীকে তাহার দায়িত্বপালনে অনুপস্থিত বলিয়া গণ্য করা হইবে না, এবং যখন কোন কর্মচারী নিজেই সংক্রামক ব্যাধিতে আক্রান্ত হন, তখন তাহাকে এইরূপ কোন ছুটি দেওয়া যাইবে না।

২৫। প্রসূতি ছুটি:-

(১) কোন মহিলা কর্মকর্তা/কর্মচারীকে পূর্ণ বেতনে প্রসবের আগে এবং পরে অনধিক ৬ (ছয়) মাস প্রসূতি ছুটি মঞ্জুর করা যাইতে পারে এবং উহা তাহার পাওনা ছুটির হিসাব হইতে বাদ দেওয়া যাইবে না।

(২) প্রসূতি ছুটি মঞ্জুরীর অনুরোধ কোন নির্দিষ্ট চিকিৎসক কর্তৃক সমর্থিত হইলে উপযুক্ত কর্তৃপক্ষের বিবেচনা মতে কর্মচারীর প্রাণ্য যে কোন ছুটির সহিত একত্রে বা উহা সম্প্রসারিত করিয়া মঞ্জুর করা যাইতে পারে।

(৩) কোম্পানীতে যে কোন কর্মচারীর সম্পূর্ণ চাকুরী জীবনে তাহাকে দুই বারের অধিক প্রসূতি ছুটি মঞ্জুর করা যাইবে না।

২৬। অবসর উত্তর ছুটি:-

(১) কোন কর্মচারী ছয় মাস পর্যন্ত পূর্ণ বেতনে এবং আরো ছয় মাস অর্ধ বেতনে অবসর উত্তর ছুটি পাইবেন এবং এইরূপ ছুটির মেয়াদ তাহার অবসর গ্রহণের তারিখ অতিক্রম করার পর উহা সম্প্রসারণ করা যেতে পারে, কিন্তু ৬০ (ষাট) বৎসর বয়সসীমা অতিক্রমের পর উহা সম্প্রসারণ করা যাইবে না।

(২) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের কমপক্ষে একমাস পূর্বে অবসর উত্তর ছুটির জন্য আবেদন না করিলে তাহার পাওনা ছুটি অবসর গ্রহণের তারিখের পর তামাদি হইয়া যাইবে।

(৩) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের পরবর্তী দিন হতে অবসর উত্তর ছুটিতে (শিফারএল) যাইবেন।

২৭। অধ্যয়ন ছুটি:-

(১) কোম্পানী ইহার চাকুরীর জন্য সহায়ক হইতে পারে এইরূপ বৈজ্ঞানিক, কারিগরি বা অনুরূপ সমস্যাদি অধ্যয়ন অথবা বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য কোন কর্মচারীকে উপযুক্ত কর্তৃপক্ষ অর্ধ-বেতনে অনধিক ১২ (বার) মাস অধ্যয়ন ছুটি মঞ্জুর করিতে পারেন এবং এইরূপ ছুটি তাহার ছুটির হিসাব হইতে বাদ দেওয়া হইবে না।

(২) যে ক্ষেত্রে কোন কর্মচারীকে নির্দিষ্ট সময়ের জন্য কোন অধ্যয়ন ছুটি মঞ্জুর করা হয় এবং তিনি পরবর্তীকালে সেখানে পান যে, মঞ্জুরীকৃত ছুটির মেয়াদ তাহার অধ্যয়ন বা প্রশিক্ষণ ও পরীক্ষার জন্য প্রয়োজনীয় মেয়াদ অপেক্ষা কম, সেই ক্ষেত্রে সময়ের স্বল্পতা পূরণকল্পে উপযুক্ত কর্তৃপক্ষ অনধিক এক বৎসরের জন্য উক্ত অধ্যয়ন ছুটির মেয়াদ বর্ধিত করিতে পারেন।

(৩) পূর্ণ বেতনে বা অর্ধ বেতনে ছুটি বা বিনা বেতনে অসাধারণ ছুটির সহিত একত্রে অধ্যয়ন ছুটি মঞ্জুর করা যাইতে পারে। তবে, কোন অবস্থাতেই বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষা গ্রহণের জন্য কোন কর্মকর্তাকে একসাথে ৫ (পাঁচ) বৎসরের বেশী সময়ের মঞ্জুরী দেওয়া যাইবে না। যদি কেহ প্রশিক্ষণ/উচ্চ শিক্ষার জন্য একসাথে ৫ (পাঁচ) বৎসরের বেশী সময় ছুটিতে অথবা ছুটি ছাড়া নিজ পদ হইতে অনুপস্থিত থাকেন তবে তাহার ক্ষেত্রে বিএসআর ৩৪ প্রযোজ্য হইবে, এবং শিক্ষা ছুটি উদারভাবে মঞ্জুর করা যাইবে এবং ইহা দেশের অভ্যন্তরে কোন সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানে অথবা কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নের জন্য মঞ্জুর করা যাইবে। যে কোন শিক্ষা ছুটির ক্ষেত্রে প্রাপ্তবিত শিক্ষা বিষয়ের সাথে কর্মকর্তার দায়িত্বের সামঞ্জস্য না থাকিলেও ইহা কার্যকরী হইবে। এতদবিষয়ে সংস্থাপন মন্ত্রণালয়ে সূত্র নং সম (বিঃপ্রঃ)-৮০/৯২-৫১৮(৫০০) তারিখ ২৯-০৮-১৯৯২ ইং অনুসরণীয় হইবে এবং এই বিষয়ে পরবর্তীতে সময় সময় জারীকৃত বিধানাবলী/সংশোধনীসমূহ একইভাবে প্রযোজ্য হইবে।

২৮। নৈমিত্তিক ছুটি:-

(১) সরকার সময়ে সময়ে উহার কর্মচারীদের জন্য প্রতি পত্রিকা বৎসরে হতদিন ছুটি নির্ধারণ করিবে, কর্মচারীগণ মোট হতদিন নৈমিত্তিক ছুটি পাইবেন।

২৯। ছুটির পদ্ধতি:-

(১) প্রত্যেক কর্মচারীর ছুটির হিসাব কোম্পানী কর্তৃক নির্ধারিত নিয়ম ও পদ্ধতিতে সংরক্ষণ করা হইবে।

২২/১১/১৯

পৃষ্ঠা ১০/২২

- (২) ছুটির জন্য সকল আবেদন কোম্পানী কর্তৃক নির্ধারিত ফরমে ও উপযুক্ত কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।
- (৩) আবেদনকারী যে কর্মকর্তার অধীনে কর্মরত আছেন, তাহার সুপারিশক্রমে উপযুক্ত কর্তৃপক্ষ ছুটি মঞ্জুর করিতে পারেন।
- (৪) বিশেষ পরিস্থিতিতে কোন কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, তাহার অধীনে কর্মরত কোন কর্মচারীর ছুটি পাওনা রহিয়াছে, তবে তিনি আনুষ্ঠানিক মঞ্জুরী আদেশ সাপেক্ষে উক্ত কর্মচারীকে অন্তর্ক ১৫ (পনের) দিনের জন্য ছুটিতে যাইবার অনুমতি দিতে পারেন।
- (৫) পেনশন প্রধার একজন কর্মচারী কমপক্ষে ১৫ (পনের) দিনের পূর্ণ বেতনে ছুটি জমা থাকা সাপেক্ষে, প্রতি তিন বৎসর ধারাবাহিক চাকুরীর জন্য একবার ১৫ (পনের) দিনের বিনোদন ছুটি ভোগ করিতে পরিবেন। এই প্রকার ছুটিকালীন সময়ে ছুটিকালীন বেতন ছাড়াও এক মাসের মূল বেতনের সমান বিনোদন ভাতা প্রাপ্ত হবেন। তবে, বিনোদন ছুটির বিকল্প হিসাবে অবকাশ ঘাপনের জন্য প্রচলিত লীফ ফেয়ার এ্যাসিসটেন্স সুবিধা ভোগ করা যাইবে (গ্র্যাচুইটি প্রধারও ইহা প্রযোজ্য হইবে)।

৩০। ছুটিকালীন বেতন:

- (১) কোন কর্মচারী পূর্ণ বেতনে ছুটিতে থাকা কালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন, সেই বেতনের সমান হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।
- (২) কোন কর্মচারী অর্ধবেতনে ছুটিতে থাকা কালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন, সে বেতনের অর্ধহারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

৩১। ছুটি হইতে প্রত্যাবর্তন করানো:

- (১) ছুটি ভোগরত কোন কর্মচারীকে ছুটির মেয়াদ শেষ হইবার পূর্বে দায়িত্ব পালনের জন্য তলব করা যাইতে পারে। তাহাকে অনুপস্থিতভাবে তলব করা হইলে, তিনি সেই কর্মস্থলে ফিরিয়া আসিবার জন্য নির্দেশিত হইয়াছে, উহার উদ্দেশ্যে রওনা হওয়ার তারিখ হইতে তাহাকে কর্মরত বলিয়া গণ্য করা হইবে এবং এতদুদ্দেশ্যে ভ্রমণের জন্য প্রবিধান-৩৩ অনুসারে তিনি ভ্রমণ ভাতা ও অন্যান্য ভাতা পাইবার অধিকারী হইবেন।

৩২। ছুটি নগদায়ন:

- (১) কোন একজন কর্মচারী যিনি পেনশন এবং সাধারণ ভবিষ্যত তহবিল পরিকল্পনে নিজ অত্তহুতির ইচ্ছা প্রকাশ করেন নাই, তিনি তাহার সম্পূর্ণ চাকুরীকালে প্রতি বৎসরে প্রত্যাখ্যাত বা অজোগকৃত অর্জিত ছুটির শতকরা ১০০ ভাগ নগদ টাকায় রূপান্তরিত করার জন্য অনুমতি পাইতে পারেন।
- (২) সর্বশেষ মূল বেতনের বৃদ্ধিতে উপ-প্রবিধান (১) উল্লিখিত ছুটি নগদ টাকায় রূপান্তরিত করা যাইবে।


পঞ্চম অধ্যায়

ভ্রমণ ভাতা, সম্মানী ভাতা ইত্যাদি

- ৩৩। কোম্পানীর কোন কর্মকর্তা/কর্মচারী তাহার দায়িত্ব পালনার্থে বা বদলী উপলক্ষে ভ্রমণকালে যেই ভ্রমণভাতা ও সৈনিক ভাতা পাইবেন, উহার পরিমাণ ও সংশ্লিষ্ট বিষয়াদি এতদুদ্দেশ্যে প্রণীত অথবা প্রণীতব্য প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে, এবং উক্ত ভ্রমণভাতা প্রবিধানমালা এই চাকুরী প্রবিধানমালার অংশ হিসাবে গণ্য হইবে।

৩৪। সম্মানী ভাতা ইত্যাদি:

- (১) কোম্পানী ইহার কোন কর্মকর্তা কর্মচারীকে সাময়িক প্রকৃতির উন্নয়নমূলক বা কোম্পানীর উন্নয়নকল্পে অবদানমূলক কর্ম সম্পাদনের জন্য নগদ অর্থ আকারে বা অন্যবিধভাবে সম্মানী ভাতা বা পুরস্কার প্রদান করিতে পারিবে।
- (২) এতদুদ্দেশ্যে গঠিত কমিটি কর্তৃক সুপারিশকৃত না হইলে উপ-প্রবিধান-(১)-এর অধীনে কোন সম্মানীভাতা বা পুরস্কার মঞ্জুর করা যাইবে না।


পৃষ্ঠা ১১/২২

- (৩) অন্যান্য জাভা/সমমানের জাভার ক্ষেত্রে কোম্পানী পরিচালনা বোর্ড কর্তৃক নিম্নোক্ত গৃহীত হইবে। তবে, বর্তমানে প্রচলিত জাভাদি বহাল থাকিতে পারে এবং প্রয়োজনে কোম্পানী পরিচালনা বোর্ড উহার পরিবর্তন ও সংশোধন করিতে পারিবে।

৩৫। দায়িত্ব জাভা:

- (১) কোন কর্মকর্তা উপযুক্ত কর্তৃপক্ষের আদেশক্রমে কমপক্ষে ২১ (একুশ) দিনের জন্য তাহার নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে উচ্চতর/সমপর্যায়ের কোন পদের দায়িত্ব পালন করিলে, সমস্ত সময়ের জন্য তাহার মূল বেতনের শতকরা ১০% ভাগ হারে প্রতি মাসে সর্বোচ্চ ১,৫০০/- (একহাজার পাঁচ শত) টাকা দায়িত্ব জাভা সর্বোচ্চ এক বৎসর মেয়ালের জন্য প্রদান করা যাইবে।

৩৬। উৎসব বোনাস:

- (১) কোম্পানী কর্তৃক এতদুদ্দেশ্যে সময় সময় জারীকৃত আদেশ মোতাবেক কোম্পানীর কর্মকর্তা/কর্মচারীগণকে উৎসব বোনাস প্রদান করা যাইতে পারে।

ষষ্ঠ অধ্যায়

চাকুরীর বৃত্তান্ত

৩৭। চাকুরীর বৃত্তান্ত:

- (১) প্রত্যেক কর্মচারীর চাকুরীর বৃত্তান্ত পৃথকভাবে সংরক্ষণ করা হইবে এবং উক্ত বৃত্তান্ত কোম্পানী কর্তৃক নির্ধারিত চাকুরী বহিতে সংরক্ষিত থাকিবে।
- (২) কোন কর্মচারী এতদুদ্দেশ্যে কর্তৃত্ব প্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে প্রতি বৎসরে একবার তাহার চাকুরী বহি দেখিতে পারিবেন এবং এইরূপ দেখিবার পর উহাতে লিপিবদ্ধ বিষয়াদি সঠিক ও সম্পূর্ণ বলিয়া উল্লেখ পূর্বক তারিখসহ স্বাক্ষর করিবেন।
- (৩) যদি কোন কর্মচারী তাহার চাকুরী বহি দেখিবার সময় উহাতে কোন বিষয় ত্রুটিপূর্ণভাবে লিপিবদ্ধ হইয়াছে বা বাদ পড়িয়াছে বলিয়া মনে করেন, তাহা হইলে, তিনি উহা সংশোধনের জন্য ১৫ (পনের) দিনের মধ্যে বিষয়টি লিপিবদ্ধভাবে কর্তৃত্ব প্রাপ্ত কর্মকর্তার দৃষ্টিগোচর করিবেন এবং উক্ত কর্মকর্তা চাকুরী বহিতে প্রয়োজনীয় সংশোধন করিবেন।

৩৮। বার্ষিক প্রতিবেদন:

- (১) কোম্পানী উহার কর্মচারীগণ কর্তৃক সম্পাদিত কার্য এবং তাহাদের আচরণ সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন পদ্ধতি প্রস্তুত করিবেন এবং উক্ত প্রতিবেদন "বার্ষিক গোপনীয় প্রতিবেদন" নামে অভিহিত হইবে এবং বিশেষ ক্ষেত্রে প্রয়োজনবোধে কোম্পানী উহার কোন নির্দিষ্ট "বিশেষ গোপনীয় প্রতিবেদন" প্রতিবেদনকারী কর্মকর্তার নিকট হইতে চাইতে পারিবে।
- (২) কোন কর্মচারী তাহার গোপনীয় প্রতিবেদন দেখিতে পারিবেন না। কিন্তু উহাতে কোন বিরূপ মন্তব্য থাকিলে, উহার কৈফিয়ত প্রদান কিংবা তাহার নিজেকে সংশোধনের সুযোগ দেওয়া হইবে।


সপ্তম অধ্যায়

সাধারণ আচরণ ও শৃঙ্খলা

৩৯। আচরণ ও শৃঙ্খলা:

(১) প্রত্যেক কর্মচারী:

- (ক) এই প্রবিধানমালা মানিয়া চলিবেন।
- (খ) যে ব্যক্তি বা ব্যক্তিবর্গের এখতিয়ার তত্ত্বাবধান বা নিয়ন্ত্রণ আপাততঃ কর্মে নিয়োজিত রহিয়াছেন, তাহার বা তাহাদের দ্বারা সময় সময়ে প্রদত্ত সকল আদেশ নির্দেশ পালন করিবেন এবং মানিয়া চলিবেন, এবং
- (গ) সততা, নিষ্ঠা ও অধ্যবসায়ের সহিত কোম্পানীর চাকুরী করিবেন।


পৃষ্ঠা ১২/২২



(২) কোন কর্মচারী:

- (ক) কোন রাজনৈতিক কর্মকাণ্ড যেমন সভা, মিছিল আন্দোলন ইত্যাদিতে অংশগ্রহণ করিবেন না, উহার সাহায্যার্থে ঋণদান বা অন্য কোন উপায়ে উহার সহায়তা করিবেন না এবং কোম্পানীর স্বার্থের পরিপন্থি কোন কার্যকলাপে নিজেকে জড়িত করিবেন না।
- (খ) তাহার অববহিত উর্দ্ধতন কর্মকর্তার পূর্ব অনুমতি ব্যতিরেকে দায়িত্বে অনুপস্থিত থাকিবেন না কিংবা চাকুরীস্থল ত্যাগ করিবেন না।
- (গ) কোম্পানীর সহিত লেনদেন রহিয়াছে কিংবা লেনদেন থাকার সম্ভাবনা রহিয়াছে, এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হইতে কোন দান বা উপহার গ্রহণ করিবেন না।
- (ঘ) কোন বীমা কোম্পানীর এজেন্ট হিসাবে কাজ করিবেন না।
- (ঙ) কোন ব্যবসায়ের কাজে নিয়োজিত হইবেন না, কিংবা নিজে বা অন্য কোন ব্যক্তির প্রতিনিধি হিসাবে অনুরূপ কোন ব্যবসা পরিচালনা করিবেন না।
- (চ) উপযুক্ত কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন ব্যতিরেকে, বাহিরের কোন অবৈতনিক বা বৈতনিক চাকুরী গ্রহণ করিবেন না, এবং
- (ছ) সরকার বা উপযুক্ত কর্তৃপক্ষের অনুরোধ ব্যতিত কোন স্বত্বাধীন কার্যের দায়িত্ব গ্রহণ করিবেন না।
- (জ) কোন কর্মচারী কোম্পানীর নিকট বা উহার কোন উর্দ্ধতন কর্মকর্তার নিকট কোন ব্যক্তিগত নিবেদন সরাসরি পেশ করিতে পারিবেন না। কোন নিবেদন থাকিলে তাহা কর্মচারীর অববহিত উর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে পেশ করিতে হইবে।
- (ঝ) কোন কর্মচারী তাহার চাকুরী সম্পর্কিত কোন দাবীর সমর্থনে বোর্ড বা কোন উর্দ্ধতন কর্মকর্তার বা কোন কর্মকর্তার উপর রাজনৈতিক বা অন্যকি প্রকার বিস্তার করিবেন না অথবা বিস্তারের চেষ্টা করিবেন না।
- (ঞ) কোন কর্মচারী তাহার কোন বিষয়ে ইত্বক্ষেপ করার জন্য সরাসরি কোন মন্ত্রী বা সংসদ সদস্য বা অন্য কোন বেসরকারী বা সরকারী ব্যক্তির স্মরণাপন্ন হইবেন না।
- (ট) কোন কর্মচারী কোম্পানীর বিষয়াদি সম্পর্কে উপযুক্ত কর্তৃপক্ষের পূর্ব অনুমতি ব্যতিত সংবাদপত্র বা অন্য কোন গণ-মাধ্যমের সহিত কোন যোগাযোগ স্থাপন করিবেন না।
- (ঠ) প্রত্যেক কর্মচারী অভ্যাসগত স্বব্রতত্বতা পরিহার করিবেন।
- (ড) শ্রম ও শিল্প আইনের আওতাধীন কর্মচারীগণের ক্ষেত্রে শ্রম ও শিল্প আইনের সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হইবে।

৪০। মস্তক ভিত্তি-

কর্তৃপক্ষের মতে যদি কোন কর্মচারী:-

- (ক) তাহার দায়িত্ব পালনে অবহেলার দায়ে দোষী হন, অথবা
- (খ) অসদাচরণের দায়ে দোষী হন, অথবা-
- (গ) পলায়নের দায়ে দোষী হন, অথবা-
- (ঘ) অসঙ্গ হন, অথবা ক্ষমতা হানাহীরা চেষ্টেন, অথবা-
- (ঙ) নিম্নবর্ণিত কারণে দৃষ্টিপারায়ন হন বা যুক্তিসঙ্গতভাবে দৃষ্টিপারায়ন বলিয়া বিবেচিত হন, যথা-
- (অ) তিনি বা তাহার কোন পোষা বা তাহার মাধ্যমে বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি তাহার প্রকাশ্য আয়ের উৎসের সহিত অসংগতিপূর্ণ অর্থ সম্পদ বা সম্পত্তি লবলে রাখেন, যাহা অর্জনের যৌক্তিকতা দেখাইতে তিনি ব্যর্থ হন, অথবা-
- (আ) তাহার প্রকাশ্য আয়ের সঙ্গে সঙ্গতি রক্ষা না করিয়া জীবন যাপন করেন, অথবা-



পৃষ্ঠা ১৩/২২

(গ) চুরি, আত্মসং, তহবিল ভস্মরূপ বা প্রভাবশালী নামে গোপী হন, অথবা-

(ঘ) কোম্পানী বা জাতীয় নিরাপত্তার হানিকর বা ন্যাসকতামূলক কার্যে লিপ্ত হন বা অনুরূপ কার্যে লিপ্ত রহিয়াছেন বলিয়া সন্দেহ করার যুক্তি সমস্ত কারণ থাকে, অথবা এইরূপ অন্যান্য ব্যক্তিদের সহিত সংশ্লিষ্ট রহিয়াছেন বলিয়া সন্দেহ করার যুক্তি সমস্ত কারণ থাকে যে, অন্যান্য ব্যক্তিগণ কোম্পানীর বা জাতীয় নিরাপত্তা হানিকর বা ন্যাসকতামূলক কার্যে লিপ্ত রহিয়াছেন এবং সেই কারণে চাকুরীতে রাখা সমীচীন নহে বলিয়া বিবেচিত হয়, তাহা হইলে, কর্তৃপক্ষ উক্ত কর্মচারীর উপর এক বা একাধিকবার দণ্ড আরোপ করিতে পারেন।

(জ) শ্রম ও শিল্প আইনের আওতাধীন কর্মচারীগণের ক্ষেত্রে শ্রম ও শিল্প আইনের সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হইবে।

৪১। দণ্ড সমূহ:-

(১) এই প্রবিধানের অধীনে নিম্নরূপ দণ্ডসমূহ আরোপযোগ্য হইবে, যথা:-

(ক) নিম্নরূপ শাস্তি দণ্ড, যথা:-

(অ) তিরস্কার

(আ) নির্দিষ্ট মেয়াদের জন্য পদোন্নতি বা বেতন বৃদ্ধি স্থগিত রাখা,

(ই) ৭ (সাত) দিনের বেতনের সম-পরিমাণ টাকা কর্তন।

(খ) নিম্নরূপ গুরুতর দণ্ড:-

(অ) নিম্ন পদে বা নিম্নতর বেতনক্রমে বা বেতনক্রমের নিম্নতরে অবনতকরণ অথবা এক বা একাধিক বেতন বৃদ্ধি বাতিলকরণ।

(আ) কর্মচারী কর্তৃক সংঘটিত কোম্পানীর আর্থিক ক্ষতির অংশ বিশেষ বা সম্পূর্ণ তাহার বেতন বা অন্যকোন খাতের পাওনা হইতে আদায়করণ।

(ই) চাকুরী হইতে অপসারণ, অবসর প্রদান এবং

(ঈ) চাকুরী হইতে বরখাস্ত।

(২) কোন কর্মচারী চাকুরী হইতে অপসারিত হওয়ার ক্ষেত্রে নহে এবং চাকুরী হইতে বরখাস্ত হওয়ার ক্ষেত্রে, অবস্থাতে কোম্পানীর চাকুরীতে নিযুক্ত হওয়ার অযোগ্য বলিয়া গণ্য হইবে।

(৩) শ্রম ও শিল্প আইনের আওতাধীন কর্মচারীগণের ক্ষেত্রে শ্রম ও শিল্প আইনের সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হইবে।

৪২। প্রসঙ্গাত্মক কার্যকলাপের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি:-

(১) প্রবিধান-৪০ (২) এর অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সূচনা করার ক্ষেত্রে-

(ক) সংশ্লিষ্ট কর্মচারীকে লিখিত আদেশ দ্বারা উক্ত আদেশে উল্লেখিত তারিখ হইতে তাহার প্রাপ্য কোন প্রকার ছুটিতে মাইবার জন্য নির্দেশ দিতে পারেন।

(খ) লিখিত আদেশ দ্বারা তাহার ব্যাপারে যে ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করে, সেই ব্যবস্থা এবং সেই ব্যবস্থা গ্রহণের ভিত্তিসমূহ সম্পর্কে তাহাকে অবহিত করিবেন এবং

(গ) উপ-প্রবিধান-(২) এর অধীনে গঠিত তদন্ত কমিটির নিকট উক্ত কর্মচারীর বিরুদ্ধে প্রস্তাবিত ব্যবস্থার বিপক্ষে কারণ দর্শাইবার জন্য তাহাকে যুক্তি সংগত সুযোগ প্রদান করিবেন।

তবে, শর্ত থাকে যে, যেই ক্ষেত্রে কর্তৃপক্ষ এই মর্মে সন্তুষ্ট হয় যে, কোম্পানী বা জাতীয় নিরাপত্তার স্বার্থে তাহাকে অনুরূপ সুযোগ প্রদান সমীচীন নহে, সেই ক্ষেত্রে তাহাকে অনুরূপ কোন সুযোগ প্রদান করা হইবে না।

(২) এই প্রবিধানের অধীন কোন কার্যধারার তদন্ত সম্পাদন করিবার জন্য কর্তৃপক্ষ অভিযুক্ত কর্মকর্তা/কর্মচারীর পদ-মর্যাদার নিম্নে নাহে, এমন তিনজন কর্মকর্তা/কর্মচারীর সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করিবেন।

পৃষ্ঠা ১৪/২২

- (৩) উপ-প্রবিধান-(২) এর অধীনে গঠিত তদন্ত কমিটি অভিযোগের তদন্ত করিয়া কর্তৃপক্ষের নিকট তদন্তের ফলাফল প্রতিবেদন আকারে পেশ করিবে এবং কর্তৃপক্ষ উক্ত প্রতিবেদনের উপর যেইরূপ উপযুক্ত বলিয়া মনে করিবে, সেইরূপ আদেশ প্রদান করিবে।

- (৪) শ্রম ও শিল্প আইনের আওতাধীন কর্মচারীগণের ক্ষেত্রে শ্রম ও শিল্প আইনের সাংশ্রিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হইবে।

৪৩। লঘু দণ্ডের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি:-

- (১) এই প্রবিধানমালার অধীনে কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সূচনা করার ক্ষেত্রে কর্তৃপক্ষ যদি এইরূপ অভিমত পোষণ করেন যে, তাহার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হইলে তাহাকে তিরস্কার অপেক্ষা গুরুতর প্রদান করা হইবে, তাহা হইলে, কর্তৃপক্ষঃ
- (ক) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তাহাকে লিখিতভাবে জানাইবে এবং অভিযুক্ত ব্যক্তি কর্তৃক অভিযোগনামা প্রাপ্তির অনধিক সাতটি কার্যদিবসের মধ্যে তাহার আচরণের কৈফিয়ত সেওয়ার জন্য এবং তিনি ব্যক্তিগতভাবে তদানীন্তন ইচ্ছা পোষণ করেন কিনা তাহা জানাইবার জন্য তাহাকে নির্দেশ প্রদান করিবে, এবং
- (খ) নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত ব্যক্তি কর্তৃক পেশকৃত কৈফিয়ত যদি কিছু থাকে, বিবেচনা করিবে এবং তিনি যদি ব্যক্তিগতভাবে তদানীন্তন ইচ্ছা পোষণ করিয়া থাকেন, তবে তাহাকে ব্যক্তিগতভাবে তদানীন্তন সুযোগ সেওয়ার পর অথবা নির্ধারিত সময়ের মধ্যে যদি তিনি কৈফিয়ত পেশ না করিয়া থাকেন, তবে এইরূপ সময়ের মধ্যে তাহাকে লঘু দণ্ড প্রদান করিতে পারেন।

তবে, শর্ত থাকে যে, কর্তৃপক্ষ প্রয়োজনবোধে অভিযুক্ত কর্মচারীর পদমর্যাদার উক্ত পদে আসীন একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিতে পারিবেন এবং তদন্তকারী কর্মকর্তা তদন্তের প্রতিবেদন দাখিল করিবেন।

- (২) তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন পাইবার পর কর্তৃপক্ষ তৎসম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন, অথবা প্রয়োজন মনে করিলে পুনঃ/অধিকতর তদন্তের জন্য আদেশ দিতে পারেন, অথবা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারেন।

- (৩) পুনঃ তদন্তের ফলাফল ও প্রতিবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন।


- (৪) যে ক্ষেত্রে ৪০ (ক) বা (খ) বা (গ) এর অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কোন কার্যধারা সূচনা করিতে হয় এবং কর্তৃপক্ষ অভিমত পোষণ করেন যে, অভিযোগ প্রমাণিত হইলে, তিরস্কারের দণ্ড প্রদান করা হইবে, সেই ক্ষেত্রে কর্তৃপক্ষ ব্যক্তিগতভাবে তাহার তদানীন্তন ইচ্ছা গ্রহণ করতঃ দণ্ডের কারণ লিপিবদ্ধ করার পর অভিযুক্ত ব্যক্তির প্রতি উক্ত দণ্ড আরোপ করিতে পারেন, তবে যদি অভিযুক্ত ব্যক্তি উপস্থিত না হন বা উপস্থিত হইতে অস্বীকার করেন, তাহা হইলে তদানীন্তন ব্যক্তিরকেই তাহার উপর দণ্ড আরোপ করা যাইবে। অথবা উপ-প্রবিধান (১) (ক) এবং (৩) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করার পর অভিযোগ প্রমাণিত হইলে তিরস্কার অপেক্ষা গুরুতর দণ্ড আরোপ করা যাইবে এবং যদি অভিযুক্ত ব্যক্তি দাবী করেন যে, তাহাকে লিখিতভাবে জানাইতে হইবে, তাহা হইলে উপ-প্রবিধান (১) হইতে (৩) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

- (৫) শ্রম ও শিল্প আইনের আওতাধীন কর্মচারীগণের ক্ষেত্রে শ্রম ও শিল্প আইন-এর সাংশ্রিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হইবে।

৪৪। গুরু দণ্ডের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি :

- (১) যেই ক্ষেত্রে কোন কর্মচারীর বিরুদ্ধে এই প্রবিধানমালার অধীন কোন কার্যধারা সূচনা করিতে হইবে এবং কর্তৃপক্ষ এইরূপ অভিমত পোষণ করেন যে, অভিযোগ প্রমাণিত হইলে গুরুতর আরোপ করার প্রয়োজন হইবে, সেই ক্ষেত্রে কর্তৃপক্ষঃ-

- (ক) অভিযোগনামা প্রণয়ন করিবে এবং প্রস্তাবিত দণ্ডের বিষয় উদ্ঘাটে উল্লেখ করিবে এবং যে সকল অভিযোগের ক্ষিপ্রত অভিযোগনামা প্রণীত হইয়াছে, তাহার বিবরণ এবং কর্তৃপক্ষ আদেশ প্রদানের সময় অন্য যে সকল ঘটনা বিবেচনা করার ইচ্ছা পোষণ করে, তাহাও কর্মচারীকে অবহিত করিবে।


পৃষ্ঠা ১৫/২২

(খ) অভিযুক্ত ব্যক্তিকে অভিযোগনামা অবহিত করার পর দশটি কার্যদিবসের মধ্যে তিনি তাহার আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি পেশ করিবেন এবং প্রস্তাবিত দণ্ড কেন তাহার উপর আরোপ করা হইবে না, তৎসম্পর্কে কারণ দর্শাইবেন এবং তিনি ব্যক্তিগত গুনানীর ইচ্ছা পোষণ করেন কিনা তাহাও উক্ত বিবৃতিতে উল্লেখ করিবেন।

তবে, শর্ত থাকে যে, উল্লেখিত মেয়াদ শেষ হইবার পূর্বে অভিযুক্ত ব্যক্তি যদি সমর বৃদ্ধির জন্য আবেদন করেন, তাহা হইলে কর্তৃপক্ষ তাহার লিখিত বিবৃতি পেশ করার জন্য দশটি কার্যদিবস পর্বত সমর দিতে পারেন।

(২) যেই ক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি উপ-প্রবিধান (১) তে উল্লেখিত সময়ের মধ্যে, তাহার আত্মপক্ষ সমর্থনের জন্য বিবৃতি পেশ করেন, সেই ক্ষেত্রে কর্তৃপক্ষ অভিযোগ সংক্রান্ত সকল বিষয়াদি প্রমাণসহ তাহার লিখিত বিবৃতি বিবেচনা করিবে এবং অনুরূপ বিবেচনার পর কর্তৃপক্ষ যদি অভিমত পোষণ করে যে,

(ক) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে সুচিত কার্যধারাটি অগ্রসর হইবার পর্যাপ্ত কারণ নাই, তাহা হইলে উক্ত অভিযোগ প্রত্যাখ্যার করিবে এবং তদানুসারে উক্ত কার্যধারা নিষ্পত্তি হইবে।

(খ) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে সুচিত কার্যধারাটি অগ্রসর হইবার পর্যাপ্ত কারণ আছে, কিন্তু তাহার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হইলে দণ্ড প্রদানের প্রয়োজন হইবে, তাহা হইলে অভিযুক্ত ব্যক্তিকে ব্যক্তিগতভাবে গুনানীর সুযোগদান করিরা তাহার আত্মপক্ষ সমর্থনের জন্য বিবৃতি পেশের তারিখ হইতে ত্রিশটি কার্যদিবসের মধ্যে যে কোন একটি লঘু দণ্ড প্রদান করিতে পারিবেন অথবা লঘু দণ্ড আরোপের উদ্দেশ্যে প্রবিধান-৪৩ এর অধীনে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগে উক্ত প্রবিধানে বর্ণিত কার্য প্রণালী অনুসরণ করিতে পারিবে।

(গ) উক্ত কার্য ধারার অভিযুক্ত ব্যক্তির উপর গুরুদণ্ড আরোপের জন্য পর্যাপ্ত কারণ থাকিলে, সেই ক্ষেত্রে অভিযোগ তদন্তের জন্য অভিযুক্ত ব্যক্তির পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা বা অনুরূপ একাধিক কর্মকর্তার সমন্বয়ে একটি তদন্ত কমিটি নিয়োগ করিবে।

(৩) যেই ক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি উপ-প্রবিধান-(১) এ উল্লেখিত বা বর্ধিত সময়ের মধ্যে তাহার আত্মপক্ষ সমর্থনের জন্য লিখিত বিবৃতি পেশ না করেন, সেই ক্ষেত্রে কর্তৃপক্ষ নির্ধারিত সময়সীমা বা বর্ধিত সময় শেষ হওয়ার তারিখ হইতে দশটি কার্যদিবসের মধ্যে অভিযোগনামার বর্ণিত অভিযোগ তদন্ত করার জন্য অভিযুক্ত ব্যক্তির পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা বা অনুরূপ একাধিক কর্মকর্তার সমন্বয়ে একটি তদন্ত কমিটি নিয়োগ করিবেন।

(৪) তদন্তকারী কর্মকর্তা বা ক্ষেত্র বিশেষে তদন্ত কমিটি তদন্তের আদেশ দানের তারিখ হইতে দশটি কার্যদিবসের মধ্যে তদন্তের কাজ শুরু করিবেন এবং প্রবিধান-৪৫ এ বর্ণিত পদ্ধতি অনুসারে তদন্ত পরিচালনা করিবেন এবং তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত কমিটি কর্তৃপক্ষের নিকট তাহার বা উহার তদন্ত প্রতিবেদন পেশ করিবেন।

(৫) তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন গ্রাপ্তির পর কর্তৃপক্ষ প্রতিবেদনটি বিবেচনা করিবে এবং উক্ত অভিযোগের উপর উহার সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন, অভিযুক্ত ব্যক্তিকে উক্ত প্রতিবেদনের কণিসহ সিদ্ধান্তটি জানানাইবেন।


(৬) কর্তৃপক্ষ যদি উপ-প্রবিধান-(৫) বোতাবেক গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করে, তবে, প্রস্তাবিত দণ্ড অভিযুক্ত ব্যক্তির প্রতি কেন আরোপ করা হইবে না তৎসম্পর্কে সাতটি কার্যদিবসের মধ্যে কারণ দর্শাইবার জন্য তাহাকে নির্দেশ দিবে।

(৭) কর্তৃপক্ষ উক্ত কার্যধারার উপর চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং অভিযুক্ত ব্যক্তিকে উহা অবহিত করিবে।

(৮) এই প্রবিধানের অধীন তদন্ত কার্যধারায় পর্যাপ্ত সাক্ষ্য প্রমাণ লিপিবদ্ধ থাকিতে হইবে এবং তদন্ত কর্মকর্তা বা তদন্ত কমিটির প্রতিবেদন উক্ত সাক্ষ্য প্রমাণ ও যুক্তিসঙ্গত কারণের ভিত্তিতে প্রস্তুতকৃত হইবে।

(৯) এইরূপ সকল তদন্ত কার্যধারা গোপনীয় বলিয়া গণ্য হইবে।

(১০) শ্রম ও শিল্প আইনের আওতাধীন কর্মচারীগণের ক্ষেত্রে শ্রম ও শিল্প আইনের সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হইবে।


পৃষ্ঠা ১৬/২২

- (১) তদন্ত কর্মকর্তা দ্রুততার সহিত সংশ্লিষ্ট বিষয়ে তদন্তী অনুষ্ঠান করিবেন এবং কারণ লিপিবদ্ধ না করিয়া উক্ত তদন্তী দ্রুততরী রাখিবেন না।
- (২) এই প্রবিধানের অধীনে পরিচালিত তদন্তের ক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি যে সকল অভিযোগ স্বীকার করেন নাই, সেই সকল অভিযোগ সম্পর্কে মৌখিক স্বাক্ষর তদন্তীতে লিপিবদ্ধ করা হইবে এবং অভিযোগসমূহের ব্যাপারে প্রাসঙ্গিক বা গুরুত্বপূর্ণ দলিলাদি স্বাক্ষর বিবেচনা করা হইবে। অভিযুক্ত ব্যক্তি তাহার প্রতিপক্ষের স্বাক্ষরগণকে জেরা করার এবং তিনি নিজে স্বাক্ষর প্রদান করার এবং তাহার পক্ষ সমর্থন করার জন্য কোন স্বাক্ষরকে তলব করার অধিকারী হইবে না। অভিযোগ ও সংশ্লিষ্ট সকল বিষয় উপস্থাপনকারী ব্যক্তি ও অভিযুক্ত ব্যক্তি এবং তাহাদের তলবকৃত স্বাক্ষরগণকে জেরা করার অধিকারী হইবেন। অভিযুক্ত ব্যক্তি প্রাসঙ্গিক নথিপত্রের জন্য অনুরোধ করিতে পারিবেন, তবে তাহাকে তাহার বক্তব্যের অংশ ব্যতীত নথির টোকা অংশ কোন প্রকারেই দেবিত্তে দেওয়া হইবে না। অভিযুক্ত ব্যক্তিকে যেই লিখিত বিবৃতি প্রদানের নির্দেশ দেওয়া হইবে, তিনি তাহা লিখিয়া স্বাক্ষর করিবেন এবং যদি অভিযুক্ত ব্যক্তি তাহা স্বাক্ষর করিতে অস্বীকার করেন, তাহা হইলে তদন্তকারী কর্মকর্তা ঐ বিষয়টি লিপিবদ্ধ করিয়া রাখিবেন।
- (৩) তদন্তকারী কর্মকর্তা কারণ লিপিবদ্ধ করিয়া কোন নির্দিষ্ট স্বাক্ষরকে তলব করিতে বা কোন নির্দিষ্ট স্বাক্ষর তলব করিতে বা উহা গ্রহণ করিতে অস্বীকার করিতে পারেন।
- (৪) কর্তৃপক্ষ অভিযোগ ও উহার সমর্থনে অন্যান্য সকল বিষয়ে তদন্তকারী কর্মকর্তার নিকট উপস্থাপনের জন্য যে কোন ব্যক্তিকে মনোনীত করিতে পারেন।
- (৫) তদন্তকারী কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, অভিযুক্ত ব্যক্তি তদন্তের অগ্রগতিতে বাধা প্রদান করিতেছেন বা বাধা প্রদানের চেষ্টা করিতেছেন তাহা হইলে তিনি অভিযুক্ত ব্যক্তিকে ঐ ব্যাপারে সতর্ক করিয়া দিবেন এবং ইহার পরেও যদি সেধিতে পান যে, অভিযুক্ত ব্যক্তি ইহা অমান্য করিয়া কাজ করিতেছেন তাহা হইলে তিনি সেই মর্মে তাহার সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন এবং ন্যায় বিচারের জন্য তিনি সেই পদ্ধতি সর্বোত্তম বলিয়া মনে করেন, সেই পদ্ধতিতে তদন্ত সমাপ্ত করিবেন।
- (৬) তদন্তকারী কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, অভিযুক্ত ব্যক্তির আচরণ উক্ত কর্মকর্তার কর্তৃত্বের প্রতি অবমাননাকর, তাহা হইলে তিনি তৎসম্পর্কিত প্রাসঙ্গিক ঘটনাকালী ও পরিস্থিতি লিপিবদ্ধ করিবেন এবং বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করিবেন। অতঃপর কর্তৃপক্ষ উপযুক্ত বিবেচনা করিলে প্রবিধান ৪০(খ) হোজাহেব অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে পূর্বকভাবে কার্যধারা সূচনা করিতে পারে।
- (৭) তদন্তকারী কর্মকর্তা তদন্ত সমাপ্তির পর দশটি কার্যদিবসের মধ্যে তাহার তদন্তের ফলাফল প্রতিবেদন আকারে তদন্তের আদেশ দানকারী কর্তৃপক্ষের নিকট পেশ করিবেন।
- (৮) অভিযুক্ত ব্যক্তি দোষী নির্দোষ কিম্বা তাহা উল্লেখপূর্বক তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদন প্রতিটি অভিযোগের উপর স্বীয় সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন, তবে শাস্তি বা অন্য কিছু সম্পর্কে কোন সুপারিশ করিবেন না।
- (৯) কর্তৃপক্ষ কোন বিষয়ে উপযুক্ত বলিয়া মনে করিলে, এই প্রবিধানমালায় অধীনে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করার পরিবর্তে একাধিক ব্যক্তির সমন্বয়ে একটি তদন্ত কমিটি নিয়োগ করিতে পারেন এবং সেই ক্ষেত্রে অনুরূপ কোন তদন্ত কমিটি নিয়োগ করা হয়, সেই ক্ষেত্রে এই প্রবিধান তদন্তকারী কর্মকর্তার ক্ষেত্রে বিবেচিত হইবে।
- (১০) উপ-প্রবিধান (৯)-এর অধীনে নিযুক্ত কমিটির কোন সদস্যের অনুপস্থিতির কারণে উহার কোন কার্যক্রম বা সিদ্ধান্ত বাতিল প্রতিপন্ন হইবে না কিংবা তৎসম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।
- (১১) শ্রম ও শিল্প আইনের আওতাধীন কর্মসংস্পর্গের ক্ষেত্রে শ্রম ও শিল্প আইনের সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হইবে।

৪৬। সাময়িক বরখাস্ত :-

- (১) প্রবিধান-৪০ ও ৪১ এর অধীনে কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কোন অভিযোগের দায়ে ওরদত্ত প্রদানের সম্ভাবনা থাকিলে, কর্তৃপক্ষ প্রয়োজনীয় বা সমীচীন মনে করিলে, তাকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারেন।
- (২) তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ অধিকতর সমীচীন মনে করিলে, এইরূপ কর্মকর্তা/কর্মচারীকে সাময়িকভাবে বরখাস্ত করার পরিকল্পিত লিখিত আদেশ দ্বারা উক্ত আদেশের উল্লিখিত তারিখ হইতে ছুটি প্রাপ্যতা সাপেক্ষে, তাকে ছুটিতে যাইবার জন্য নির্দেশ দিতে পারেন।
- (৩) যেই ক্ষেত্রে কোন কর্মকর্তা/কর্মচারীর প্রতি আরোপিত চাকুরী হইতে বরখাস্ত বা অপসারণের আদেশ কোন আদালতের সিদ্ধান্তের দ্বারা বা উহার ফলে বাতিল বা অকার্যকর বলিয়া ঘোষিত হয় এবং কর্তৃপক্ষ বিষয়টির পরিস্থিতির বিবেচনার পর মূলতঃ যেই অভিযোগের ভিত্তিতে তাকে বরখাস্ত বা অপসারণের দত্ত দেওয়া হইয়াছিল, সেই ব্যাপারে তাহার বিরুদ্ধে অধিকতর তদন্ত কার্য চালাইবার সিদ্ধান্ত গ্রহণ করে, সেই ক্ষেত্রে উক্ত বরখাস্ত বা অপসারণের দত্ত আরোপের আদেশের তারিখ হইতে কর্মকর্তা/কর্মচারী সাময়িকভাবে বরখাস্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবে এবং পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত তিনি সাময়িকভাবে বরখাস্ত থাকিবেন।
- (৪) কোন কর্মকর্তা/ কর্মচারী সাময়িকভাবে বরখাস্ত থাকিবার সময়ে নিয়মানুযায়ী বোয়ালী ভাতা পাইবেন।
- (৫) ঋণ বা ফৌজদারী মামলায় করাগারে সোপর্দ কোন কর্মকর্তা/কর্মচারীকে শ্রেয়ভারের তারিখ হইতে বরখাস্তের দ্বারা পর্যন্ত সময়ের জন্য সাময়িক বরখাস্ত করা যাইবে।
- (৬) শ্রম ও শিল্প আইনের আওতাধীন কর্মচারীগণের ক্ষেত্রে শ্রম ও শিল্প আইনের সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হইবে।

৪৭। পুনর্বহাল:-

- (১) যদি প্রবিধান-৪২(ক) মোতাবেক ছুটিতে প্রেরিত কোন কর্মকর্তা/কর্মচারীকে চাকুরী হইতে বরখাস্ত বা অপসারিত, বা পদাবনত করা না হইয়া থাকে, তবে তাকে চাকুরীতে পুনর্বহাল করা হইবে, অথবা ক্ষেত্র বিশেষে, তাকে তাহার পদমর্যাদায় আনীন বা সমপদমর্যাদা প্রদান করা হইবে এবং ঐ ছুটিকালীন সময়ে তিনি পূর্ণ বেতনে কর্তব্যরত ছিলেন বলিয়া গণ্য করা হইবে।
- (২) সাময়িকভাবে বরখাস্ত কোন কর্মকর্তা/কর্মচারীকে পুনর্বহালের বিষয়ে সরকারী কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বাংলাদেশ চাকুরী বিধিমালা প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রযোজ্য হইবে।
- (৩) শ্রম ও শিল্প আইনের আওতাধীন কর্মচারী/শ্রমিকদের জন্য শ্রম ও শিল্প আইনের সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হইবে।

৪৮। ফৌজদারী মামলা, ইত্যাদিতে আবশ্যিক কর্মচারী ঋণ বা ফৌজদারী অপরাধের দায়ে কোন কর্মকর্তা/কর্মচারী করাগারে সোপর্দ হওয়ার কারণে কর্তব্য হইতে অনুপস্থিত থাকিলে, তাহার বিরুদ্ধে মামলা পরিসমাপ্তি না হওয়া পর্যন্ত এইরূপ অনুপস্থিত কালের জন্য তিনি কোন বেতন, ছুটিকালীন বেতন বা উক্ত সোপর্দ থাকাকালীন অন্যান্য ভাতাদি (বোয়ালী ভাতা ব্যতীত) পাইবেন না। মামলার পরিসমাপ্তি অনুসারে তাহার বেতন ও ভাতাদি উক্ত ঋণ বা অপরাধ সংক্রান্ত মামলা নিষ্পত্তির পর, সমস্তর সাধন করা হইবে। তিনি অভিযোগ হইতে খালস পাইলে, অথবা ঋণের দায়ে কারাবরণের ক্ষেত্রে, উক্ত দায় তাহার নিয়ন্ত্রণ বহির্ভূত পরিস্থিতির কারণে উদ্ভব হইয়াছে বলিয়া প্রমাণিত হইলে, তাহার প্রাপ্য বেতন-ভাতাদি টাকা সম্পূর্ণরূপে প্রদান করা হইবে। এইরূপ ভাতাকে সম্পূর্ণ টাকা প্রদান করা হইলে, উক্ত অনুপস্থিতকালে তিনি কর্তব্যরত ছিলেন বলিয়া গণ্য হইবে এবং উক্ত ঋণে প্রাপ্য বেতন-ভাতাদি বাবদ সম্পূর্ণ টাকা অপেক্ষা কম টাকা প্রদান করা হইলে, উক্ত সময় কর্তব্যকাপ বা ছুটি বলিয়া গণ্য হইবে, কিন্তু আদেশ দানকারী কর্তৃপক্ষ সেই মর্মে নির্দেশ প্রদান না করিলে, এইরূপ গণ্য করা হইবে না।

পৃষ্ঠা ১৮/২২

৪৯। আদেশের বিরুদ্ধে আপীল ৪-

- (১) কোন কর্মকর্তা/কর্মচারী নির্ধারিত কর্তৃপক্ষের নিকট অথবা যে ক্ষেত্রে অনুরূপ কোন কর্তৃপক্ষ নির্ধারিত নাই, সে ক্ষেত্রে যে আদেশদানকারী কর্তৃপক্ষের আদেশের বিরুদ্ধে আপীলের প্রস্তাব করা হইবে, সেই কর্তৃপক্ষ যে কর্তৃপক্ষের অধীনস্থ অথবা তাহার নিকট, অথবা যে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের অধীন কোন কর্তৃপক্ষ আদেশদান করিয়াছেন, সেই ক্ষেত্রে নিয়োগদানকারী কর্তৃপক্ষের নিকট, আপীল করিতে পারিবেন।
- (২) আপীল কর্তৃপক্ষ নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করিবেন, যথা :-
 - (ক) এই প্রবিধানমাধ্যম নির্ধারিত পদ্ধতি পালন করা হইয়াছে কি-না, না হইয়া থাকিলে, উহার কারণে ন্যায় বিচারের হানি হইয়াছে কি-না,
 - (খ) অভিযোগসমূহের উপর প্রদত্ত সিদ্ধান্ত ন্যায় সংগত কি-না,
 - (গ) আরোপিত দণ্ড মাত্রাতিরিক্ত, পর্যাপ্ত বা অপর্যাপ্ত কিনা; এবং যেই আদেশ দান করা উপযুক্ত বলিয়া বিবেচিত হইবে, সেই আদেশ প্রদান করিবেন।
- (৩) কর্তৃপক্ষের আদেশের বিরুদ্ধে কোন আপীল নাযের করা যাইবে না, তবে প্রধান নিবাহী কর্মকর্তার নিকট বিষয়টি পুনর্বিবেচনার জন্য আবেদন করা যাইবে।
- (৪) আপীল বা পুনর্বিবেচনার দরখাস্তে উহার কারণ সক্ষিপ্ত আকারে লিপিবদ্ধ করিয়া দরখাস্তের সহিত প্রাসঙ্গিক কাগজ-পত্র দাখিল করিতে হইবে।
- (৫) শ্রম ও শিল্প আইনের আওতাধীন কর্মচারী/শ্রমিকদের জন্য শ্রম ও শিল্প আইনের সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হইবে।

৫০। আপীল ও পুনর্বিবেচনার দরখাস্ত দাখিলের সময়সীমা ৪-

- (১) যেই আদেশের বিরুদ্ধে আপীল বা পুনর্বিবেচনার দরখাস্ত দাখিল করা হইবে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী তৎসম্পর্কে অবস্থিত হওয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহার বিরুদ্ধে আপীল বা ক্ষেত্র মত পুনর্বিবেচনার দরখাস্ত দাখিল না করিলে, উক্ত আপীল বা পুনর্বিবেচনার দরখাস্ত গ্রহণযোগ্য হইবে না।
তবে শর্ত থাকে যে, বিলম্বের কারণ সম্পর্কে সন্তুষ্ট হইয়া যথার্থ মনে করিলে আপীল কর্তৃপক্ষ বা পুনর্বিবেচনার ক্ষেত্রে কোম্পানী কর্তৃপক্ষ উক্ত ৩০ (ত্রিশ) দিন অতিবাহিত হওয়া সত্ত্বেও পরবর্তী ত্রিশ দিনের মধ্যে কোন আপীল বা পুনর্বিবেচনার দরখাস্ত বিবেচনার জন্য গ্রহণ করিতে পারেন।
- (২) কোন কর্মকর্তা/কর্মচারী Public Servants (Dismissal on Conviction) Ordinance, ১৯৮৫ (V of ১৯৮৫)-এ বর্ণিত কোন অপরাধ ব্যতীত অন্য কোন অপরাধের দায়ে কোন আদালত কর্তৃক দোষী সাব্যস্ত হইয়া সাজা প্রাপ্ত হইলে, উক্ত কর্মকর্তা/কর্মচারীকে এই বিধিমালার অধীনে শাস্তি প্রদান করা হইবে কিনা কর্তৃপক্ষ তাহা স্থির করিবে।
- (৩) এই বিধির অধীনে কোন কর্মকর্তা/কর্মচারীকে শাস্তি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিলে কর্তৃপক্ষ বিষয়টি পরিস্থিতিতে যেইরূপ উপযুক্ত বলিয়া বিবেচনা করে সেইরূপ দণ্ড প্রদান করিতে পারে এবং এইরূপ দণ্ড প্রদানের জন্য কোন কার্যদ্বারা সূচনা করার প্রয়োজন হইবে না এবং প্রস্তাবিত দণ্ডের বিরুদ্ধে কারণ দর্শাইবার জন্যও ঐ কর্মকর্তা/কর্মচারীকে কোন সুযোগ দেওয়ার প্রয়োজন হইবে না।

অষ্টম অধ্যায়

অবসর গ্রহণ ও অন্যান্য সুবিধা

৫১। অবস্থা তহবিল ৪-

- (১) কোম্পানী উহার কর্মকর্তা/কর্মচারীগণের জন্য সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড কর্মকর্তা/কর্মচারী অংশ প্রদায়ক ভবিষ্যৎ তহবিল নামে একটি তহবিল গঠন করিবে। যাহাতে প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী এবং কোম্পানী/সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত হারে টাকা প্রদান করিবেন। এই নিয়ম শুধুমাত্র গ্র্যান্টাইটি পদ্ধতির ক্ষেত্রে প্রযোজ্য হইবে। পেনশন পদ্ধতির ক্ষেত্রে পেনশন ক্লাস অনুসরণীয় হইবে।

পৃষ্ঠা ১৯/২২

- (২) উপ-প্রবিধান-(১) এর বিধান সত্ত্বেও এই প্রবিধানমালা প্রবর্তনের অব্যবহিত পূর্বে বিদ্যমান অংশ প্রদায়ক ভবিষ্যৎ তহবিল, অতঃপর উক্ত তহবিল বলিয়া উল্লেখিত, এই প্রবিধানের অধীনে গঠিত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং উক্ত তহবিলে উক্তরূপে প্রবর্তনের পূর্বে টাকা প্রদান ও উহা হইতে অগ্রীম প্রদানসহ গৃহীত ব্যবসায়ী কার্যক্রম এই প্রবিধানমালার অধীনে গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৫২। আনুতোষিক :-

- (১) নিম্নোক্ত যে কোন কর্মকর্তা/কর্মচারী আনুতোষিক পাইবেন, যথা-
- (ক) যিনি কোম্পানীতে কমপক্ষে তিন বৎসর অব্যাহতভাবে চাকুরী করিয়াছেন, এবং শান্তি স্বরূপ চাকুরী হইতে বরখাস্ত বা অপসারিত হন নাই বা যাহার চাকুরীর অবসান ঘটান হয় নাই।
- (খ) তিনি যেই পদে নিযুক্ত হইয়াছেন, সেই পদ বিলুপ্ত হইয়াছে অথবা হ্রাস, পদত্যাগ বা চাকুরী ত্যাগ করিয়াছেন।
- (গ) তিন বৎসর পূর্ব হওয়ার পূর্বে নিম্নরূপ কারণে যে কর্মকর্তা/কর্মচারীর চাকুরীর অবসান হইয়াছে, যথা-
- (অ) তিনি যে পদে নিযুক্ত রহিয়াছেন, সেই পদ বিলুপ্ত হইয়াছে অথবা পদ সংখ্যা হ্রাসের কারণে তিনি চাকুরী হইতে ছুটিয়াই হইয়াছেন।
- (আ) সম্পূর্ণ বা আংশিক অসামর্থের কারণে তাহাকে চাকুরী হইতে বরখাস্ত বা অপসারিত করা হইয়াছে। অথবা
- (ই) চাকুরীতে থাকাকালে তিনি মৃত্যুবরণ করিয়াছেন।
- (২) কোন কর্মকর্তা/কর্মচারীকে তাহার চাকুরীর প্রত্যেক পূর্ব বৎসর বা আংশিক বৎসরের ক্ষেত্রে একশত বিশটি কার্যদিবসে বা তদুর্ধ্ব কোন সময়ের চাকুরীর জন্য দুই মাসের মূল বেতনের হারে আনুতোষিক প্রদান করা হইবে।
- (৩) সর্বশেষ গৃহীত বেতন আনুতোষিক গণনার মূল ভিত্তি হইবে।
- (৪) কোন কর্মকর্তা/কর্মচারীর মৃত্যুর কারণে আনুতোষিক প্রাপ্য হইলে যাহাতে তাহার মনোনীত ব্যক্তি বা ব্যক্তিগণ উহা পাইবার অধিকারী হন, তন্মধ্যে প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফরমে এক বা একাধিক ব্যক্তিকে মনোনয়ন দান করিবেন এবং ফরমটি উক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত কর্তৃপক্ষের নিকট জমা দিবেন।
- (৫) কোন কর্মকর্তা/কর্মচারী উপ-প্রবিধান-(৪) অনুযায়ী একাধিক ব্যক্তিকে মনোনয়ন দান করিলে, মনোনয়ন পত্রে তাহাদিগকে প্রদেয় অংশ এইরূপ উল্লেখ করিবেন, যেন আনুতোষিকের সম্পূর্ণ টাকা উহাতে অন্তর্ভুক্ত হয়, এবং যদি এইরূপে উল্লেখ করা না হয় তবে টাকার পরিমাণ সমান অংশে ভাগ হইবে।
- (৬) কোন কর্মকর্তা/কর্মচারী যে কোন সময়ে লিখিত নোটিশ দ্বারা উক্ত মনোনয়ন পত্র বাতিল করিতে পারেন এবং এইরূপ বাতিল করিলে, তিনি উক্ত নোটিশের সহিত উপ-প্রবিধান-(৪) ও (৫)-এর বিধান অনুসারে একটি নতুন মনোনয়ন পত্র জমা দিবেন।
- (৭) কোন কর্মকর্তা/কর্মচারী মনোনয়ন পত্র জমা না দিয়ে মৃত্যুবরণ করিলে, তাহার আনুতোষিকের টাকা উত্তরাধিকার প্রমাণ পত্রের ভিত্তিতে তাহার বৈধ ওয়ারিশ বা ওয়ারিশগণকে প্রদান করা হইবে।
- (৮) কোন কর্মকর্তা/কর্মচারীদের আনুতোষিক প্রদানের ক্ষেত্রে কোম্পানী কর্তৃপক্ষ ক্ষেত্র বিশেষে উহা শিথিল করিতে পারেন।

৫৩। সাধারণ ভবিষ্যৎ তহবিল, অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি :-

- (১) কোম্পানী পেন্সিওন/সরকারের পূর্ব অনুমোদনক্রমে, লিখিত আদেশ দ্বারা, সাধারণ ভবিষ্যৎ তহবিল, অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি পরিকল্পনা চালু করিতে পারিবে এবং প্রয়োজনবোধে এইরূপ আদেশ ভূতাপেক্ষ কার্যকারিতাসহ জারী করা যাইবে এবং এইরূপ পরিকল্পনা সংক্রান্ত ব্যবসায়ী বিষয়ে সরকারী কর্মকর্তা/কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য নিয়মালা ও সরকার কর্তৃক তৎসম্পর্কে সময় সময় জারীকৃত আদেশ বা নির্দেশ, প্রয়োজনীয় অভিযোজনসহ প্রযোজ্য হইবে।
- (২) উপ-প্রবিধান-(১)এ উল্লেখিত পরিকল্পনা চালু করা হইলে, প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী কোম্পানী কর্তৃক এতদনুশ্রেণে নির্ধারিত তারিখের মধ্যে, উক্ত পরিকল্পনার আওতাধীন হইবার বা না হইবার ইচ্ছা জ্ঞাপন করিয়া উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত করিবেন।



২০২৩/০৮/২২



পৃষ্ঠা ২০/২২

- (৩) উক্ত পরিকল্পনার আওতাধীন হইবার জন্য উপ-প্রবিধান-(২)এর অধীন ইচ্ছা প্রকাশকারী কোন কর্মকর্তা/কর্মচারী উক্তরূপ ইচ্ছা প্রকাশের সময় অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে টাকা প্রদানকারী কর্মচারী হইয়া থাকিলে,
- (ক) উক্ত তহবিলে তাহার প্রাপ্ত টাকা ও উহার উপরে অর্জিত সুদ সাধারণ ভবিষ্য তহবিলে স্থানান্তরিত হইবে,
- (খ) কোম্পানী কর্তৃক প্রদত্ত টাকা ও উহার উপরে অর্জিত সুদ কোম্পানী ফেরৎ পাইবে এবং কোম্পানী উক্ত টাকা ও সুদ উহার সিদ্ধান্ত মোতাবেক অবসর ভাতা, পরিকল্পনা বা অন্য কোন ষাতে ব্যবহার করিতে পারিবে।
- (গ) কোম্পানীর সিদ্ধান্ত নাগেত্রে, তাহার পূর্বতন চাকুরীকাল অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি প্রাপ্তির উদ্দেশ্যে গণনাযোগ্য চাকুরীকাল হিসাবে গণনা করা হইবে।

নবম অধ্যায়

অবসর গ্রহণ, চাকুরী অবসান ইত্যাদি

৫৪। অবসর গ্রহণ ইত্যাদি বিষয়ে Act XII of ১৯৭৪ এর প্রয়োগ :-

অবসর গ্রহণ এবং উহার পর পূর্ণ নিয়োগের ব্যাপারে Public Servants Retirement Act ১৯৭৪ (XII of ১৯৭৪) এর বিধানাবলী প্রযোজ্য হইবে। তবে, এই ক্ষেত্রে কোম্পানীর অনুমোদিত পেনশন বিধি (যদি থাকে) অনুসরণীয় হইবে।

৫৫। চাকুরীর অবসান (টারমিনেশন) :-

- (১) নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে ১২০ (একশত বিশ) দিনের লিখিত পূর্ব নোটিশ প্রদান করিয়া অথবা উক্ত নোটিশের পরিবর্তে ১২০ (একশত বিশ) দিনের বেতন নগদ প্রদান করিয়া কোন কর্মচারীকে চাকুরীর অবসান ঘটাইতে পারিবে এবং এইরূপ চাকুরী অবসানের কারণে কর্মচারী কোন প্রকার ক্ষতিপূরণ পাইবেন না এবং প্রবেশনীর ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে ৩০ (ত্রিশ) দিনের পূর্ব নোটিশ বা উক্ত নোটিশের পরিবর্তে ৩০ (ত্রিশ) দিনের মূল বেতন নগদ প্রদান করিয়া চাকুরীর অবসান ঘটাইতে পারিবে এবং এইরূপ চাকুরীর অবসানের কারণে প্রবেশনীর কোন প্রকার ক্ষতিপূরণ পাইবেন না।
- (২) শ্রম ও শিল্প আইনের আওতাধীন কর্মচারী/প্রমিকদের চাকুরী শ্রম ও শিল্প আইনের সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী টারমিনেশন করা যাইবে।
- (৩) এই প্রবিধানমালায় তিরুচ্চপ বাহা কিছু থাকুক না কেন, উপযুক্ত কর্তৃপক্ষ কোন কারণ না দর্শাইয়া কোন কর্মচারীকে ১২০ (একশত বিশ) দিনের নোটিশ প্রদান করিয়া অথবা ১২০ (একশত বিশ) দিনের বেতন নগদ পরিশোধ করিয়া তাহাকে চাকুরী হইতে অপসারণ বা অবসর প্রদান করিতে পারিবে। অবসর প্রাপ্ত কর্মচারী পেনশন অথবা গ্র্যাচুইটি অপর্ণন নানকারী (যাহা প্রযোজ্য হয়) তাহার সুবিধাদি যথারীতি পাইবেন।
- (৪) কোন কর্মচারীর চাকুরীকালীন সময়ে মৃত্যু ঘটিলে তাহার মনোনীত ব্যক্তি/পরিবারবর্গকে ৩ (তিন) মাসের সাক্ষ্যো নেতনের সমপরিমাণ অর্থ যত দ্রুত সম্ভব পরিশোধ করিতে হইবে। ইহাছাড়াও দাফন-কাফনের সহায়তা বাদে সর্বোচ্চ মোট ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদান করা হইবে।

৫৬। ইন্তেফাদান, ইত্যাদি :-

- (১) কোন কর্মকর্তা/কর্মচারী নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তাহার অভিপ্রায় উল্লেখপূর্বক ১২০ (একশত বিশ) দিনের লিখিত পূর্বনোটিশ প্রদান না করিয়া তাহার চাকুরী ত্যাগ করিতে বা চাকুরী হইতে বিরত থাকিতে পারিবে না, এবং এইরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে, তিনি কোম্পানীকে তাহার ১২০ (একশত বিশ) দিনের মূল বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।
- (২) কোন প্রবেশনের তাহার অভিপ্রায় উল্লেখপূর্বক এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করিয়া তাহার চাকুরী ত্যাগ করিতে পারিবে না, এবং এইরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে, তিনি কোম্পানীকে তাহার এক মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।
- তবে, কোম্পানী বোর্ড বিশেষ ক্ষেত্রে বিশেষ বিবেচনায় উপরোক্ত বিধি ও শর্ত শিথিল করিতে পারিবে।



১২/১১/২২



পৃষ্ঠা ২১/২২

(৩) যে কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে শৃঙ্খলাজনিত ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে, তিনি কোম্পানীর চাকুরীতে ইত্যফাদান করিতে পারিবেন না।

(৪) শ্রম ও শিল্প আইনের আওতাধীন কর্মচারী/ শ্রমিকগণের ক্ষেত্রে শ্রম ও শিল্প আইনের সংশ্লিষ্ট বিধি-বিধাননমূহ প্রযোজ্য হইবে।

তবে, শর্ত থাকে যে, কোম্পানী কোন বিশেষ ক্ষেত্রে ঘেইরূপ উপযুক্ত বলিয়া বিবেচনা করিবে, সেইরূপ শর্তে কোন কর্মচারীকে ইত্যফাদানের অনুমতি দিতে পারেন।

দশম অধ্যায়


বিবিধ

৫৭। অসুবিধা দূরীকরণ :-

(১) যেই ক্ষেত্রে এই প্রবিধানমালা অনুসরণে অসুবিধা দেখা দেয়, সেই ক্ষেত্রে কোম্পানী কর্তৃপক্ষ করপোরেশনের কোন সাধারণ বা বিশেষ লিখিত আদেশ দ্বারা উক্ত বিষয়ে প্রযোজ্য বা অনুসরণীয় পদ্ধতি নির্ধারণ করিতে পারিবেন।

(২) এই প্রবিধানমালায় কোন বিষয়ে সুস্পষ্ট ও সুনির্দিষ্টভাবে উল্লেখ না থাকিলে অথবা উহা প্রয়োগে অসুবিধা দেখা দিলে সেই ক্ষেত্রে সরকারী নিয়ম/বিধি অথবা শ্রম ও শিল্প আইন প্রয়োগ করা যাইতে পারে এবং উক্ত প্রবিধানমালার সংশ্লিষ্ট কোন বিষয়ে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত আদেশ/নির্দেশ/সংশোধনী কোম্পানী বোর্ড-এর অনুমোদনক্রমে এই প্রবিধানমালায় অন্তর্ভুক্ত বলিয়া গণ্য করা যাইবে।

(৩) বর্তমানে কোম্পানীতে যে সকল সুযোগ সুবিধা বিদ্যমান রহিয়াছে, উহা বহাল রাখা যাইতে পারে। তবে, শর্ত থাকে যে, এই প্রবিধানমালা কার্যকর হইবার পর প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন বা সমমানের সিদ্ধান্ত করপোরেশনের পূর্ব অনুমোদন সাপেক্ষে কোম্পানী বোর্ড গ্রহণ করিতে পারিবেন।



চেয়ারম্যান,

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড পরিচালনা পর্ষদ।

পৃষ্ঠা ২২/২২

D:\Service Rule -12\Service Rule 2012 Drop (03.05.12).doc



৫৭.৩১.১২

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

তফসিল

প্রবিধান- ২(৯) দ্রষ্টব্য

ক্রমিক নং	পণ্যের নাম ও বৈশিষ্ট্য (আইসিও বৈশিষ্ট্য কোড, ২০১৫)	সরাসরি নিয়োগের জন্য ব্যয়-সীমা	নিয়োগের পদ্ধতি	সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা	পনেন্দ্রাতির জন্য যোগ্যতা
১	২	৩	৪	৫	৬
০২।	এক্সট্রাকশন প্ল্যান্টের টাই ৬৬,০০০-৭৬,৪৯০/-	---	পনেন্দ্রাতির মাধ্যমে।	---	মহাব্যবস্থাপক পক্ষে চাকুরীর সময়কাল কমপক্ষে ০৬ (ছয়) বছরসহ ন্যূনতম শ্রুতকৃত ছিটী।

প্রশাসনিক পদ ৩

০২।	মহাব্যবস্থাপক মহাব্যবস্থাপক (প্রশাসন) টাই ৬৬,৪০০-৭৬,৪৯০/-	---	পনেন্দ্রাতির মাধ্যমে।	---	পূর্বতন পক্ষে চাকুরীর সময়কাল কমপক্ষে ০৩ (তিন) বছরসহ ন্যূনতম শ্রুতকৃত ছিটী।
০৩।	উপ-মহাব্যবস্থাপক উপ-মহাব্যবস্থাপক (এইচআর) উপ-মহাব্যবস্থাপক (সেবা) উপ-মহাব্যবস্থাপক / কোম্পানী সচিব টাই ৬০,০০০-৭১,২০০/-	---	পনেন্দ্রাতির মাধ্যমে।	---	পূর্বতন পক্ষে চাকুরীর সময়কাল কমপক্ষে ০৩ (তিন) বছরসহ ন্যূনতম শ্রুতকৃত ছিটী।
০৪।	ব্যবস্থাপক ব্যবস্থাপক (সামগ্রিক প্রশাসন) ব্যবস্থাপক (পার্সনাল) ব্যবস্থাপক (ফিন্যান্স) ব্যবস্থাপক (লজিস্টিক) ব্যবস্থাপক (সামগ্রিক সেবা) ব্যবস্থাপক (মিডিয়াল এন্ড মোব) ব্যবস্থাপক (ডিভিশন) টাই ৪৩,০০০-৬১,৮৫০/-	---	পনেন্দ্রাতির মাধ্যমে।	---	পূর্বতন পক্ষে চাকুরীর সময়কাল কমপক্ষে ০৩ (তিন) বছরসহ ন্যূনতম শ্রুতকৃত ছিটী।

পৃষ্ঠা-১/১০

ক্রমিক কম্ব	পাঠের নাম ও বৈজ্ঞানিক (জাতীয় বৈজ্ঞানিক, ২০২০)	স্বাক্ষর নিয়ন্ত্রণের ব্যবস্থা-সীমা	নিয়ন্ত্রণের পদ্ধতি	স্বাক্ষর নিয়ন্ত্রণের পদ্ধতি	পাঠের নাম ও বৈজ্ঞানিক
১	১	১	১	১	১
২	২	২	২	২	২
৩	৩	৩	৩	৩	৩
৪	৪	৪	৪	৪	৪
৫	৫	৫	৫	৫	৫
৬	৬	৬	৬	৬	৬
৭	৭	৭	৭	৭	৭
৮	৮	৮	৮	৮	৮
৯	৯	৯	৯	৯	৯
১০	১০	১০	১০	১০	১০



17

05/2-1976

T

ক্রমিক নং	পদের নাম ও বেসংকেসন (আত্মীয় বেসংকেসন, ২০১৫)	সরাসরি নিয়োগের জন্য বয়স-সীমা	নিয়োগের পদ্ধতি	সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা	পদেরটির জন্য যোগ্যতা
১	২	৩	৪	৫	৬
১৬।	সহকারী কর্মকর্তা সহকারী হিসাব কর্মকর্তা (ক্যাশ ও ব্যাংক) সহকারী হিসাব কর্মকর্তা (সে-ডোল এন্ড বিল) সহকারী হিসাব কর্মকর্তা (হোনাওল ও সেটার একাউন্টস) সহকারী হিসাব কর্মকর্তা (বাজেট ও ইমুবেল) সহকারী হিসাব কর্মকর্তা (ফরেন এক্সচেঞ্জ এন্ড ফান্ড) সহকারী হিসাব কর্মকর্তা (বাজিৎ ও এনআইএস) সহকারী গ্রাহক কর্মকর্তা টা : ১৬,০০০-৩৮,৬৪০/-	৩০ বছর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	দাবিগ্ৰীত বিষয়ে স্নাতকোত্তর / ৪ (চার) বছর মোয়ারী স্নাতক (সম্মান) অথবা সন্নিবিষ্ট ক্ষেত্রে ৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ বি.কম ডিগ্রী। তবে, কোন পটীক্ষার তৃতীয় বিভাগ/ শ্রেণী/ সমতুল্য সিভিলিপিএ গ্রহণযোগ্য হবে।	৬ প্রযোজ্য নয়।

কনিগরি পদ ৩

১৭।	মহাব্যবস্থাপক মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) মহাব্যবস্থাপক (বিপণন) মহাব্যবস্থাপক (অপারেশন) টা : ৫৬,৫০০-৭৪,৪০০/-	---	পদেরটির মাধ্যমে।	---	পূর্বতন পদে চাকুরীর সময়কাল কমপক্ষে ৩ (তিন) বছরসহ স্নাতক বি.এস.সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী।
১৮।	উপ-মহাব্যবস্থাপক উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) উপ-মহাব্যবস্থাপক (উন্নয়ন) উপ-মহাব্যবস্থাপক (বিপণন) উপ-মহাব্যবস্থাপক (সিস্টেম অপারেশন) উপ-মহাব্যবস্থাপক (কোয়ালিটি কন্ট্রোল এন্ড মেনেজমেন্ট) টা : ৫০,০০০-৭১,২০০/-	---	পদেরটির মাধ্যমে।	---	পূর্বতন পদে চাকুরীর সময়কাল, কমপক্ষে ৩ (তিন) বছরসহ স্নাতক বি.এস.সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী।
১৯	কলকর্তা বালকর্তা (মাস্টারিয়াল, একাউন্ট এন্ড কর্পোরেট প্রানি) বালকর্তা (আইসিটি) বালকর্তা (সেটওয়ার্ক প্রানি) টা : ৫০,০০০-৭১,২০০/-	---	পদেরটির মাধ্যমে।	---	(ক) বি.এস.সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী ও তদুপরি বা সমমানের শিক্ষাগত যোগ্যতা অর্জনকারীসহ ক্ষেত্রে পূর্বতন পদে চাকুরীর সময়কাল কমপক্ষে ৩ (তিন) বছর।

শ্রীঃ-৫/১০

ক্রমিক নং	পদের নাম ও বৈশিষ্ট্য (জাতীয় স্তরের ক্ষেত্রে, ২০১৫)	সদাধীন নিয়োগের জন্য বয়স-সীমা	নিয়োগের পদ্ধতি	সম্পর্কিত নিয়োগের ক্ষেত্রে বৈশিষ্ট্য	পরামর্শদাতা এবং ক্ষেত্র
১	২ যাবস্থাপক (পাইলট ইন কমান্ড) এবং ইন্ডিয়ান সার্ভিসেস) যাবস্থাপক (নির্দিষ্ট এক ইন্ডিয়ান কমান্ড) যাবস্থাপক (যাটোয়ায় ইন্ডিয়ান সার্ভিসেস) এক স্টেশন যাবস্থাপক (যাটোয়া) যাবস্থাপক (সিটিয় অফিসার) যাবস্থাপক (কোম্যান্ডিং অফিসার) যাবস্থাপক (কোম্যান্ডিং অফিসার) যাবস্থাপক (কোম্যান্ডিং অফিসার) যাবস্থাপক (কোম্যান্ডিং অফিসার)	৩	৪	৫	৬ (খ) ইন্ডিয়ান-ইন-ইন্ডিয়ান বা সর্বোচ্চ নিয়োগের ক্ষেত্রে অফিসারদের ক্ষেত্রে সর্বোচ্চ পদে চাকরীর সময়কাল কমপক্ষে ৪ (চার) বছর।
২০।	২০। ইপ-যাবস্থাপক ইপ-যাবস্থাপক (যাটোয়ায়, অফিসার এবং ইন্ডিয়ান সার্ভিসেস) ইপ-যাবস্থাপক (নির্দিষ্ট এক ইন্ডিয়ান কমান্ড) ইপ-যাবস্থাপক (সিটিয় অফিসার) ইপ-যাবস্থাপক (কোম্যান্ডিং অফিসার) ইপ-যাবস্থাপক (কোম্যান্ডিং অফিসার) ইপ-যাবস্থাপক (কোম্যান্ডিং অফিসার) ইপ-যাবস্থাপক (কোম্যান্ডিং অফিসার)	২০।	২০।	২০।	২০। ইপ-যাবস্থাপক পদের ক্ষেত্রে (ক) বি.এস.সি. ইন্ডিয়ান সার্ভিসেস, ইন্ডিয়ান সার্ভিসেস বা সর্বোচ্চ পদে চাকরীর সময়কাল কমপক্ষে ৪ (চার) বছর। (খ) ইন্ডিয়ান-ইন-ইন্ডিয়ান, ইন্ডিয়ান সার্ভিসেস, অফিসারদের ক্ষেত্রে সর্বোচ্চ পদে চাকরীর সময়কাল কমপক্ষে ৬ (ছয়) বছর। ইন্ডিয়ান সার্ভিসেস অফিসার পদের চাকরীর সময়কাল কমপক্ষে ৪ (চার) বছর।

ক্রমিক সং	অন্য নাম ও বৈশিষ্ট্য (স্বাক্ষর প্রকরণ, ২০১০)	অন্য নাম নিয়ন্ত্রণের জন্য স্বাক্ষর-সীমা	নিয়ন্ত্রণের শর্ত	অন্য নাম নিয়ন্ত্রণের ক্ষেত্রে প্রযোজ্য	অন্য নাম নিয়ন্ত্রণের ক্ষেত্রে প্রযোজ্য
১।	অন্য নাম (স্বাক্ষর প্রকরণ, ২০১০)	১	২	৩	৪
২।	অন্য নাম (স্বাক্ষর প্রকরণ, ২০১০)	৩	৪	৫	৬

DOI: 10.1002/2000-02-0010

05/06-1016

ক্রমিক সং.	পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫)	সরাসরি নিয়োগের জন্য বয়স-সীমা	নিয়োগের পদ্ধতি	সরাসরি নিয়োগের ক্ষেত্রে কোথায়	পদোন্নতির জন্য যোগ্যতা
১	২	৩	৪	৫	৬
২২।	<p>উপ-সহকারী প্রকৌশলী/ সহকারী কারিগরি কর্মকর্তা</p> <p>উপ-সহকারী প্রকৌশলী (ম্যাটেরিয়াল, এডজুট এন্ড কন্স্ট্রাক্ট প্রক্লিং)</p> <p>উপ-সহকারী প্রকৌশলী (পাইপলাইন কন্সট্রাকশন এন্ড ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস)</p> <p>উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)</p> <p>উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)</p> <p>উপ-সহকারী প্রকৌশলী (ম্যাটেরিয়াল প্রকিউরমেন্ট (টেকনিক্যাল) এন্ড স্টোর)</p> <p>উপ-সহকারী প্রকৌশলী (বিশদন)</p> <p>উপ-সহকারী প্রকৌশলী (ইন্ডিয়ানিয়ারিং সার্ভিসেস)</p> <p>উপ-সহকারী প্রকৌশলী/ সহকারী কারিগরি কর্মকর্তা (সিস্টেম অপারেশন)</p> <p>উপ-সহকারী প্রকৌশলী/ সহকারী কারিগরি কর্মকর্তা (কোয়ালিটি কন্ট্রোল)</p> <p>উপ-সহকারী প্রকৌশলী/ সহকারী কারিগরি কর্মকর্তা (ট্রান্সপোর্ট মেকেনটেনেন্স)</p> <p>উপ-সহকারী প্রকৌশলী/ সহকারী কারিগরি কর্মকর্তা (কম্পিউটার প্রটেকশন)</p> <p>উপ-সহকারী প্রকৌশলী/ সহকারী কারিগরি কর্মকর্তা (নির্মাণতত্ত্ব)</p> <p>বিদ্যুৎ উপ-সহকারী প্রকৌশলী পদে সরাসরি নিয়োগযোগ্য সর্বমোট পদের সংখ্যা ২৬ (ছবিংশ) টি, যাহার বিতরণ নিম্নরূপঃ</p> <p>ডিম্রোয়া ইন সিভিল ইঞ্জিঃ - ৬ (ছয়) টি। ডিম্রোয়া ইন ইলেকট্রিক্যাল ইঞ্জিঃ - ৬ (ছয়) টি। ডিম্রোয়া ইন মেকানিক্যাল ইঞ্জিঃ - ৬ (ছয়) টি। ডিম্রোয়া ইন কেমিক্যাল ইঞ্জিঃ - ১ (এক) টি। ডিম্রোয়া ইন কম্পিউটার ইঞ্জিঃ - ৩ (তিন) টি।</p>	৩০ বছর	<p>(ক) ৩৩% পদোন্নতির মাধ্যমে।</p> <p>(খ) ৬৭% সরাসরি নিয়োগের মাধ্যমে।</p>	<p>উপ-সহকারী প্রকৌশলী পদের জন্য সিভিল/ ইলেকট্রিক্যাল/ মেকানিক্যাল/ কেমিক্যাল/ কম্পিউটার/ পাঠ্য/ অটোমোবাইল বিষয়ে ডিম্রোয়া ইন-ইঞ্জিনিয়ারিং। তবে, কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/ শ্রেণী/ সমতুল্য নির্দিষ্টপত্র গ্রহণযোগ্য নহে।</p>	<p>সহকারী কারিগরি কর্মকর্তা পদের ক্ষেত্রেঃ</p> <p>(ক) এইচএসসি বা সমমানের শিক্ষাগত যোগ্যতা (ক) এইচএসসি বা সমমানের শিক্ষাগত যোগ্যতা অর্জনকারীদের ক্ষেত্রে পূর্বতন পদে (সার্ভিস) বা নির্দিষ্ট টেকনিশিয়ান পদে) চাকরীর সময়কাল কমপক্ষে ৭ (সাত) বছর।</p> <p>(খ) এসএসসি বা সমমানের শিক্ষাগত যোগ্যতা অর্জনকারীদের ক্ষেত্রে পূর্বতন পদে (সার্ভিস) বা নির্দিষ্ট টেকনিশিয়ান পদে) চাকরীর সময়কাল কমপক্ষে ১০ (দশ) বছর।</p>

পৃষ্ঠা ৬/১০

କ୍ରମିକ ସଂ.	ଖର୍ଚ୍ଚର ନାମ ଓ ମୋଟମୂଲ୍ୟ (କାର୍ଯ୍ୟର ବେଳା କେବଳ ୨୦୨୧)	ସାମଗ୍ରି ସିରୋତାର ଛାମା ସମ୍ପର୍କୀୟ	ସିରୋତାର ଛାମାରେ କାର୍ଯ୍ୟ	ସାମଗ୍ରି ସିରୋତାର ଛାମାରେ କାର୍ଯ୍ୟ	ଖର୍ଚ୍ଚର ନାମ ଓ ମୋଟମୂଲ୍ୟ (କାର୍ଯ୍ୟର ବେଳା କେବଳ ୨୦୨୧)
୧	କିରୋଗ୍ରାଫିକ୍ ଇନଷୁଲେସନ୍ ଇଞ୍ଜିନିୟରିଂ କିରୋଗ୍ରାଫିକ୍ ଇନଷୁଲେସନ୍ ଇଞ୍ଜିନିୟରିଂ - ୨ (ମି.ମି.) କିରୋଗ୍ରାଫିକ୍ ଇନଷୁଲେସନ୍ ଇଞ୍ଜିନିୟରିଂ - ୨ (ମି.ମି.) କିରୋଗ୍ରାଫିକ୍ ଇନଷୁଲେସନ୍ ଇଞ୍ଜିନିୟରିଂ - ୨ (ମି.ମି.)	୦	୫	୫	
୨	କିରୋଗ୍ରାଫିକ୍ ଇନଷୁଲେସନ୍ ଇଞ୍ଜିନିୟରିଂ କିରୋଗ୍ରାଫିକ୍ ଇନଷୁଲେସନ୍ ଇଞ୍ଜିନିୟରିଂ - ୨ (ମି.ମି.) କିରୋଗ୍ରାଫିକ୍ ଇନଷୁଲେସନ୍ ଇଞ୍ଜିନିୟରିଂ - ୨ (ମି.ମି.)	୦	୫	୫	
୩	କିରୋଗ୍ରାଫିକ୍ ଇନଷୁଲେସନ୍ ଇଞ୍ଜିନିୟରିଂ କିରୋଗ୍ରାଫିକ୍ ଇନଷୁଲେସନ୍ ଇଞ୍ଜିନିୟରିଂ - ୨ (ମି.ମି.) କିରୋଗ୍ରାଫିକ୍ ଇନଷୁଲେସନ୍ ଇଞ୍ଜିନିୟରିଂ - ୨ (ମି.ମି.)	୦	୫	୫	

(Signature)

(Signature)

(Signature)

୦୯/୦୯-୨୦୨୧

আউটসোর্সিং পদসমূহ

ক্রমিক নং	পদের নাম	নিয়োগ পদ্ধতি	মন্তব্য
০১.	হিসাব সহকারী (এসজিসিএল বেতন ও ভাতাদি আদেশ-২০১৫ এর টা : ১১,০০০-২৬,৫৯০/- বেতন স্কেলের সমতুল্য স্কেল)		
০২.	অফিস এ্যাসিস্ট্যান্ট কাম কম্পিউটার অপারেটর ছাটা এন্ট্রি অপারেটর টেকনিশিয়ান অটোম্যাড অপারেটর (এসজিসিএল বেতন ও ভাতাদি আদেশ-২০১৫ এর টা : ১০,২০০-২৪,৫৮০/- বেতন স্কেলের সমতুল্য স্কেল)		
০৩.	কেয়ারটেকার অফিস সহকারী ইমাম ইলেকট্রিশিয়ান প্রাচীর মেকানিক জুনিয়র টেকনিশিয়ান (এসজিসিএল বেতন ও ভাতাদি আদেশ-২০১৫ এর টা : ৯,৩০০-২২,৪৯০/- বেতন স্কেলের সমতুল্য স্কেল)	আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ।	
০৪	এ্যাটেনডেন্ট পরিচ্ছন্নতা কর্মী/তিনার কুক/বাগুচি মেসেজার মালী নিরাপত্তা গ্রহণী বাড়ী চালক চেইনম্যান হেল্পার পেট্রোলম্যান (এসজিসিএল বেতন ও ভাতাদি আদেশ-২০১৫ এর টা : ৮,৮০০-২১,৩১০/- বেতন স্কেলের সমতুল্য স্কেল)		





৩০/১০/১০

১



সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) নীতিমালা-২০১৯

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর সামাজিক দায়বদ্ধতা তহবিল ব্যবস্থাপনার কোন নীতিমালা না থাকায় উক্ত তহবিলের সুষ্ঠু ব্যবস্থাপনা ও পরিচালনার লক্ষ্যে এই নীতিমালা প্রণয়ন করা হলো।

১. শিরোনাম

এ নীতিমালাটি 'সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর সামাজিক দায়বদ্ধতা (CSR) নীতিমালা ২০১৯' নামে অবহিত হবে।

২. প্রবর্তন

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) এর পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদনের তারিখ হতে এ নীতিমালা কার্যকর বলে গণ্য হবে।

৩. প্রয়োগ

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর আওতাধীন এলাকার স্বীকৃত/নিবন্ধিত প্রতিষ্ঠান/ব্যক্তি, বোর্ড কর্তৃক অনুমোদিত হলে এ নীতিমালার বর্ণিত এলাকার বাইরে দেশের অভ্যন্তরে যে কোন স্বীকৃত/নিবন্ধিত প্রতিষ্ঠান/ব্যক্তি এবং এ নীতিমালায় বর্ণিত অন্যান্য ক্ষেত্রে এ তহবিল থেকে অর্থ বরাদ্দ করা যাবে।

৪. শব্দের ব্যাখ্যা

এ নীতিমালায় ব্যবহৃত শব্দসমূহের অর্থ বা ব্যাখ্যা, বিষয় বা প্রসঙ্গ পরিপন্থী কোন কিছু না থাকলে-

ক) 'কোম্পানি' অর্থ সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল);

খ) 'পরিচালনা পর্ষদ'/'বোর্ড' অর্থ সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর পরিচালনা পর্ষদ;

গ) 'কর্তৃপক্ষ' অর্থ সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর পরিচালনা পর্ষদ;

ঘ) 'প্রতিষ্ঠান' অর্থ মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণা, মুক্তিযুদ্ধের চেতনা পুনরুদ্ধার ও প্রসারে নিয়োজিত এবং মুক্তিযোদ্ধাদের সম্মানজনক জীবন ধারণে নিয়োজিত প্রতিষ্ঠান/সামাজিক সংস্থা/বিশেষায়িত হাসপাতাল/স্বাস্থ্যসমন্বিত পর্যটনিকার কাজে নিয়োজিত প্রতিষ্ঠান/সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান ইত্যাদি;

ঙ) 'শিক্ষা প্রতিষ্ঠান' অর্থ সরকারি ও এমপিওভুক্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান;

চ) 'মানেজিং কমিটি'/'কমিটি'/'গভর্নিং বডি' অর্থ সরকারি নীতিমালার আওতায় প্রতিষ্ঠান পরিচালনার জন্য গঠিত কমিটি।

৫. অর্থায়নের উৎস

কোম্পানির অনুমোদিত রাজস্ব বাজেট। প্রতি বছর বাজেটে অর্থের সংস্থান করা হবে, যা কোম্পানির পূর্ববর্তী অর্থ বছরের কর উত্তর সুনাফার ৫% এর অধিক হবেনা। কোন বছর সুনাফা অর্জিত না হলে সিএসআর তহবিলে বরাদ্দের বিষয়ে বোর্ড সিদ্ধান্ত প্রদান করবে।

১/৩

৬. কর্পোরেট সামাজিক দায়িত্ব পালনের খাতসমূহ

৬.১ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অত্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক ৪ জুলাই, ২০১১ খ্রিষ্টাব্দ-এর এস.আর.ও নং ২২৯-আইন/আয়কর/২০১১।-Income-tax Ordinance, 1984 (Ord.XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) অনুযায়ী জারিকৃত বাংলাদেশ গেজেট এর অতিরিক্ত সংখ্যার তফসিল-খ অনুযায়ী অনুদান প্রদানের সামাজিক দায়বদ্ধতা কর্মসূচীর খাতসমূহ নিম্নে বর্ণিত হলো:

- ক) প্রাকৃতিক দুর্যোগ যেমন-ঘূর্ণিঝড়, ভূমিকম্প, জলোচ্ছ্বাস ও প্লাবন এর ফলে ক্ষতিগ্রস্ত এলাকার জন দুর্যোগ লাঘবের উদ্দেশ্যে সরকারী কোন প্রতিষ্ঠান;
- খ) বৃদ্ধ নিবাস (old home) প্রতিষ্ঠা ও পরিচালনা কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠান;
- গ) মানসিক বা শারিরীক প্রতিবন্ধীদের কল্যাণে নিয়োজিত কোন সামাজিক সংস্থা;
- ঘ) হিমমূল শিশুদের শিক্ষার উদ্দেশ্যে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান;
- ঙ) বস্তিবাসীদের আবাসন প্রকল্পে নিয়োজিত প্রতিষ্ঠান;
- চ) নারী অধিকার ও যৌতুক বিরোধী প্রচারণায় নিয়োজিত সামাজিক প্রতিষ্ঠান;
- ছ) এতিম ও হিমমূল শিশুদের ভরণপোষণ ও পুনর্বাসনে নিয়োজিত প্রতিষ্ঠান;
- জ) মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণা, মুক্তিযুদ্ধের চেতনা পুনরুদ্ধার ও প্রসারে নিয়োজিত এবং মুক্তিযোদ্ধাদের সম্মানজনক জীবন ধারণে নিয়োজিত প্রতিষ্ঠান;
- ঝ) পার্বত্য চট্টগ্রাম, চরাঞ্চল, নদীভাঙ্গন এলাকায় স্বাস্থ্যসম্মত পয়ঃনিষ্কাশন কাজে নিয়োজিত প্রতিষ্ঠান;
- ঞ) চৌট কাটা, ছানি পড়া, ক্যান্সার ও কৃষ্ঠ রোগ নিরাময়ে নিয়োজিত প্রতিষ্ঠান;
- ট) এসিড আক্রান্তদের চিকিৎসা সেবায় নিয়োজিত ব্যক্তি ও প্রতিষ্ঠান;
- ঠ) পরীব রোগীদের বিনামূল্যে চিকিৎসা সুবিধা প্রদান ও চিকিৎসার মান উন্নয়নের জন্য বিশেষায়িত হাসপাতাল যেমন, ক্যান্সার, লিভার, কিডনী, থ্যালাসেমিয়া, চক্ষু ও কার্ডিও;
- ড) পাবলিক বিশ্ববিদ্যালয়;
- ঢ) কারিগরি বা বৃত্তিমূলক (technical or vocational) শিক্ষা প্রদানের লক্ষ্যে মেধাসম্পন্ন দরিদ্র ছাত্র-ছাত্রীসহ দরিদ্র মুক্তিযোদ্ধার সন্তানদের শিক্ষা বৃত্তি বা আর্থিক অনুদান প্রদানের উদ্দেশ্যে সরকার কর্তৃক স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান;
- ণ) কম্পিউটার বা তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানার্থে ল্যাব স্থাপন বা ইংরেজী শিক্ষা কর্মসূচী বাস্তবায়নের সরকারী বা এমপিওভুক্ত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান;
- ত) জনশক্তি রপ্তানীর জন্য অদক্ষ ও আধা-দক্ষ শ্রমিককে কারিগরী বা বৃত্তিমূলক প্রশিক্ষণ (technical or vocational training) প্রদানকারী প্রতিষ্ঠান;
- থ) জাতীয় পর্যায়ে খেলাধুলার অবকাঠামো উন্নয়ন বা প্রশিক্ষণ প্রদানে নিয়োজিত প্রতিষ্ঠান;
- দ) মুক্তিযুদ্ধের স্মৃতি রক্ষার্থে নির্মিত বা নির্মিতব্য জাতীয় পর্যায়ের জাদুঘর;
- ধ) জাতির পিতার স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের কোন প্রতিষ্ঠান;
- ন) প্রধানমন্ত্রীর উচ্চ শিক্ষা ফান্ড;

৬.২ বোর্ড কর্তৃক অনুমোদিত ক্ষেত্র সমূহ:

- ক) পেট্রোবাংলার আওতাধীন প্রতিষ্ঠানসমূহে দায়িত্ব পালনকালে মারাত্মকভাবে আহত বা দুরারোগ্য কোন ব্যাধিতে আক্রান্ত কোন কর্মকর্তা/কর্মচারী;
- খ) পেট্রোবাংলার আওতাধীন প্রতিষ্ঠানসমূহে দায়িত্ব পালনকালে মারাত্মকভাবে আহত হয়ে মৃত্যুবরণকৃত কর্মকর্তা/কর্মচারীর স্ত্রী/পুত্র/কন্যা/পোষাগণ;
- গ) এছাড়া, সংস্কার/উন্নয়নসহ যে কোন প্রয়োজনে বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান।

৬.৩ সরকার কর্তৃক সময়ে সময়ে নির্দেশিত ক্ষেত্রসমূহ।

৭. সাধারণ নিয়মাবলী


- ৭.১ এ নীতিমালার আওতাভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহ অনুদানের জন্য আবেদন করতে পারবে।
- ৭.২ প্রাপ্ত আবেদনপত্রসমূহ কোম্পানি পর্যায়ে গঠিত কমিটি যাচাই-বাছাইপূর্বক মতামত/সুপারিশ প্রদান করবে। কমিটির মতামত/সুপারিশ অনুযায়ী বোর্ডের অনুমোদন গ্রহণ এবং বাজেট বরাদ্দ স্বাপেক্ষে অনুদান প্রদেয় হবে।
- ৭.৩ অনুদান প্রাপ্ত হলে পরবর্তী ২ (দুই) বছরের মধ্যে উক্ত প্রতিষ্ঠান পুনরায় অনুদানের জন্য আবেদন করতে পারবে না। তবে, বিশেষ ক্ষেত্রে কার্যক্রমের গুণাগুণ বিবেচনাক্রমে বোর্ড যে কোন সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।
- ৭.৪ কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে সিএসআর খাতে মোট বরাদ্দকৃত বাজেটের ২০% এর বেশী প্রদান করা যাবে না।
- ৭.৫ সামাজিক দায়বদ্ধতা নীতিমালার আওতায় অনুদান প্রাপ্তির জন্য আবেদনকারী প্রতিষ্ঠানের আবেদনের বিপরীতে সংশ্লিষ্ট প্রমাণক/কাগজ-পত্র দাখিল করতে হবে।
- ৭.৬ ব্যক্তি/প্রতিষ্ঠান অনুদান প্রাপ্তির আবেদনে যৌক্তিকতা, সম্ভাব্য ব্যয় প্রাক্কলন ইত্যাদি বিষয় উল্লেখ থাকবে।
- ৭.৭ বোর্ড কর্তৃক অনুমোদিত অনুদানের অর্থ সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠান/সংগঠন এর প্রধান বরাবর (Accounts Payee) একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে পরিশোধ করা হবে। প্রদত্ত অনুদান নির্ধারিত কর্মসূচীর বাইরে ব্যবহার করা যাবে না।
- ৭.৮ অনুদান প্রাপ্তির অন্তর ৩ (তিন) মাসের মধ্যে অনুদানের অর্থ ব্যয়ের রশিদ/মেমো ম্যানেজিং কমিটি/প্রতিষ্ঠান প্রধান কর্তৃক যথাযথভাবে প্রত্যায়নপূর্বক কর্তৃপক্ষ বরাবর দাখিল করতে হবে।
- ৭.৯ কোন অর্থ বছরে সামাজিক দায়বদ্ধতা কর্মসূচীর আওতায় কোম্পানির অধিভুক্ত এলাকার একই উপজেলার অন্তর্গত সর্বোচ্চ ২ (দুই)টি প্রতিষ্ঠান অনুদান প্রাপ্তির জন্য বিবেচিত হবে। তবে কোন উপজেলার এরূপ প্রতিষ্ঠান থেকে আবেদন পাওয়া না গেলে বর্ষিক শর্ত শিথিল করে পার্শ্ববর্তী উপজেলার দুই এর অধিক প্রতিষ্ঠান, তবে সর্বোচ্চ ৩ (তিন) টি প্রতিষ্ঠানকে আর্থিক সহায়তা প্রদান করা যাবে।
- ৭.১০ সামাজিক দায়বদ্ধতা কর্মসূচীর আওতায় কোম্পানির অধিভুক্ত এলাকার বাইরের যে কোন প্রতিষ্ঠান/সামাজিক সংগঠন/দুঃস্থ ও অসহায় মুক্তিযোদ্ধা কিংবা প্রাকৃতিক দুর্যোগ কবলিত এলাকায় বিশেষ বিবেচনায় কোম্পানির CSR সংক্রান্ত কমিটির সুপারিশ ও কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আর্থিক সহায়তা প্রদান করা যাবে।
- ৭.১১ অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠান শুধুমাত্র নির্ধারিত খাতে অর্থ ব্যয় করবে-এ মর্মে অঙ্গীকারনামা দাখিল করার পর সামাজিক দায়বদ্ধতা খাত থেকে চেক হস্তান্তর করা হবে।
- ৭.১২ এ নীতিমালার আওতার প্রাপ্ত আবেদন গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবে এবং অনুদান প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮. কর্তৃত্ব


এ নীতিমালার কোন পরিবর্তন, পরিবর্ধন কিংবা সংযোজন-বিয়োজন এর ক্ষমতা কেবল মাত্র সুপারবন গ্যাস কোম্পানী লিমিটেড(এসজিসিএল) পরিচালনা পর্ষদ কর্তৃক সংরক্ষিত থাকবে।


১৭/১২/১৯
(শাহ আলম মোল্লা)

কোম্পানি সচিব, এসজিসিএল
ও
সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি


১৭/১২/১৯
(প্রকৌ. মোঃ রেজাউল ইসলাম খান)

পরিচালক (পিএস সি), পেট্রোবাংলা,
পরিচালক, এসজিসিএল পরিচালনা পর্ষদ ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি


১৭/১২/১৯
(ড. মহঃ শের আলী)

মুখ্য সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ,
পরিচালক, এসজিসিএল পরিচালনা পর্ষদ
ও আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি



সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

Sundarban Gas Company Limited

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ সারণী ২০১৭

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড
পেট্রোবাংলা (পাবনা) লিমিটেড
সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড
পেট্রোবাংলা (পাবনা) লিমিটেড

গ্যাস কোম্পানী
লিমিটেড

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

Sundarban Gas Company Limited

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

সূত্র নং-০৫.০১.১৬৬/ ১২

তারিখ : ০৩/০২/২০২৪খ্রিঃ

অফিস সার্কুলার

এসজিসিএল-এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের উপর অর্পিত প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা কোম্পানির বিভিন্ন স্তরের কর্মকর্তাদেরকে অর্পণের লক্ষ্যে কোম্পানি পর্ষদ কর্তৃক গঠিত কমিটির মাধ্যমে যতই বাতাইকৃত প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত সারণী (Table of Authority) অত্র কোম্পানিতে অনুসরণ/কার্যকরীর জন্য কোম্পানি পর্ষদের ৬৬তম সভায় অনুমোদন প্রদান করা হয়েছে। কোম্পানি পর্ষদ কর্তৃক অনুমোদিত প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত সারণী (Table of Authority) কোম্পানিতে কার্যকর করা হলো। প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত সারণী (Table of Authority) এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ সার্কুলার জারী করা হলো।

(ব্রজেন মোঃ এহসানুল হক পাটওয়ারী)

মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)

বিতরণঃ

- ০১। মহাব্যবস্থাপক (**স্বাক্ষর** : ৩৬৬), এসজিসিএল, খুলনা।
- ০২। উপ-মহাব্যবস্থাপক (), এসজিসিএল, খুলনা।
- ০৩। ব্যবস্থাপক (), এসজিসিএল,
- ০৪। ইনচার্জ, আঞ্চলিক বিপণন কার্যালয়, এসজিসিএল, ভোলা।
- ০৫। উপ-ব্যবস্থাপক (নিরীক্ষা), এসজিসিএল, খুলনা।

সংযুক্তি : প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত সারণী (Table of Authority)।

অনুলিপি :


- ০১। ব্যবস্থাপনা পরিচালক, এসজিসিএল, খুলনা।
- ০২। অফিস কপি

২১৮. এম এ, বাহিঁ সড়ক, নোনাডাঙ্গা, খুলনা।


July 4th 1923

২) **ছুটি বন্ধ**


- ক) বৈমিত্তিক ও পরিপূরক ছুটি : ব্যবস্থাপনা পরিচালক/ ডিভিশন প্রধান/ ডিপার্টমেন্ট প্রধানগণ তাদের নিজস্ব নতুন বিদ্যাপতি/কর্তৃপক্ষ ও কর্মচারীগণের ছুটি বন্ধের কারণ, শতাংশ আর্থনিক কার্যসম্পন্ন বা শতাংশ আর্থনিক কার্যসম্পন্ন কর্মচারীগণের ছুটি বন্ধের কারণ। তাহা, ব্যবস্থাপনা পরিচালকের নিকট কর্তৃক কর্মচারীগণের ছুটি উক্ত নথির উপ-ব্যবস্থাপক/ সহকারী ব্যবস্থাপক অনুমোদন করিতে পারবেন। উক্ত ছুটি বন্ধের ক্ষেত্রে যথাযথ (প্রশাসনিক) প্রণালী অনুসরণ করা হইবে। পরিপূরক ছুটির ক্ষেত্রে কোম্পানীর প্রকৌশলী অনুমত হইবে।
- খ) অর্জিত ছুটি/অর্জিত ছুটি বাকী রাখা/ ছুটি (ক) সহায়তা ভাতাদির অর্জিত ছুটি/ অর্জিত ছুটি/ অর্জিত ছুটি/ অর্জিত ছুটি/ অর্জিত ছুটি : কর্মচারী/কর্মচারীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট শতাংশ/কর্মচারী/ডিপার্টমেন্ট প্রধান ও ডিভিশন প্রধানের এবং প্রধানের ব্যবস্থাপনা পরিচালকের নিম্নলিখিত কর্মচারী/কর্মচারীগণের ক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালকের সুপারিশক্রমে যথাযথ প্রণালী (প্রশাসনিক) এর মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদনক্রমে উপ-ব্যবস্থাপক (এইচ.আর) এতদনুসারে প্রণয়ন করি করবেন।
- এছাড়া, কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য কার্যনি সম্পাদন।

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

রেজিস্ট্রেশন নং (১৪ তলা), ৩, কাওরান বাজার রো/এ, ঢাকা-১২১৫।

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড পরিচালকমণ্ডলীর তারিখে অনুষ্ঠিত তম সভার আলোচনাসূচী নং এর প্রেক্ষিতে অনুমোদিত তারিখে অনুষ্ঠিত তম সভার নিষ্পত্তিকরণের প্রেক্ষিতে প্রবর্তিত।

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড কর্মচারী প্রদেয় ভবিষ্য তহবিল বিধিমালা (Contributory Provident Fund)

- ১.০০। একটি স্বীকৃত প্রদেয় ভবিষ্য তহবিল প্রতিষ্ঠার উদ্দেশ্যে এই বিধিমালা প্রণয়ন করা হইয়াছে।
- ২.০০। এই বিধিমালা "সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড কর্মচারী প্রদেয় ভবিষ্য তহবিল বিধিমালা" নামে অভিহিত হইবে।
- ৩.০০। এই বিধিমালা তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।
- ৪.০০। বিধির অর্থবা প্রদেয়ের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালা :-
- ৪.০১। "তহবিল" বলিতে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড কর্মচারী প্রদেয় ভবিষ্য তহবিল বুঝাইবে।
- ৪.০২। "বিধিমালা" বলিতে এই বিধিমালা অথবা সাময়িকভাবে এই তহবিলের ক্ষেত্রে প্রযোজ্য অপরাপর বিধিমালা বুঝাইবে।
- ৪.০৩। "কোম্পানী" বলিতে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড এবং অন্য প্রতিষ্ঠান/প্রকল্প যাহা উত্তরাধিকার কিংবা অন্য কোনভাবে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেডের আওতাভুক্ত হয় বুঝাইবে।
- ৪.০৪। "বোর্ড" বলিতে কোম্পানীর পরিচালনা পর্ষদ বুঝাইবে।
- ৪.০৫। "ট্রাস্টি" বলিতে সাময়িকভাবে নিয়োজিত প্রদেয় ভবিষ্য তহবিলের ট্রাস্টি যাহা ট্রাস্ট-ভিডে বর্ণিত হইয়াছে বুঝাইবে।
- ৪.০৬। "কর্মচারী" বলিতে কোম্পানীর মাসিক বেতনের ভিত্তিতে সার্বজনিক ও স্থায়ীভাবে নিয়োজিত বাংলাদেশী কর্মকর্তা ও কর্মচারী বুঝাইবে। তবে কোম্পানীতে প্রেষণে নিয়োজিত কোন কর্মকর্তা এবং কর্মচারী ইহার আওতাভুক্ত হইবে না।
- ৪.০৭। "সদস্য" বলিতে বিধিমালা অনুযায়ী তহবিলের সদস্য বুঝাইবে।
- ৪.০৮। "ধারাবাহিক চাকুরী" বলিতে কোম্পানীতে অবিলম্বেভাবে অবিরত চাকুরী বুঝাইবে এবং অসুস্থতা, দুর্ঘটনা, অনুমোদিত ছুটি অথবা কর্মচারীর দোষে নহে এমন বিদ্রুত চাকুরীকাল ইহার অন্তর্ভুক্ত হইবে।
- ৪.০৯। "বেতন" বলিতে কোম্পানী কর্তৃক নির্ধারিত মাসিক মূল বেতন বুঝাইবে, যাহার মধ্যে কোন প্রকার ভাতা কিংবা অন্য কোন আর্থিক সুবিধা অন্তর্ভুক্ত হইবে না।
- ৪.১০। "সঞ্চান-সঞ্চতি" বলিতে কেবলমাত্র বৈধ সঞ্চান-সঞ্চতিগণ, নতক সঞ্চান-সঞ্চতিগণ ইহার অন্তর্ভুক্ত হইবে।
- ৪.১১। "সদস্যের চাঁদ" বলিতে কোন কর্মচারীর বা তাহার পক্ষ হইতে তহবিলে প্রদত্ত মাসিক নির্দিষ্ট অংক/মূল বেতনের শতকরা হারে প্রদত্ত অংক।
- ৪.১২। এই বিধিমালার ক্ষেত্রে "পরিবার" বলিতে :-

- (১) চাঁদ প্রদানকারী পুরুষ হইলে তাহার স্ত্রী বা স্ত্রীগণ ও তাহার সঞ্চান-সঞ্চতিগণ এবং তাহার মৃত পুত্রের বিধবা স্ত্রী বা স্ত্রীগণ ও সঞ্চান-সঞ্চতিগণ বুঝাইবে।

তবে শর্ত থাকে যে, যদি কোন সদস্য প্রমাণ করেন যে, আইনগতভাবে তাহার স্ত্রীর সহিত সম্পর্ক ছেদ হইয়াছে এবং তিনি অস্বাভাবিক বসবাস করিতেছেন অথবা তাহার স্ত্রী নিজস্ব সম্প্রদায়ের প্রথা অনুসারে খোরপোষ লাভের অধিকার হারািয়া থাকিলে তিনি এই বিধির আওতায় পরিবারের সদস্য বলিয়া গণ্য হইবেন না। তবে উক্ত স্ত্রীকে পরিবারভুক্ত করিবার জন্য সদস্য ট্রাস্টির নিকট লিখিতভাবে ইচ্ছা প্রকাশ করিলে উক্ত স্ত্রী এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সংশ্লিষ্ট চাঁদ প্রদানকারী কর্মচারীর পরিবারভুক্ত বলিয়া গণ্য হইবেন।

পৃষ্ঠা-১

(২) চাঁদা প্রদানকারী মহিলা হইলে, তাঁহার স্বামী এবং সন্তান-সন্ততিগণ এবং তাহার মৃত পুত্রের বিধবা স্ত্রী বা স্ত্রীগণ ও সন্তান-সন্ততিগণ বুঝাইবে।

তবে শর্ত থাকে যে, কোন চাঁদা প্রদানকারী তাঁহার স্বামীকে এই বিধিমালায় কোন ব্যাপারে তাঁহার পরিবারভুক্ত না করিবার জন্য ট্রাস্টির নিকট লিখিতভাবে ইচ্ছা প্রকাশ করিয়া থাকিলে উহার বিপরীতে ইচ্ছা পরবর্তীতে প্রকাশ না করা পর্যন্ত উক্ত স্বামী সংশ্লিষ্ট চাঁদা প্রদানকারী কর্মচারীর পরিবারভুক্ত বলিয়া গণ্য হইবেন না।

৪.১২। 'নির্ভরশীল' বলিতে একজন মৃত সদস্যের নিম্নোক্ত যে কোন আত্মীয়কে বুঝাইবে :

স্ত্রী কিংবা স্ত্রীগণ, স্বামী, পিতা-মাতা, সন্তান-সন্ততিগণ, অগ্রাঙ্ক বয়স্ক ভাইগণ, অবিবাহিত বোনগণ, মৃত পুত্রের বিধবা স্ত্রীগণ এবং সন্তান-সন্ততিগণ এবং বিধবা অবস্থায় মৃত কন্যার সন্তান-সন্ততিগণ এবং পিতা-মাতা জীবিত না থাকিলে দাদা-দাদী এবং নানা-নানী।

৪.১৩। 'অর্থ বৎসর' বলিতে ১ লা জুলাই হইতে পরবর্তী পত্রিকা বৎসরের ৩০শে জুন পর্যন্ত সময়কালকে বুঝাইবে।

৪.১৪। 'অর্ডিন্যান্স' বলিতে আয়কর অর্ডিন্যান্স ১৯৮৪ এবং এর পরবর্তী সংশোধন, পরিবর্তন, পরিবর্ধনকে বুঝাইবে।

৫.০০। কোম্পানীর চাকুরী হইতে কোন সদস্যের চাকুরীচ্যুতি ঘটিলে অথবা কোম্পানীর চাকুরী হইতে অবসর গ্রহণ করিলে তাঁহাকে অথবা সদস্যের মৃত্যু ঘটিলে এই বিধিমালা অনুসারে 'প্রদেয় অর্থ' তাঁহার মনোনীত ব্যক্তিকে/ব্যক্তিবর্গকে অথবা নির্ভরশীল ব্যক্তিবর্গকে প্রদান করা হইবে।

৬.০০। তহবিল এবং ইহার নিয়ন্ত্রণের ভার ট্রাস্টিগণের উপর অর্পিত হইবে। তাঁহারা মনে করিলে পেশাদার উপদেষ্টা নিয়োগ করিতে পারিবেন।

৭.০০। সদস্যপদ :

কোম্পানীর কর্মরত সকল পর্যায়ের সার্বজনিক স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীগণকে নির্দিষ্ট ছকে ট্রাস্টি সভ্যের নিকট লিখিত আবেদনের ডিওরিতে উক্ত তহবিলের সদস্যপদ প্রদান করা যাইবে। তবে চাকুরী স্থায়ীকরণের আদেশপত্র জারীর এক মাসের মধ্যে আবেদন করিলে চাকুরী স্থায়ীকরণের তারিখ হইতে সদস্যপদ প্রদান করা যাইবে। অন্যথায় ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যানের অনুমোদনক্রমে সর্বোচ্চ ৬ (ছয়) মাসের বকেয়া চাঁদা কর্তনসহ সদস্যপদ প্রদান করা যাইবে। ব্যক্তিগত ক্ষেত্রে হিসেবে এই বিধিমালা অনুমোদিত হইবার পূর্বে কোম্পানীর নিয়মিত চাকুরীতে যোগদানকৃত কর্মকর্তা/কর্মচারীগণ আবেদন করিলে তাহাদের যোগদানের তারিখ হইতে এককালীন বকেয়া চাঁদা প্রদান সাপেক্ষে তহবিলের সদস্য হইতে পারিবে।

৮.০০। সার্বজনিক স্থায়ীভাবে নিয়োগের পর সকল কর্মকর্তা/কর্মচারী একটি ঘোষণাপত্র স্বাক্ষর করিবেন (পরিশিষ্ট ছক-ক)। অত্র তহবিলে যোগদানকারী সকল সদস্য অত্র বিধির একটি কপি পাওয়ার অধিকারী হইবেন। বর্ণিত ঘোষণাপত্র স্বাক্ষরের সাথে সাথে বলবৎ বিধিমালা সকল সদস্যের ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে প্রযোজ্য হইবে।

৯.০০। কোম্পানীতে কোন সদস্যের চাকুরীচ্যুতি ঘটিলে সেই ক্ষেত্রে তাঁহার সদস্যপদ খারিজ হইবে। এইক্ষেত্রে খারিজকৃত সদস্যের অধিকার অত্র বিধি দ্বারা নিরূপিত হইবে। কোন সদস্যকে কোম্পানী কর্তৃক চাকুরী হইতে অপসারণ করা হইলে অথবা তিনি প্রদেয় ভবিষ্য তহবিলের সদস্য হইতে যে কোন কারণে অবসর গ্রহণ করিবার পর উক্ত সদস্য কোম্পানীর সার্বজনিক চাকুরীতে পুনঃনিয়োগ হইলে অথবা পুনরায় প্রদেয় ভবিষ্য তহবিলের সদস্য হইলে তাঁহার পূর্ববর্তী চাকুরীকাল অত্র বিধির আওতায় গণনা করা হইবে না।

শর্ত থাকে যে, অত্র তহবিলের কোন সদস্য সাময়িকভাবে বাংলাদেশের বাহিরে কোন চাকুরীতে বা প্রশিক্ষণে কোম্পানী কর্তৃক প্রেরিত হইলে বাংলাদেশে তাঁহার নিছক অনুপস্থিতির কারণে তাঁহার সদস্যপদ খারিজ হইবে না এবং কোম্পানী সেই পরিমাণ অর্থ তাঁহার অনুকূলে প্রদেয় ভবিষ্য তহবিলে অনুদান প্রদান করিবে যেই পরিমাণ অর্থ উক্ত সদস্য চাঁদা প্রদান করিবেন তবে উহা কোনভাবেই উক্ত সদস্য বাংলাদেশে চাকুরীরত থাকিলে প্রাপ্য মূল বেতনের যে হারে তিনি চাঁদা প্রদান করিতেন উহার বেশী হইবে না।

১০.০০। এই বিধি নিম্নোক্ত ক্ষেত্রে কার্যকর হইবে না :

- ১) সরকারী অথবা অন্য কোম্পানী অথবা কর্পোরেশনের কোন কর্মচারী যিনি প্রেক্ষে কোম্পানীতে নিয়োজিত আছেন।
- ২) শিক্ষানবিস, সাময়িক, মৌসুমী, খন্ডকালীন, মাসটারোল, অডিটসোর্সিং ভিত্তিতে অথবা আনুষঙ্গিক খাত হইতে পরিশোধিত ব্যক্তি অথবা চুক্তিভিত্তিক কর্মচারী।

১১.০০। সচিব :

কোম্পানীর হিসাব বিভাগের প্রধান পদাধিকারবলে ট্রাস্টি বোর্ডের সচিব হিসাবে কার্য সম্পাদন করিবেন। তিনি তহবিল সংক্রান্ত সকল প্রকার বিজ্ঞপ্তি, দলিলপত্রাদি, অপরাপর চিঠিপত্রাদি ট্রাস্টির পক্ষে গ্রহণ ও স্বাক্ষর করিবেন এবং ট্রাস্টি কর্তৃক দাত্ত আইনানুগ কর্তৃত্ব ও ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন।

১২.০০। মনোনয়ন :

১২.০১। তহবিলে যোগদানকারী একজন সদস্য ট্রাস্টি বোর্ডের সচিবের নিকট নির্ধারিত ছকে (পরিশিষ্ট-খ) এই মর্মে মনোনয়ন পত্র দাখিল করিবেন যে, তাঁহার হিসাবে জমাকৃত প্রাপ্য অর্থ প্রাপ্তির পূর্বে তাঁহার মৃত্যু হইলে মনোনীত ব্যক্তি বা ব্যক্তিবর্গ বা নির্ভরশীল ব্যক্তিবর্গ এই তহবিলে তাঁহার অনুসূলে জমাকৃত অর্থ পাইবার অধিকারী হইবেন।

শর্ত থাকে যে, মনোনয়নকালে সদস্যের যদি পরিবার থাকে তবে তিনি তাঁহার পরিবারের সদস্যের বাহিরে অন্য কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গকে মনোনয়ন করিতে পারিবেন না।

১২.০২। যদি কোন সদস্য একাধিক ব্যক্তিকে মনোনীত করেন তবে তিনি প্রত্যেক মনোনীত ব্যক্তির প্রাপ্য অর্থ বা অংশ এমনভাবে নির্দিষ্ট করিয়া দিবেন যাহাতে তাহার হিসাবে জমাকৃত সঞ্চিত অর্থ মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গের মধ্যে সম্পূর্ণভাবে বন্টন করা যায়।

১২.০৩। বোর্ড অব ট্রাস্টির সচিবের নিকট লিখিত নোটিশ প্রদান করিয়া সদস্য যে কোন সময়ে যে কোন মনোনয়ন বাতিল করিতে পারিবেন।

তবে শর্ত থাকে যে, এইরূপ নোটিশের সহিত উপবিধি (১) (২) ও (৩) এর বিধানাবলী অনুসারে একটি নতুন মনোনয়ন দাখিল করিতে হইবে।

১২.০৪। মনোনয়ন প্রদানের পর কোন মনোনীত ব্যক্তির মৃত্যু হইলে নতুন মনোনয়ন দাখিল করিতে হইবে। সদস্যের মৃত্যু অব্যবহিত পরে সদস্যের আর তহবিলে জমাকৃত অর্থ মনোনীত সদস্যগণ কর্তৃক উত্তোলনের পূর্বে কোন মনোনীত ব্যক্তির মৃত্যু ঘটিলে আর বিধিতে বর্ণিত পরিবারের সংজ্ঞা অনুযায়ী উক্ত মনোনীত ব্যক্তির কোন উত্তরাধিকারী না থাকিলে অপরাপর মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গ উক্ত মৃত ব্যক্তির প্রাপ্য অর্থ সমানভাবে প্রাপ্য হইবেন।

১২.০৫। মনোনয়নকালে সদস্যের পরিবার না থাকিলে যে কোন ব্যক্তিকে মনোনীত করিতে পারিবেন। তবে, তিনি (সদস্য) পরিবারভূক্ত হইলে সাথে সাথে তাঁহার পূর্বের মনোনয়ন বাতিল বলিয়া গণ্য হইবে এবং সেই ক্ষেত্রে তাঁহাকে পরিবারের সদস্য/সদস্যবর্গকে অন্তর্ভুক্ত করিয়া নতুন মনোনয়ন দাখিল করিতে হইবে। নতুন মনোনয়ন পত্র দাখিল না করিলে সদস্যের পরিবারভূক্ত ব্যক্তিগণ আইনত প্রাপ্য অংশের জমাকৃত অর্থ পাইবে।

১২.০৬। সদস্য কর্তৃক প্রদত্ত মনোনয়ন বাতিল সংক্রান্ত নোটিশ, বোর্ড অব ট্রাস্টির সচিব কর্তৃক প্রাপ্তির সাথে সাথে কার্যকর বলিয়া গণ্য হইবে।

১২.০৭। যদি কোন কারণে কোন মৃত সদস্যের মনোনয়ন পত্র নষ্ট বা হারাইয়া যায়, সেই ক্ষেত্রে উক্ত মৃত সদস্যের আইনানুগ উত্তরাধিকারী/উত্তরাধিকারীগণ, উত্তরাধিকারী আইনানুযায়ী মৃত সদস্যের হিসাবে জমাকৃত অর্থ প্রাপ্য হইবেন। এই ক্ষেত্রে উত্তরাধিকারী/উত্তরাধিকারীগণকে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হইতে উত্তরাধিকারী প্রমাণপত্র (সাকসেশন সার্টিফিকেট) ট্রাস্টি বোর্ডের সচিবের নিকট দাখিল করিতে হইবে।

পৃষ্ঠা-৩

১৬.০০। সদস্যের হিসাব :

প্রত্যেক সদস্যের নামে সংরক্ষিত পৃথক হিসাবে নিম্নোক্ত খাতে অর্থ জমা হইবে :

- ক) সদস্য কর্তৃক প্রদানকৃত চাঁদ।
- খ) বিধি ১৬.১ অনুযায়ী সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড কর্তৃক প্রদানকৃত অনুদান।
- গ) বিধি ১৭.০১ অনুযায়ী সদস্য কর্তৃক প্রদানকৃত চাঁদার উপর অর্জিত সুদ।
- ঘ) বিধি ১৭.০২ অনুযায়ী সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড কর্তৃক প্রদানকৃত অনুদানের উপর অর্জিত সুদ।

১৬.০০। চাঁদা প্রদানের শর্ত ও হার :

১৬.০১। নিম্নোক্ত শর্ত মোতাবেক সদস্যের চাঁদার পরিমাণ নির্ধারিত হইবে :

- ক) ইহা পূর্ণ টাকায় প্রকাশ করিতে হইবে।
- খ) ইহা মূল বেতনের ১০% (শতাংশ) হইবে অথবা সময় সময় সরকার বা কোম্পানী কর্তৃক নির্ধারিত হার প্রযোজ্য হইবে।
- গ) কোন সদস্য ইচ্ছা করিলে মূল বেতনের সর্বোচ্চ ১০%-এর অতিরিক্ত চাঁদা তাঁহার মাসিক বেতন হইতে কর্তন করিতে পারিবেন। তবে এই চাঁদার অনুকূলে কোম্পানী কোন অনুদান প্রদান করিবে না এবং ইহার বিপরীতে কর্মকর্তা/কর্মচারীকে কোন অগ্রিম প্রদান করা হইবে না। উক্ত চাঁদার উপর শুধুমাত্র অর্জিত সুদ পরিশোধযোগ্য হইবে। সদস্যবৃন্দের অবসর, চাকুরী হইতে অব্যাহতি এবং মৃত্যুজনিত কারণে উক্ত তহবিলের অর্থ পরিশোধযোগ্য হইবে। বিশেষ ক্ষেত্র হিসাবে কোন সদস্য উক্ত তহবিলের অর্থ গ্রহণ করিতে চাহিলে তাঁহাকে সুদে-মুদ্রে উহা পরিশোধ করা হইবে তবে তাঁহাকে পুনরায় অতিরিক্ত চাঁদা হিসাবে ভবিষ্য তহবিলে আর অর্থ কর্তনের সুযোগ দেওয়া হইবে না।

১৬.০২। সদস্য পদ প্রাপ্তির শুরু হইতে কোম্পানীর চাকুরী হইতে অবসর/অপসারণের দিন পর্যন্ত অথবা সদস্যের চাকুরীর সমাপ্তির দিন পর্যন্ত উক্ত চাঁদা নিম্নমামফিক আবশ্যিকভাবে নিয়মিত সদস্যের বেতন বিল হইতে কর্তন করা হইবে।

১৬.০৩। বোর্ড অব ট্রাস্টি কর্তৃক বিশেষ কোন কারণবশতঃ চাঁদা প্রদানে অব্যাহতি প্রাপ্ত না হইলে, কর্মরত অবস্থায় অথবা ছুটি থাকাকালীন সময়ে (বিনা বেতনে ছুটি ব্যতিত) সকল সদস্য উক্ত তহবিলে নিয়মিত চাঁদা প্রদান করিতে বাধ্য থাকিবেন।

১৬.০৪। চাকুরীতে সাময়িক বরখাস্তকালীন সময়ে তাঁহার নিকট হইতে চাঁদা আদায় বন্ধ থাকিবে। কিন্তু পরবর্তীতে সাময়িক বরখাস্তকালীন তারিখ হইতে পূর্ণ বেতন ও ভাতাদিসহ চাকুরীতে পুনরায় বহাল হইবার পর উক্ত সাময়িক বরখাস্তকালীন সময়ে চাঁদা এককালীন প্রদান করিতে হইবে। পক্ষান্তরে সাময়িক বরখাস্তকালীন সময়ের জন্য পূর্ণ বেতন ও ভাতাদি প্রদান ব্যতিত পুনর্বহাল হইলে উক্ত সাময়িক অপসারণকালীন সময়ের চাঁদা তহবিলের ট্রাস্টি কর্তৃক নির্ধারিত হারে চলতি চাঁদাসহ আদায় হইবে।

১৬.০৫। কোন সদস্য প্রেমণে প্রেরিত হইলে তাহার ক্ষেত্রে একই নীতি প্রযোজ্য হইবে।

কোম্পানীর কোন কর্মকর্তা বা কর্মচারী অন্য কোন প্রতিষ্ঠানে প্রেমণে কর্মরত থাকারদ্বারা ভবিষ্য তহবিলে প্রদেয়া নিয়মিত চাঁদা প্রদানের ধারাবাহিকতা বন্ধ থাকিলে ঐ সদস্য সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এ পুনঃপ্রেরিত হইলে প্রেমণে থাকাকালীন সময়ের সম্পূর্ণ বকেয়া চাঁদা প্রদান করিতে হইবে।

১৬.০০। চাঁদা আদায় :

সদস্য কর্তৃক দেয় মাসিক চাঁদা তাঁহার বেতন হইতে এবং প্রদেয় ভবিষ্য তহবিল হইতে গ্রহণকৃত খণের কিস্তি সুদসহ সদস্যের মাসিক বেতন হইতে কর্তনের ক্ষমতা কোম্পানীর থাকিবে এবং এইরূপভাবে কিস্তি অর্থ সদস্যের হিসাবে জমা করিবার নিমিত্তে বোর্ড অব ট্রাস্টির নিকট কোম্পানী প্রদান করিবে।

১৬.০০। সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেডের অনুদান :

১৬.০১। বিধিমালা ১৪ নং অনুচ্ছেদ অনুসারে তহবিলের সকল সদস্য কর্তৃক প্রদত্ত মাসিক চাঁদার সমপরিমাণ অর্থ অনুদান হিসাবে কোম্পানী কর্তৃক প্রতি মাসের প্রদেয় তহবিলে তহবিলে প্রদান করিবে।

শর্ত থাকে যে, কোম্পানীর অনুদানের পরিমাণ সদস্য কর্তৃক সংশ্লিষ্ট মাসে গ্রহণকৃত মূল বেতনের ১০ শতাংশের বেশী হইবে না অথবা এইরূপ কোন ছাত্র সময়ে সময়ে কোম্পানী কর্তৃক স্বাভাবিক ও বিশেষ আদেশক্রমে নির্ধারিত হইবে।

১৬.০২। উপ-বিধি ১ অনুযায়ী প্রত্যেক সদস্যের ক্ষেত্রে উক্ত অনুদান পূর্ণ টাকায় পরিশোধযোগ্য হইবে।

১৬.০৩। কোন সদস্যের প্রেষণে থাকাকালীন সময়ে অনুদান উক্ত সদস্যকে প্রেষণে গ্রহণকারী করপোরেশন/কোম্পানীর /সংস্থার নিকট হইতে কোম্পানী আদায় করিতে না পারিলে প্রেষণে থাকাকালীন সময়ে প্রদানযোগ্য অনুদান ও উহার সুদ কোম্পানী কর্তৃক প্রদেয় হইবে।

১৬.০৪। কোম্পানীর অনুদান পাইবারযোগ্য কোন সদস্য কোম্পানীর চাকরী ত্যাগ করিলে অথবা মৃত্যুবরণ করিলে অথবা চাকুরীচ্যুত হইলে পূর্ণ মাসের শেষ তারিখ এবং বর্ণিত ঘটনা ঘটিবার তারিখ এই দুইয়ের মধ্যবর্তী সময়ের অনুদান তাহার হিসাবে জমা প্রদান করা হইবে।

১৭.০০। সুদ :

১৭.০১। উপ-ধারা ১৭.৩ অনুযায়ী প্রত্যেক বৎসরের জন্য বোর্ড অব ট্রাস্টি কর্তৃক নির্ধারিত পদ্ধতি সুদ সদস্যের হিসাবে জমা করা হইবে।

১৭.০২। প্রত্যেক অর্থ বৎসর শেষে নিম্নে বর্ণিত বিধি অনুযায়ী সুদ জমা করিতে হইবে :

ক) সদস্যের হিসাবে সম্মত অর্থের উপর অর্জিত সুদ।

খ) প্রতি চলতি বৎসরে তহবিলে অর্থ জমা দেওয়ার তারিখ হইতে উক্ত বৎসরের শেষ দিন পর্যন্ত জমাকৃত সম্পূর্ণ অর্থের উপর অর্জিত সুদ সদস্যের হিসাবে জমা হইবে।

গ) মেটি সুদের পরিমাণ নিকটবর্তী পূর্ণ টাকায় রূপান্তরিত হইবে। ৫০ পরস্যকে পরবর্তী টাকায় গণনা করা হইবে। এখানে শর্ত থাকে যে, সদস্যের হিসাব খাতে জমাকৃত অর্থ সদস্যকে প্রদানযোগ্য হইলে চলতি বৎসরের প্রথম হইতে অথবা জমা করিবার তারিখ হইতে প্রযোজ্য ক্ষেত্রে সদস্যকে অর্থ পরিশোধযোগ্য হইবার তারিখ পর্যন্ত সুদ জমা করা হইবে।

১৭.০৩। কোন সদস্য বোর্ড অব ট্রাস্টির নিকট লিখিতভাবে সুদ গ্রহণ না করিবার পক্ষে মত প্রকাশ করিলে তাহার হিসাবে সুদ জমা হইবে না, কিন্তু পরবর্তীতে সুদ গ্রহণের ইচ্ছা প্রকাশ করিলে যে মাসে ইচ্ছা প্রকাশ করিবেন উহার পরবর্তী মাসের প্রথম দিন হইতে উহা কার্যকর বলিয়া গণ্য হইবে।

১৮.০০। তহবিল হইতে ঋণ প্রদান :

নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে সদস্যের হিসাবে জমাকৃত নিজস্ব চাঁদা হইতে ট্রাস্টি নিজের এখতিয়ারে অস্থায়ী ভিত্তিতে ঋণ প্রদান করিতে পারিবে :

ক) কোন ঋণ গ্রহণ করা যাইবে না যদি না ট্রাস্টি এই মর্মে সন্তুষ্ট হন যে, আবেদনকারীর আর্থিক অবস্থা উহা সমর্থন করে এবং প্রদানযোগ্য ঋণ অন্য কোন কারণ ব্যতীত নিম্নে বর্ণিত কারণে ব্যয় হইবে :

- ১) আবেদনকারীর নিজের ব্যয়বহুল চিকিৎসা কিংবা তাহার উপর প্রকৃত নির্ভরশীল কোন ব্যক্তির চিকিৎসা কিংবা উক্ত শিক্ষার উদ্দেশ্যে বিদেশ ভ্রমণে খরচের জন্য।
- ২) আবেদনকারীর নিজের উপর নির্ভরশীল ব্যক্তির অত্যাৱশ্যকীয় খরচ যেমন বিয়ে, অন্ত্যেষ্টিক্রিয়া অথবা যাত্রা তাহার ধর্মীয় মতে করণীয় অনুষ্ঠানাদির উদ্দেশ্যে খরচ নির্বাহের জন্য।
- ৩) বীমার কিস্তি পরিশোধ করিবার জন্য। তবে এই ক্ষেত্রে ঋণ গ্রহণের এক মাসের মধ্যে পরিশোধকৃত বীমা প্রশিশ জমা দিতে হইবে।

পৃষ্ঠা-৫

- খ) বিশেষ কারণ ব্যতীত কোন সদস্যের হিসাবে জমাকৃত নিজস্ব টাকা ও তাহার উপর অর্পিত সুদের ৮০ শতাংশের অধিক ঋণ হিসাবে প্রদান করা যাইবে না।
- গ) বন্যা, ঘূর্ণিকট, হ্যারিকেন অথবা প্রাকৃতিক দুর্যোগজনিত কারণে বসবাস করিবার গৃহ পুনঃনির্মাণ/মেরামতকল্পে ঋণ প্রদান করা যাইবে। সেই ক্ষেত্রে স্থানীয় ইউনিয়ন/সিটি কর্পোরেশন/পৌরসভা/থানা নির্বাহী কর্মকর্তা/ থানা পরিষদ চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত সনদপত্র অবশ্যই দাখিল করিতে হইবে। এই বিধির (খ) এবং (গ) অনুচ্ছেদে বর্ণিত ক্ষেত্রে ব্যক্তি বসবাস করিবার জন্য দাখিল অথবা বাড়ী ভৈরীর জন্য নির্ধারিত স্থান খরিদ করিবার জন্য উক্ত তহবিল হইতে ঋণ প্রদান করা যাইবে। এইক্ষেত্রে তহবিলে নিজ অনুদান এবং অর্জিত সুদের উপর সর্বোচ্চ ৮০% ভাণ্ড (সর্বোচ্চ পাঁচশতক টাকা) ঋণ হিসাবে পরিশোধ করা হইবে। ঋণ গ্রহণের একমাসের মধ্যে ক্রয়কৃত জমির দলিল বা যে জমির উপর দাখিল নির্মিত হইয়াছে উক্ত দলিলের অনুলিপি প্রদান করিতে হইবে। ক্রয়টি ক্রয়ের ক্ষেত্রেও ইহা প্রযোজ্য হইবে এবং এইরূপ ক্ষেত্রে ঋণের একমাসের মধ্যে ক্রয়ের চুক্তিনামা দলিলের অনুলিপি প্রদান করিতে হইবে। এই ঋণ সর্বোচ্চ ৯০ (নব্বই) কিল্লিতে সুদসহ আদায় করিতে হইবে। নির্ধারিত সময়ের মধ্যে দলিলের অনুলিপি সরবরাহ করা না হইলে কিল্লির টাকা অধিক হারে কর্তন করা হইবে। সেই ক্ষেত্রে সদস্য চাহিলে উত্তোলিত অর্থ ফেরৎ দিতে হইবে না এবং সুদ অর্জনের ক্ষেত্রে এইরূপ পরিশোধিত অর্থ বিবেচনায় আসিবে না।
- ঘ) প্রদেয় ভবিষ্য তহবিল হইতে ঋণের উপর সুদ আদায় :
- ১) প্রদেয় ভবিষ্য তহবিল হইতে প্রদানকৃত ঋণের উপর প্রথম এবং দ্বিতীয়বার ১০ (দশ)% হারে সুদ আদায় করা হইবে।
 - ২) দ্বিতীয়বার গ্রহণকৃত ঋণ পরিশোধের ৬ (ছয়) মাসের মধ্যে বিশেষ বিবেচনায় তৃতীয়বার বা তৎপরবর্তী সময়ে বিশেষ বিবেচনায় ঋণ প্রদান করা যাইতে পারে। তবে সেই ক্ষেত্রে ধার্যকৃত সুদের হার ১৮(খ)(১)-এর বর্ণিত হার অপেক্ষা ২ (দুই)% ভাণ্ড বেশী হইবে।
 - ৩) তৃতীয়বার বা তৎপরবর্তী সময়ে বিশেষ বিবেচনায় গ্রহণকৃত ঋণ পরিশোধের ৬ (ছয়) মাসের পর পুনরায় গ্রহণকৃত ঋণের উপর আদায়যোগ্য সুদের হার ১০ (দশ)% হইবে।

১৯.০০। ঋণ আদায় :

- ১৯.০১। সদস্য কর্তৃক গ্রহণকৃত ঋণ এমন কত কিল্লিতে আদায় করিতে হইবে তাহা ট্রাস্টি ফের বিশেষে নির্ধারিত করিবে। কিন্তু এই কিল্লির সংখ্যা ৩৬ (ত্রিশ) এর বেশী হইবে না। তবে শুধুমাত্র ১৮(গ) এর ক্ষেত্রে সর্বোচ্চ ৯০ (নব্বই) কিল্লির মধ্যে সীমাবদ্ধ থাকিবে। প্রতিটি কিল্লি পূর্ণ টাকায় (এক কিল্লির সমান) হইতে হইবে এবং প্রয়োজনীয় কিল্লির নির্ধারণ কিল্লিতে কিল্লির অর্থ কম বা বেশী করা যাইবে।
- ১৯.০২। কোন সদস্যের অবসর গ্রহণের সময় ৬০ (ষাট) মাস অবশিষ্ট থাকিলে উক্ত সদস্য তাহার নিজস্ব টাকা ও নিজস্ব টাকার উপর অর্জিত সুদের শতকরা ৮০% ভাণ্ড উত্তোলন করিতে পারিবেন। এখানে উল্লেখ্য যে, উত্তোলিত অর্থের উপর তাঁহাকে কোন প্রকার সুদ প্রদান বা আদায় করা হইবে না।
- ১৯.০৩। প্রদেয় ভবিষ্য তহবিলের নিয়মিত টাকা কর্তন ছাড়াও গ্রহণকৃত ঋণের/কিল্লির অর্থ একত্রে সদস্যের বেতন হইতে বাধ্যতামূলকভাবে কর্তন করা হইবে।
- ১৯.০৪। ঋণ গ্রহণের দ্বিতীয় মাস হইতে ঋণের কিল্লি আদায় করিতে হইবে। তবে দ্বিতীয় মাসে উক্ত সদস্য বিনা বেতনে ছুটিতে থাকিলে তিনি কর্মে যোগদানের পরবর্তী মাস হইতে উক্ত ঋণ আদায় করা হইবে।
- ১৯.০৫। ঋণ গ্রহণ ও সম্পূর্ণ পরিশোধের মধ্যবর্তী সময়ে প্রতি মাস বা ইহার বস্তু মাসের জন্য বোর্ড অব ট্রাস্টি কর্তৃক সমস্ত সময় নির্ধারিত হারে সুদ আসল একত্রে পরিশোধ করিতে হইবে।
- ১৯.০৬। যে সদস্য তাহার হিসাবে জমাকৃত অর্থের উপর সুদ গ্রহণ করিবেন না তাহার ক্ষেত্রে উক্ত তহবিল হইতে গ্রহণকৃত ঋণের উপর সুদ আদায়যোগ্য হইবে না।
- ১৯.০৭। কোন সদস্য বীমার কিল্লি পরিশোধকল্পে ঋণ গ্রহণ করিলে ট্রাস্টির নিকট ১(এক) মাসের মধ্যে পরিশোধিত রশিদ দাখিল করিতে হইবে অন্যথায় তাহার নিকট হইতে উক্ত ঋণ এককালীন আদায় করা হইবে।

১৯.০৮। ঋণ প্রদানের ক্ষেত্রে বোর্ড অব ট্রাস্টি একটি সম্পূর্ণ পৃথক নিয়ন্ত্রণযোগ্য হিসাব পরিচালনাসহ ঋণ গ্রহণকারী প্রত্যেক সদস্যের জন্য একটি সাবসিডিয়ারী হিসাব পরিচালনা করিবেন। সদস্যের চাঁদার হিসাবের সহিত কোন প্রকারে উক্ত ঋণের হিসাব মিশ্রিত করা যাইবে না। উক্ত ঋণ খাতে আদায়কৃত সুদ তহবিলের আয় হিসাবে গণ্য হইবে।

২০.০০। ফেলব ক্ষেত্রে পুঞ্জীকৃত অর্থ পরিশোধযোগ্য :

২০.০১। ২১নং বিধির শর্ত সাপেক্ষে ১(এক) জন সদস্যের হিসাবে জমাকৃত অর্থ ক্রমবর্ধমান ভাবে অথবা কোম্পানীর চাকুরী হইতে অবসর গ্রহণ বা পদত্যাগ করিলে পরিশোধযোগ্য হইবে। কোম্পানীর চাকুরী হইতে বহিষ্কৃত কোন সদস্য চাকুরীতে পুনর্বহাল হইলে বোর্ড অব ট্রাস্টির এই বিধির আওতায় পূর্বে পরিশোধিত অর্থ পুনরায় জমা করিবার দাবী করিলে তাহাকে তাহা পরিশোধ করিতে হইবে। এইরূপ পরিশোধিত নিজস্ব চাঁদা সুদের অংশটি এবং কোম্পানী প্রদত্ত অনুদান ও উহার সুদের অংশটি বিধি ১৩ এর আওতায় ভাঁহর হিসাবে জমা হইবে।

২০.০২। যদি কোন সদস্য উন্মাদ হইয়া যান অথবা অন্যরূপ মানসিকভাবে কর্মে অক্ষম হইয়া পড়েন এবং ইহা প্রমাণিত হইয়াছে বলিয়া বোর্ড অব ট্রাস্টি যদি সন্তুষ্ট হন তাহা হইলে এই বিধিমালায় আওতায় উক্ত সদস্য যে অর্থ প্রাপ্ত হইবেন উহার কোন অংশ ভাঁহর পরিবারভুক্ত যে কোন ব্যক্তিকে প্রদান করিতে ট্রাস্টির বিচারে সঠিক বলিয়া বিবেচিত হইলে তাহা ট্রাস্টি পরিশোধ করিবার অনুমতি প্রদান করিতে পারিবে। উক্ত ব্যক্তিকে এইরূপ পরিশোধ একটি উত্তম পরিশোধ বলিয়া বিবেচিত হইবে।

২০.০৩। সদস্যের হিসাবে জমাকৃত অর্থ পরিশোধযোগ্য হইবার পূর্বে অথবা পরিশোধ করিবার পূর্বে সদস্যের মৃত্যু ঘটিলে পরিশোধযোগ্য অর্থ নিম্নরূপভাবে পরিশোধযোগ্য হইবে :

ক) সদস্য পরিবার রক্ষিয়া মৃত্যুবরণ করিলে : বিধি ১২ অনুচ্ছেদ অনুযায়ী তিনি যদি ভাঁহর পরিবারের এক বা একাধিক সদস্যকে মনোনয়ন করিয়া থাকেন তাহা হইলে ভাঁহর সম্বন্ধিত অর্থ অথবা উহার অংশ বিশেষ মনোনীত ব্যক্তি বা ব্যক্তিগণকে মনোনয়নে নির্ধারিত আনুপাতিক হারে পরিশোধযোগ্য হইবে।

খ) যদি কোন সদস্যের নিজের পরিবারের কোন সদস্য বা সদস্যবর্গের নামে মনোনয়ন প্রদান না করে থাকে কিংবা তহবিলে ভাঁহর নামে জমাকৃত অর্থের অংশ বিশেষের জন্য মনোনয়ন প্রদান করে থাকে এবং বাকী অংশের জন্য ভাঁহর নিজের পরিবারের সদস্য ব্যক্তি অন্য কোন ব্যক্তি বা ব্যক্তিগণের মনোনয়ন না থাকে তাহা হইলে জমাকৃত অর্থের সম্পূর্ণ অংশ কিংবা যে অংশের জন্য মনোনয়ন নাই সেই ক্ষেত্রে যেসকল প্রযোজ্য উহা পরিবারের নিম্নে বর্ণিত সদস্য/সদস্যবর্গকে কোন অংশ পরিশোধ করা হইবে না :

১) মানসিকভাবে বিকারগ্রস্ত এমন অসহায় সাবালক পুত্র।

২) শারীরিক অথবা মানসিকভাবে জীবিকা নির্বাহের জন্য উপার্জনে অক্ষম নহে মৃত পুত্রের এমন অসহায় সাবালক পুত্র।

৩) যে কন্যার স্বামী জীবিত আছে কিন্তু স্বামী দ্বারা পরিত্যক্ত এবং ভরণপোষণ হয় এইরূপ কন্যা।

৪) ক) মৃত পুত্রের বিধবা স্ত্রী বা স্ত্রীণ এবং সন্তান-সন্ততিগণ মৃত পুত্র জীবিত অবস্থায় এবং প্রথম প্রবিধানের ১নং অনুচ্ছেদের শর্ত হইতে অব্যাহতি প্রাপ্ত হইলে যে অংশ তিনি প্রাপ্য হইতেন উহা ভাঁহারা সমভাবে প্রাপ্য হইবেন।

খ) যখন কোন সদস্য পরিবার না রক্ষিয়া মৃত্যুবরণ করেন তাহা হইলে তহবিলে ভাঁহর হিসাবে সম্বন্ধিত অর্থ ভাঁহর মনোনীত ব্যক্তি বা ব্যক্তিগণের মধ্যে মনোনয়নে উল্লেখিত আনুপাতিক হারে পরিশোধযোগ্য হইবে। যদি কোন ব্যক্তি বা ব্যক্তিগণের নামে অনুগ্রহ মনোনয়ন না থাকে অথবা যদি উক্ত মনোনয়ন সংশ্লিষ্ট ভাঁহর হিসাবে সম্বন্ধিত অর্থের কেবলমাত্র কোন নির্দিষ্ট অংশের প্রাপ্তির সহিত সম্পর্কযুক্ত হয়, তাহা হইলে মনোনয়নের সহিত সম্পর্কযুক্ত নয় এমন সম্বন্ধিত সম্পূর্ণ অথবা আংশিক অংশ সদস্যের উপর নির্ভরশীল ব্যক্তি অথবা ব্যক্তিগণের মধ্যে অথবা ভাঁহাদের মধ্যে যে কোন একজন অথবা একাধিক ব্যক্তিগণকে ট্রাস্টিগণ ভাঁহাদের ইচ্ছানুসারে সঠিক বিবেচিত আনুপাতিক হারে বন্টন করিতে পারিবেন।

পৃষ্ঠা-৭

২০.০৪। উক্ত সক্ষিত অর্থ গ্রহণ করিবার যদি কোন শর্তাধিকারী না থাকে তবে উক্ত অর্থ সদস্যের আইনত উত্তরাধিকারীকে পরিশোধ করা হইবে।

২০.০৫। বোর্ড অব ট্রাস্টি এমন কোন কার্যক্রমে বাধ্য হইবেন না বা স্বীকৃতি দিবেন না যাহা একজন সদস্য অবসর গ্রহণের পূর্বে মৃত্যুবরণ করিলে সক্ষিত অর্থ পরিশোধে অসুবিধার কারণ হইবে।

২১.০০। প্রাপ্যতা/কর্তনঃ

২১.০১। কোন সদস্য কোম্পানীর চাকুরী হইতে বরখাস্ত/ অপসারণ অথবা পদচ্যুত হইলে উক্ত তহবিলে তাহার নামে সক্ষিত অর্থ পরিশোধযোগ্য হইলে কোম্পানীর অনুদানের সম্পূর্ণ অংশ এবং উহার উপর অর্জিত সুদও পরিশোধযোগ্য হইবে।

২১.০২। যখন কোন সদস্যের হিসাবে সক্ষিত অর্থ পরিশোধযোগ্য হয় সেইক্ষেত্রে কোম্পানীর কর্তৃপক্ষ এই মর্মে নির্দেশ দিতে পারেন যে, কোম্পানীর দিকট সন্যাস কর্তৃক দায়বদ্ধ যে কোন পাওনা সদস্যের হিসাবে কোম্পানীর অনুদান ও তাহার উপর অর্জিত সুদ পর্যন্ত অর্থ সদস্যের সক্ষিত অর্থ হইতে কর্তন করিতে পারিবে এবং অনুরূপ কর্তনকৃত অর্থ কোম্পানীকে ফেরত প্রদান করিবে।

২১.০৩। কোম্পানীর তিন বৎসর পূর্বের পূর্বে কোন সদস্যের চাকুরীর অবসান ঘটিলে তাহার হিসাবে সক্ষিত পরিশোধযোগ্য অর্থের মধ্যে সুদসহ কোম্পানীর অনুদানের সম্পূর্ণ অথবা আংশিক অর্থ কোম্পানীর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সরাসরি কর্তন করিয়া 'বাজেয়াস্ত' হিসাবে স্থানান্তর করিতে পারিবেন। সাধারণভাবে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিম্নোক্ত ক্ষেত্রে অনুরূপ কর্তন হইতে বিরত থাকিবেনঃ

ক) কোন সদস্য মৃত্যু বরণ করিলে অথবা কোন সদস্য কোম্পানীকে এই মর্মে সন্তুষ্ট করিতে পারিয়াছেন যে তাহার কর্মে অক্ষমতাজনিত কারণে তাহার চাকুরী অবসর গ্রহণের প্রয়োজনীয়তা দেখা দিয়াছে।

খ) প্রকল্পের কাজ ধারাবাহিকভাবে তিন বৎসর চালু থাকিবে এমন প্রত্যাশায় কোন সদস্য চাকুরীতে যোগদানের পর অচিন্তনীয়ভাবে নির্ধারিত সময়ের পূর্বে কাজ সম্পন্ন হইলে অথবা উক্ত সময়ের মধ্যে প্রকল্পটি পরিত্যক্ত হইলে।

২২.০০। ল্যাপস এন্ড ফরফিচার হিসাব (বাজেয়াস্ত)ঃ

যদি বিধি ২১ নং অনুচ্ছেদ অনুযায়ী কোন সদস্যের সক্ষিত অর্থ বাজেয়াস্ত করা হয় এবং উক্ত অর্থ সদস্য অথবা সদস্যের বা কোম্পানীকে প্রদানযোগ্য না হয় সেই ক্ষেত্রে উক্ত অর্থ একটি পৃথক হিসাবে স্থানান্তর করা হইবে যাহা ল্যাপস এন্ড ফরফিচার হিসাব (বাজেয়াস্ত হিসাব) নামে অভিহিত হইবে এবং তহবিল হইতে বিনিয়োগকৃত অর্থের কোন প্রকার লোকসান অথবা অবচয় মিটানোর জন্য বোর্ড উক্ত অর্থ সংরক্ষিত তহবিল হিসাবে ব্যবহার অথবা প্রয়োগ করিতে পারিবে। তহবিল পরিচালনায় সন্ধ্যা লোকসান মিটাইবার পর যদি কোন অর্থ উদ্ধৃত থাকে তাহা বোর্ডের ইচ্ছানুসারে প্রত্যেক সদস্যের মধ্যে সুদ বন্টনের তারিখে প্রত্যেক সদস্যের হিসাবে সক্ষিত অর্থের উপর আনুপাতিক হারে বন্টন করিয়া সদস্যের হিসাবে জমা করা হইবে।

২৩.০০। প্রদান/পরিশোধঃ

২৩.০১। যদি কোন সদস্যের মৃত্যু হয় অথবা অন্য কোন কারণবশতঃ তহবিলের সদস্যপদ হারান অথবা অবসর গ্রহণের পূর্বে প্রকৃতমূলক ছুটি অথবা কোম্পানীর চাকুরী হইতে চূড়ান্তভাবে অপসারিত হন তাহা হইলে তাহার হিসাবে সক্ষিত অর্থ হইতে বিধি ১৮ ও ২১ অনুযায়ী তহবিল হইতে গ্রহণকৃত ক্ষণ ও অন্যান্য দায় দেনা কর্তন করিয়া অবশিষ্টাংশ এককালীন পরিশোধযোগ্য হইবে।

২৩.০২। উপবিধি ২৩.১ এর আওতায় কর্তনের পর সদস্যের হিসাবে সক্ষিত অর্থের অবশিষ্টাংশ বাংলাদেশী টাকায় পরিশোধযোগ্য।

২৩.০৩। কোম্পানীতে সদস্যের চাকুরী অবসানের তারিখ হইতে ১২০ মাস অতিক্রম করিলে উক্ত সক্ষিত অর্থের কোন দাবী গ্রাহ্য হইবে না এবং উক্ত সক্ষিত অর্থ 'ফরফিচার' হইবে এবং ল্যাপস এন্ড ফরফিচার হিসাবে জমা হইবে।

পৃষ্ঠা-৮

২৩.০৪। কোম্পানীতে সদস্যের চাকুরী অবসানের পর ছয় মাস পর্যন্ত সুদ অর্জিত হইবে, ইহার পর উক্ত হিসাবে কোন সুদ অর্জিত হইবে না।

২৩.০৫। যাহাকে অর্থ প্রদান করিবে তিনি যদি উন্মাদ হন এবং যদি চুনালী এ্যাক্ট ১৯৯২ এর ধারামতে একজন ব্যবস্থাপক নিয়োগপ্রাপ্ত হইয়া থাকেন তবে উক্ত অর্থ উন্মাদ ব্যক্তিকে পরিশোধ না করিয়া ঐ ব্যবস্থাপককে পরিশোধ করিতে হইবে।

২৩.০৬। যদি কোন ব্যক্তি এই বিধিমালার আওতার তহাব পাতনা দাবী করিতে ইচ্ছুক হন তবে তাহাকে বোর্ড অব ট্রাস্টিসের সচিবের নিকট এই ব্যাপারে একটি লিখিত পত্র দাখিল করিতে হইবে।

২৪.০০। হিসাব :

২৪.০১। ট্রাস্টিগণ কোম্পানীর রেজিস্ট্রার্ড অফিসে হিসাবের প্রয়োজনীয় খাতাপত্র সংরক্ষণ করিবেন এবং তাহাদের হেফাজতে জমাকৃত অর্থ নিষ্পত্তি করিবেন এবং প্রত্যেক সদস্যের নামে পৃথক পৃথক হিসাব সংরক্ষণ করিবেন।

২৪.০২। অত্র বিধির ১৪ ধারার আওতার প্রত্যেক সদস্য কর্তৃক প্রদানকৃত চাঁদা পরিশোধের সঙ্গে সঙ্গে তহবিলের হিসাবের খাতায় জমা হইবে এবং ইহা সদস্যের নামের হিসাবে জমা হইবে। উক্ত হিসাবটি "মেম্বার সাবসক্রিপশন একাউন্ট" নামে আখ্যায়িত হইবে। বিধি ১৬ ধারার আওতায় যে অর্থ কোম্পানী কর্তৃক প্রদত্ত হইবে তাহা পরিশোধের সাথে সাথে তহবিলের হিসাব বহিতে লিপিবদ্ধ করিতে হইবে এবং ইহা কোম্পানীর অনুদান হিসাবে সংশ্লিষ্ট সদস্যের নামে আলাদা হিসাবে জমা করিতে হইবে। এইরূপ আলাদা হিসাবটি 'কোম্পানীজ কনট্রিবিউশন একাউন্ট' নামে আখ্যায়িত হইবে।

২৪.০৩। বিনিয়োগের উপর প্রাপ্ত ও অর্জিত সুদ তহবিলে প্রদত্ত যে কোন দান বা অর্থ এবং হিসাবে আনয়নযোগ্য অন্যান্য অর্থ (যদি থাকে) যাহা ৩০ শে জুন তারিখে সদস্যের মধ্যে বন্টনযোগ্য হইবে উহা হিসাবে অর্জিতকৃত করিয়া প্রত্যেক বৎসরে ৩০ শে জুনের পর যথানীত ট্রাস্টিগণ একটি উত্তপত্র এবং আয়-ব্যয় হিসাব প্রস্তুত করিবে। ট্রাস্টিগণ মেম্বারস সাবসক্রিপশন একাউন্ট ও কোম্পানীজ কনট্রিবিউশন একাউন্টদ্বয়ে সদস্যের সম্মিলিত অর্থের উপর একটি বাৎসরিক শতকরা হার নির্ধারণ করিবেন যাহার মাধ্যমে প্রকৃত আয় প্রত্যেক সদস্যের হিসাবে জমা করা যায়। কোন সদস্য আয় নিরূপনের পূর্বে সদস্যপদ হারাতে ট্রাস্টিগণ কি পরিমাণ সুদ এইরূপ সদস্যের হিসাবে মঞ্জুর করিবেন তাহা নির্ধারণ করিবেন এবং এইরূপ জমাকৃত অর্থ যাহা তাহার হিসাবে জমা করা হইয়াছে উহা সকল বিধির জন্য গ্রহণযোগ্য বলিয়া নিবেচিত হইবে।

২৪.০৪। সদস্যের হিসাব বন্ধ হইয়া যাইবে :

- ক) সদস্যের মৃত্যুর পরদিন হইতে,
- খ) কোম্পানীর চাকুরী হইতে অবসর গ্রহণ অথবা বরখাস্ত/অপসারণের দিন হইতে,

২৪.০৫। যখন সদস্যের হিসাব বন্ধ হইয়া যাইবে তখন সেই সদস্যের মৃত্যু, অবসর গ্রহণ অথবা চাকুরী হইতে বহিস্কৃত/অপসারিত হইবার পূর্ববর্তী মাসের শেষ দিন তাহার হিসাব বন্ধ হইবার দিন পর্যন্ত সময়কালের সুদ ও কোম্পানীর প্রদত্ত চাঁদা যাহা ট্রাস্টিগণ প্রদানের জন্য সিদ্ধান্ত গ্রহণ করিবেন এইরূপ অর্থ তাহার হিসাবে জমা করা হইবে।

২৪.০৬। যে তারিখে সদস্যের হিসাব বন্ধ হইয়া যাইবে সেই তারিখের পর হইতে কোন সময়কালের জন্যই কোম্পানী প্রদত্ত চাঁদা তাহার হিসাবে জমা হইবে না।

২৪.০৭। তহবিলের হিসাব বাৎসরিক ভিত্তিতে কোম্পানী দ্বারা নিয়োগিত নিরীক্ষক কর্তৃক পরীক্ষা ও নিরীক্ষা করা হইবে।

২৪.০৮। তহবিলের নিরীক্ষা ক্ষি, হিসাব বিভাগের কর্মচারী বরচ, খাতাপত্র ও মনোহারী দ্রব্যের বরচসহ ব্যবস্থাপনার বরচসমূহ কোম্পানী বহন করিবে।

২৪.০৯। কোম্পানী যে পদ্ধতিতে উহার হিসাব তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ করিয়া থাকে সেই একই পদ্ধতিতে তহবিলের হিসাব নিয়ন্ত্রিত হইবে।

পৃষ্ঠা-৯

২৪.১০। বৎসরের শেষ দিন অতিক্রম হওয়ার পর যথাসম্ভব তাড়াতাড়ি ট্রাস্টিগণ সদস্যের হিসাব বৎসরের প্রারম্ভিক, স্থিতি, সম্প্রতি বৎসরে কর্তনকৃত মোট অর্থের পরিমাণ, বৎসরের শেষে জমাকৃত সুদ এবং বৎসরের শেষ স্থিতি উল্লেখপূর্বক সদস্যের নিকট তাহার পাশ বহি অথবা হিসাবের একটি বিবরণী প্রেরণ করিবেন।

২৪.১১। সদস্যগণ তাহাদের পাশ বহি অথবা হিসাবের বিবরণীর সঠিকতা সম্বন্ধে সম্মতি হইবেন এবং কোন প্রকার ভুল ভ্রুটি পরিলক্ষিত হইলে তাহা পাশ বহি বা বিবরণী পাওয়ার এক মাসের মধ্যে ট্রাস্টিগণ নোটিশের মাধ্যমে অবহিত করিবেন।

২৫.০০। তহবিল বন্ধ :

২৫.০১। ট্রাস্টিগণ যে কোন সময়ে কোম্পানীর সম্বন্ধিত্রমে এবং কোম্পানী কর্তৃক নির্দেশিত হইলে প্রত্যেক সদস্যের নিকট ব্যক্তিগতভাবে লিখিত কমপক্ষে ৬ মাসের নোটিশে অথবা তাহার শেষ ঠিকানায় রেজিস্ট্রেশনে প্রেরিত অনুরূপ নোটিশ, অথবা কোম্পানীর অফিসের বিশিষ্ট স্থানে লিখিত নোটিশের মাধ্যমে তহবিল বন্ধ করিয়া দিতে পারিবেন।

২৫.০২। তহবিল বন্ধ হইয়া যাওয়ার পর সম্পদ আহরণ, বন্টন এবং বিতরণ সংক্রান্ত সকল ব্যয় মিটাইয়া তহবিল বন্ধ হওয়ার প্রাক্কালে সদস্যের হিসাবে যে রূপ অর্থ সম্বন্ধিত থাকিবে তাহার ভিত্তিতে উক্ত অর্থ বন্টনের মাধ্যমে পরিশোধযোগ্য।

২৫.০৩। তৎকালীন প্রচলিত তহবিল বিধি অনুযায়ী সদস্যের হিসাব চূড়ান্তভাবে বন্ধ হইয়া যাওয়ার পর এই তহবিল বিলুপ্ত হইয়া যাইবে এবং সম্পদ বিতরণ ও তহবিল বন্ধকরণ সম্পর্কিত কোন অধিকার নিরোদায়ক বা কোন ক্ষমতা প্রয়োগ নির্ধারণ ব্যতীত অন্য কোন কাজে এই বিধির কোন কার্যকারিতা থাকিবে না।

২৫.০৪। কোন ব্যক্তি ইতিমধ্যে উক্ত তহবিলের সদস্য না হইয়া থাকিলে উল্লিখিত নোটিশ জারির পর তাহারে সদস্য হিসাবে গণ্য করা হইবে।

২৫.০৫। বেজায় কিংবা বাধ্যতামূলকভাবে কোম্পানী অবলুপ্ত হইলে পুনর্গঠন অথবা একত্রতা রক্ষার্থে তহবিল স্বাভাবিকভাবে ব্যতিল হইয়া যাইবে এবং ট্রাস্টিগণ পরবর্তীকালে তহবিল বন্ধ করিয়া দিবেন এবং বর্ণিত বিধির প্রথা অনুযায়ী ইহার সম্পদ বিতরণ করা হইবে।

২৬.০০। ট্রাস্টিগণ এবং তহবিল ব্যবস্থাপনা :

২৬.০১। এই তহবিল ৪ (চার) সদস্য সম্বন্ধে একটি ট্রাস্টি বোর্ডের উপর ন্যস্ত থাকিবে এবং তাহাদের দ্বারা পরিচালিত হইবে। এই ৪ (চার) সদস্যের মধ্যে মহাব্যবস্থাপক (প্রশাসন), মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ), ন্যূনতম ব্যবস্থাপক ও তদূর্ধ্ব পর্যায়ের একজন কর্মকর্তা (ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক মনোনীত) এবং হিসাব/বিত্ত শাখার ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক পর্যায়ের একজন কর্মকর্তা ট্রাস্টি হিসাবে থাকিবেন। হিসাব বিভাগ/শাখা/উপ-মহাব্যবস্থাপক পর্যায়ের উক্ত কর্মকর্তা পদাধিকার বলে তহবিলের সদস্য-সচিব হিসাবে ট্রাস্টিগণের পক্ষ হইতে দায়িত্ব পালন করিবেন। সদস্য-সচিব ট্রাস্টি বোর্ডের পক্ষে সকল পত্রাণ/আবেদন গ্রহণ করিবেন, সকল পত্রে স্বাক্ষর করিবেন, রেকর্ড পত্রাদি সংরক্ষণ করিবেন এবং ট্রাস্টি বোর্ড প্রদত্ত সকল ক্ষমতা ও কর্তৃত্ব প্রয়োগ করিবেন।

২৬.০২। ট্রাস্টিগণের নিয়োগ, সমাপ্তি, পদচ্যুতি, অপসারণ :

কোন ট্রাস্টি দৃষ্টব্যরন করিলে, বেজায় পদত্যাগ করিলে, বদলী হইলে, মানসিক অথবা শারীরিক ভাবে দায়িত্ব পালনে অক্ষম হইলে, দেউলিয়া ঘোষণা করা হইলে, নৈতিক স্থলনের দায়ে অভিযুক্ত হইলে অথবা চাকুরী হইতে অবসর গ্রহণ করিলে ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদনক্রমে তাহার পদ শূণ্য হইবে এবং তদস্থলে নতুন ট্রাস্টি নিয়োগ করা হইবে।

২৬.০৩। ট্রাস্টিগণের কোন পদ সাময়িক শূণ্য হইলেও অন্যান্য ট্রাস্টিগণ তহবিলের কার্যক্রম যথাযথ পরিচালনা করিতে পারিবেন। নতুন ট্রাস্টি নিয়োগ হইলে কোন আনুষ্ঠানিক হস্তান্তর ইনস্ট্রুমেন্ট সম্পাদন ব্যতীত তাহার অনুকূলে তাহার পূর্বসূরীর সকল দায়িত্ব হস্তান্তরিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২৬.০৪। ট্রাস্টিগণের দায় ও দায়মুক্তি :

প্রত্যেক ট্রাস্টি ইচ্ছাকৃত অবহেলা, ব্যক্তিগত অসাধুতা, ব্যক্তিগত আর্থিক অর্জন বা প্রচারনার মাধ্যমে তহবিলের কোন বিনিয়োগজনিত ক্ষতি না করিলে সে ক্ষেত্রে তাহাকে দায়মুক্তি প্রদান করা হইবে এবং তখনই কোন মাফিয়া-মোকদ্দমা বা ক্ষতিপূরণ তাহার নিকট হইতে আদায় করা যাইবে না। অন্য কোন ট্রাস্টির কোন নিয়ম বা বিশ্বাসভঙ্গের জন্য তাহাকে দায়ী করা যাইবে না।

২৬.০৫। ট্রাস্টিগণের পারিতোষিক :

বোর্ড কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত হারে ট্রাস্টি বোর্ডের সদস্য-সচিব পারিতোষিক পাইবেন। উক্ত পারিতোষিক কোম্পানী কর্তৃক পরিশোধ করিতে হইবে।

২৬.০৬। ট্রাস্টি বোর্ডের কার্যবলী :

এই বিধিমালায় সুস্পষ্টভাবে বর্ণিত ক্ষমতা ছাড়াও তহবিল ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণের সকল ক্ষমতা ট্রাস্টিগণের নিকট ন্যস্ত থাকিবে।

২৬.০৭। ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ও সভার কার্যধারা :

ট্রাস্টিগণের মধ্যে জ্যেষ্ঠতম কর্মকর্তা ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান হইবেন। ট্রাস্টিগণ তাহাদের উপর অর্পিত দায়িত্ব সম্পাদনকল্পে সভা আহ্বান, মূলতর্কী অথবা যেভাবে উপযুক্ত বিবেচনা করিবেন, সেইভাবে করিতে পারিবেন। চেয়ারম্যান এর সাময়িক অনুপস্থিতিকালে পরবর্তী জ্যেষ্ঠ কর্মকর্তা চেয়ারম্যান এর অধিকৃতক্রমে তাহার দায়িত্ব পালন করিতে পারিবেন। যে কোন বিষয়ে সংখ্যাগরিষ্ঠ ভোটে সিদ্ধান্ত গ্রহণ করা হইবে এবং সমতার ক্ষেত্রে চেয়ারম্যান এর দ্বিতীয় ভোট থাকিবে। তিন জন ট্রাস্টির উপস্থিতিতে কোরাম হইবে এবং তাহারা এই বিধিমালায় অধীনে সকল ক্ষমতা প্রয়োগ করিতে পারিবে।

২৬.০৮। ট্রাস্টি বোর্ড তাহাদের সকল সভার কার্যধারা ও পৃথীত সিদ্ধান্ত কার্যবিবরণী আকারে লিপিবদ্ধ করিবেন এবং উহার রেকর্ডবহি সংরক্ষণ করিবেন। ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কার্যবিবরণীতে স্বাক্ষর করিবেন এবং পরবর্তী সভায় সদস্য-সচিব ট্রাস্টি বোর্ডের নিশ্চিতকরণের জন্য উপস্থাপন করিবেন।

২৬.০৯। সকল ট্রাস্টির স্বাক্ষরকৃত যে কোন সিদ্ধান্ত সম্মিলিত ডকুমেন্ট কোন সভায় পৃথীত হইয়াছে বলে গণ্য হইবে।

২৬.১০। ট্রাস্টি বোর্ড বিশেষ কার্য সম্পাদনের জন্য ন্যূনপক্ষে দুই জন ট্রাস্টির সম্মুখে কমিটি গঠন করিতে পারিবে।

২৭.০০। হিসাব সংরক্ষণ পদ্ধতি :

কোম্পানীর হিসাব বিভাগীত প্রধান তহবিলের হিসাব সংরক্ষণ পদ্ধতি নিরূপণ করিবেন।

২৮.০০। তহবিল ব্যবস্থাপনা ব্যয় :

তহবিল নিরীক্ষণের জন্য নিয়োজিত নিরীক্ষকগণের ফি, তহবিলের কার্যাদি সম্পাদনের জন্য নিয়োজিত কর্মচারীদের খরচ, হিসাব বহি ও টেনশনারী ব্যতসহ তহবিল ব্যবস্থাপনার সকল ব্যয় কোম্পানী বহন করিবে।

২৯.০০। ব্যাংক একাউন্ট এবং বিনিয়োগ :

তহবিলের সকল ব্যাংক একাউন্ট এবং বিনিয়োগ তহবিলের নামে হইবে।

পৃষ্ঠা-১১

৩০.০০। হিসাব রক্ষণ :

ট্রাস্টি বোর্ড তহবিলের সকল সদস্যের নামে পৃথকভাবে তাহার ঠানা এবং কোম্পানীর অনুদান এবং সুদের আয়ের হিসাব সংরক্ষণ করিবেন। প্রতি অর্থ বছর শেষে 'স' স্ব একাউন্টের হিসাব সংশ্লিষ্ট সদস্যকে অবহিত করিবেন।

৩১.০০। নিরীক্ষক নিয়োগ :

প্রতি অর্থ বছরের হিসাবের সঠিকতা নিরূপণের জন্য একটি চার্জড একাউন্টেন্টস্ ফর্ম নিয়োগ করিতে হইবে এবং তাহাদের প্রতিবেদন পূর্ণাঙ্গভাবে ট্রাস্টি বোর্ডের সভায় উপস্থাপন করিতে হইবে।

৩২.০০। বাৎসরিক হিসাব :

প্রতি অর্থবছরের ৩০ জুনের পর উক্ত তারিখে সকল সদস্যের হিসাবের বিবরণী প্রস্তুত করিয়া প্রত্যেক সদস্যের নিকট প্রেরণ করিতে হইবে।

৩৩.০০। সংশোধনী ক্ষমতা :

সরকারের অনুমোদন প্রাপ্তির পর কোম্পানীর পরিচালকমহলী এই বিধিমালায় সংশোধন করিতে পারিবেন। তবে উক্ত সংশোধন সরকারের কোন বিধি বা নীতির ব্যত্যয়ক্রমে করা যাইবে না।



সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

আবির টাওয়ার, ২১৮, এম. এ. বাসী সড়ক

সোলাডাঙ্গা, কুলনা-৯১০০।

গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় স্বপ্ন নীতিমালা-২০১৯

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ :

১.১। ইহা সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর “গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় স্বপ্ন নীতিমালা-২০১৯” নামে অভিহিত হইবে।

১.২। এই নীতিমালা ২০১৯-২০ অর্থ বৎসর হইতে কার্যকর হইবে।

২। সংজ্ঞা : বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে এই নীতিমালায় :

২.১। “কোম্পানি” বলিতে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেডকে বুঝাইবে।

২.২। “নীতিমালা” বলিতে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর “গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় স্বপ্ন নীতিমালা-২০১৯” বুঝাইবে।

২.৩। “গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় স্বপ্ন” বলিতে (১) গৃহ নির্মাণ- নিজস্ব মালিকানাধীন জমির উপর বাড়ি নির্মাণ এবং নির্মিত বাড়ি সংস্কার/সম্প্রসারণ বা পুনঃনির্মাণ (২) জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয়-বাড়ি নির্মাণের জন্য জমি ক্রয় এবং তৈরী বাড়ি/ফ্ল্যাট ক্রয় (৩) গৃহ নির্মাণ স্বপ্নের সিলিং-এর সমন্বয় ইত্যাদি কাজের জন্য নীতিমালায় বর্ণিত শর্তাবলী পরিপালন স্বাপেক্ষে যে আর্থিক মঞ্জুরি প্রদান করা হইবে উহাকে বুঝাইবে।

২.৪। “সংস্কার” (রিকনষ্ট্রাকশন ও রিপিয়ার) বলিতে কোম্পানির নিকট জামানত হিসাবে সংরক্ষিত দলিলের জমি/বাড়ির এমন ধরনের উন্নয়নমূলক কাজকে বুঝাইবে যাহার জন্য যথেষ্ট পরিমাণ অর্থ বিনিয়োগের আবশ্যক হইবে এবং ফলতঃ বাড়ির মূল্য বৃদ্ধি পাইবে। যেমন- নিট ফিনিশিং-এর স্থলে মোজাইক করা, টাইলস/পাথর লাগানো, কাঠের জানালা বা দরজার গ্রীলের পরিবর্তে থাই এ্যালুমিনিয়াম লাগানো, জল ছাদ নির্মাণ, সম্পূর্ণ বাড়ি বা তাহার বৃহত্তর অংশের পুরাতন আন্তর, প্রাচীর পরিবর্তন করিয়া নতুনভাবে প্রাচীর, রং করা, সিরামিক ইট লাগানো, পুরাতন ইলেকট্রিক লাইন বা পানির লাইন পরিবর্তন করা ইত্যাদিকে বুঝাইবে। সাধারণ (ছোট বাটো) মোরামতকে কোনভাবেই সংস্কার বুঝাইবে না।

২.৫। “জামানত” বলিতে-

২.৫.১। জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় স্বপ্নের ক্ষেত্রে নন-জুডিশিয়াল স্ট্যাম্প প্রদানে অঙ্গীকারনামা (এইচ.বি.আর ফরম নং-০৩ অনুযায়ী), কর্মকর্তাদের ক্ষেত্রে ন্যূনতম ০৭(সাত) বৎসর চাকুরীকাল অতিবাহিত হইয়াছে এইরূপ ০২ জন কর্মকর্তা জামিনদার নিযুক্ত করিয়া স্বাক্ষরিত জামিননামা (Surety Bond) এবং কর্মচারীদের ক্ষেত্রে ন্যূনতম ০৭ (সাত) বৎসর চাকুরীকাল অতিবাহিত হইয়াছে এইরূপ ০২ জন কর্মকর্তা/কর্মচারি জামিনদার নিযুক্ত করিয়া স্বাক্ষরিত জামিননামা (Surety Bond) (এইচ.বি.আর ফরম নং-০৪ অনুযায়ী), অগ্রিম গ্রহীতার ক্ষতিপূরণ বন্ধনী (এইচ.বি.আর ফরম নং-০৫ অনুযায়ী) এবং চুক্তিনামা (এইচ.বি.আর ফরম নং-০৬ অনুযায়ী) কোম্পানি কর্তৃপক্ষের নিকট দাখিল করিবে। পরবর্তীতে গৃহিত স্বপ্নের টাকায় ক্রয়কৃত জমি/ফ্ল্যাট-এর মূল দলিল পত্রাদি কোম্পানিতে জমা রাখিয়া জমির মালিকানা স্বত্বের দলিলপত্র সমূহ (Deeds) দাখিলের স্মারকলিপি (Memorandum of Deposit of Title Deeds) (এইচ.বি.আর ফরম নং-০৮ অনুযায়ী) কোম্পানিতে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট জামানত হিসাবে জমা রাখাকে বুঝাইবে।

২.৫.২। গৃহ নির্মাণ/অগ্রিমের ক্ষেত্রে প্রস্তাবিত বাড়ি/জমি/ফ্ল্যাট-এর মূল দলিল পত্রাদি কোম্পানিতে জমা রাখিয়া নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা (এইচ.বি.আর ফরম নং-০৩ অনুযায়ী) কর্মকর্তাদের ক্ষেত্রে ন্যূনতম ০৭ (সাত) বৎসর চাকুরীকাল অতিবাহিত হইয়াছে এইরূপ ০২ জন কর্মকর্তা জামিনদার নিযুক্ত করিয়া স্বাক্ষরিত জামিননামা (Surety Bond) এবং কর্মচারীদের ক্ষেত্রে ন্যূনতম ০৭ (সাত) বৎসর চাকুরীকাল অতিবাহিত হইয়াছে এইরূপ ০২ জন কর্মকর্তা/কর্মচারি জামিনদার নিযুক্ত করিয়া স্বাক্ষরিত জামিননামা (Surety Bond) (এইচ.বি.আর ফরম নং-০৪ অনুযায়ী), অগ্রিম গ্রহীতার ক্ষতিপূরণ বন্ধনী (এইচ.বি.আর ফরম নং-০৫ অনুযায়ী), চুক্তিনামা (এইচ.বি.আর ফরম নং-০৬ অনুযায়ী) এবং জমির মালিকানা স্বত্বের দলিলপত্র সমূহ (Deeds) দাখিলের স্মারকলিপি (Memorandum of Deposit of Title Deeds) (এইচ.বি.আর ফরম নং-০৮ অনুযায়ী) কোম্পানিতে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট জামানত হিসাবে জমা রাখাকে বুঝাইবে।

- ২.৬। “নমিনি” বলিতে কোম্পানি হইতে চূড়ান্ত পেনশন ভাতা/আনুতোষিক প্রাপ্তির জন্য মনোনীত ব্যক্তি/ব্যক্তিগণকে বুঝাইবে।
- ২.৭। “অবমুক্তি” বলিতে গৃহিত ঋণের সুদাসনে সমুদয় পাওনা পরিশোধের পর উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন স্বাপেক্ষে জমাকৃত দলিল পত্রাদি ফেরত প্রদানকে বুঝাইবে।
- ২.৮। “রি-মডেলিং” বলিতে একটি নির্মিত বাড়ি পুনঃনির্মাণ, নির্মিত বাড়ির মূল অবকাঠামোর ক্ষতিসাধন বা স্থিতি সৃষ্টি না করিয়া বাড়িটির সৌন্দর্য্য বর্ধনের জন্য নির্মিত ভবনের কিছু কিছু অংশের যে পরিবর্তন করা হইবে উহাকে বুঝাইবে।
- ২.০৯। “বোর্ড” বলিতে কোম্পানির পরিচালনা বোর্ডকে বুঝাইবে।
- ২.১০। “ব্যবস্থাপনা পরিচালক” বলিতে কোম্পানির ব্যবস্থাপনা পরিচালককে বুঝাইবে।
- ২.১১। “কর্তৃপক্ষ” বলিতে কোম্পানি বোর্ড/ব্যবস্থাপনা পরিচালক বা তৎকর্তৃক মনোনীত কোন কর্মকর্তাকে বুঝাইবে এবং উক্ত কর্মকর্তার উর্দ্ধতন কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন।
- ২.১২। “উপযুক্ত কর্তৃপক্ষ” বলিতে এই নীতিমালার অধীনে সংশ্লিষ্ট কার্যাদি সম্পাদিত জন্য ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা/কর্মকর্তাগণকে বুঝাইবে।
- ২.১৩। “যথাযথ কর্তৃপক্ষ” বলিতে নিয়ন্ত্রণকারী কর্মকর্তা বা নিয়োগকারী কর্তৃপক্ষ হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা/কর্মকর্তাগণকে বুঝাইবে।
- ২.১৪। “কর্মচারি” বলিতে কোম্পানির যে কোন স্থায়ী কর্মকর্তা-কর্মচারি উভয়কে বুঝাইবে।
- ২.১৫। “স্থায়ী কর্মচারি” বলিতে কোম্পানির চাকুরিতে যোগদানের পর সন্তোষজনকভাবে শিক্ষানবিশকাল সমাপনান্তে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক চাকুরিতে স্থায়িকরণের আদেশ প্রাপ্ত কোন কর্মকর্তা-কর্মচারিকে বুঝাইবে।
- ২.১৬। “অভিযুক্ত ব্যক্তি” বলিতে সেই কর্মকর্তা-কর্মচারি, যাহার বিরুদ্ধে কোম্পানির চাকুরি প্রবিধানমালা/শ্রম আইন-এর অধীনে বিভাগীয় মামলা অথবা ফৌজদারী মামলায় অভিযুক্ত হইয়াছে, এরূপ কর্মকর্তা-কর্মচারিকে বুঝাইবে।
- ২.১৭। “মীট প্রাপ্য বেতন” বলিতে মাসিক প্রাপ্ত সর্বমোট বেতন-ভাতার একটি অংশ, যাহা মাসিক বেতন- ভাতা হিসাবে প্রাপ্ত হইবেন।

৩। ঋণ প্রাপ্তির যোগ্যতা :

গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় ঋণ প্রাপ্তির জন্য আবেদনকালে আবেদনকারী কর্মকর্তা-কর্মচারিকে নিম্নোক্ত যোগ্যতা অর্জন করিতে হইবে :

- ৩.১। অত্র কোম্পানির একজন নিয়মিত/স্থায়ী কর্মকর্তা/কর্মচারি হইতে হইবে এবং বাহ্যদের ন্যূনতম চাকুরিকাল নিম্নবিচ্ছিন্ন ভাবে ন্যূনতম ০৭ (সাত) বৎসর পূর্ণ হইয়াছে এবং পিআরএল (অবসর উত্তর ছুটি)-এ গম্বণের ০৩ (তিন) বৎসর পূর্ব পর্যন্ত ঋণ/অধিমের আবেদন করিতে পারিবে।
- ৩.২। এই নীতিমালার বর্ণিত মতে অভিযুক্ত কোন কর্মকর্তা-কর্মচারি কোন প্রকার ঋণ পাইবার যোগ্য হইবে না।
- ৩.৩। স্বামী-স্ত্রী উভয়ে কোম্পানিতে কর্মরত থাকাকালীন একই জমির/বাড়ির বিপরীতে দ্বৈত ঋণের আবেদন করিতে পারিবে না। তবে ভিন্ন জমির/বাড়ির মালিকানার বিপরীতে উভয়েই ঋণের আবেদন করিতে পারিবে।
- ৩.৪। নির্মিত বাড়ির সংস্কারের তুলনায় গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয়ের বিষয়টি ঋণ মঞ্জুরির ক্ষেত্রে অগ্রাধিকার পাইবে।
- ৩.৫। কোম্পানিতে চুক্তিভিত্তিক/খন্ডকালীন/প্রেষণে/লিয়োনে নিয়োজিত কোন কর্মকর্তা-কর্মচারি এই ঋণ পাইবার যোগ্য হইবে না। তবে অত্র কোম্পানির কোন কর্মকর্তা-কর্মচারি অন্যত্র প্রেষণে থাকাকালীন সময়ে কোম্পানি হইতে এই নীতিমালার আওতায় ঋণ পাইবার যোগ্য হইবে।

- ৩.৬। আবেদনপত্র বিবেচনা করার ক্ষেত্রে আবেদনকারীদের যোগদানের তারিখ অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে অগ্রাধিকার নির্ধারণ করা হইবে।
- ৩.৭। যে সকল কর্মকর্তা-কর্মচারির নিজস্ব কোন বাড়ি নাই বা কোম্পানি হইতে সংশ্লিষ্ট খাতে ইতিপূর্বে ঋণ গ্রহণ করেন নাই, তাহালের আবেদন অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা হইবে।
- ৩.৮। সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারি কর্তৃক কোম্পানি হইতে গৃহিত অন্যান্য খাতের ঋণ প্রস্তাবিত গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় ঋণ মঞ্জুরির ক্ষেত্রে ভবিষ্য তহবিলের ঋণ প্রতিবন্ধক হইবে।
- ৩.৯। পূর্বে সেরা ঋণ গ্রহীতা পুনরায় ঋণ প্রাপ্য হবেন, তবে পূর্বের গৃহীত ও বর্তমান গৃহিতব্য ঋণের মোট সর্বোচ্চ সিলিং এর অংক ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকার অধিক হইবে না।
- ৩.১০। যদি উপযুক্ত কারণে কোন কর্মকর্তা-কর্মচারি জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় ঋণের টাকার জমি/ফ্ল্যাট ক্রয়ে ব্যর্থ হয় বা জমি ক্রয় করিয়া ঐ জমিতে বাড়ি নির্মাণে ব্যর্থ হয় সেই ক্ষেত্রে উক্ত জমির পরিবর্তে অন্য জমি ক্রয় বা নিজ নামের সমমূল্যের অন্য জমিতে বাড়ি নির্মাণ করিতে ইচ্ছা পোষণ করিলে উক্ত ক্ষেত্রে উক্ত পর্যায়ের কমিটি কর্তৃক মঞ্জুরকারি কর্তৃপক্ষ কমিটি যাচাই বাছাই ও মূল্যায়নের ভিত্তিতে প্রস্তাবিত জমি/ফ্ল্যাট পরিবর্তন করিতে পারিবে। এই ক্ষেত্রে প্রয়োজনীয় যাবতীয় খরচ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারিকেই বহন করিতে হইবে। তবে এই সুযোগ সমগ্র চাকুরি জীবনে এক বার প্রাপ্য হইবেন।
- ৩.১১। শর্ত মোতাবেক কর্তৃপক্ষ ঋণ গ্রহণকারীর ভবিষ্য তহবিলের টাকা হইতে কোম্পানি জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় ঋণের পাওনা (আসল+সুদ) আদায় করিতে পারিবে মর্মে ঋণ গ্রহীতাকে ঋণ গ্রহণের প্রাক্কালে নন-জুডিসিয়াল স্ট্যাম্প ক্ষতিপূরণ বন্ধনী জমা দিতে হইবে।
- ৩.১২। ঋণ গ্রহিতার চাকুরিকালে ঋণের আসল টাকা আদায়ের সুযোগ না থাকিলে প্রাপ্তবা আনুভৌগিক ও অন্যান্য তহবিল হতে সমন্বয়/আদায় যোগ্য হইবে। গৃহ নির্মাণ ঋণ/অগ্রিম গ্রহীতা কর্মকর্তা ও কর্মচারীগণ অবসর গ্রহণকালে আনুভৌগিকসহ অন্যান্য খাতে প্রাপ্তব্য টাকা হইতে অপরিশোধিত ঋণ/অগ্রিম-এর টাকা (আসল+সুদ) এককালীন পরিশোধ করিবেন মর্মে নন-জুডিসিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা (এইচ.বি.আর. ফরম নং-০৩) এবং সমুদয় ঋণের টাকার উপর জামিননামা(এইচ.বি.আর. ফরম নং-০৪) যথাক্রমে প্রশাসন বিভাগে দাখিল করিবেন।
- ৩.১৩। ঋণ/অগ্রিম প্রাপ্তির ক্ষেত্রে কোন কর্মকর্তা-কর্মচারীর টেক হোম পে, মাসিক গ্রস বেতনের এক তৃতীয়াংশ (১/৩)-এর কম হইবে না।
- ৩.১৪। মেট্রোপলিটন/সিটি কর্পোরেশন ও পার্শ্ববর্তী এলাকায় একই উহার বাহিরের থানা বা উপজেলা সদর/পৌরসভা এলাকায় সেমিপাকা বাড়ী (ইটের দেয়াল এবং টিনের চাল) তৈরী করার জন্য ঋণ গ্রহণ করিতে পারিবে।
- ৪। গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় ঋণের সিলিং নিম্নরূপ হইবে :
- ৪.১। কোম্পানিতে বিদ্যমান বেতন স্কেল অনুযায়ী সংশ্লিষ্ট আবেদনকারী কর্মকর্তা-কর্মচারির ১৫০ (একশত পঞ্চাশ) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ বা সর্বোচ্চ সিলিং ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা।
- ৪.২। কর্তৃপক্ষ উপরোক্ত ৪.১ ধারায় বর্ণিত সিলিং সময়ে সময়ে পর্যালোচনা পূর্বক পুনঃনির্ধারণ করিতে পারিবে। উক্তরূপ পরিবর্তন করা হইলে সেই মর্মে প্রশাসন বিভাগ হইতে অফিস আদেশ/পরিপত্র জারী করা হইবে।
- ৫। মঞ্জুরি ও বিতরণ :
- ৫.১। প্রাপ্তবা ঋণ/অগ্রিম সর্বোচ্চ সিলিং-এর অধীনে প্রাপ্যতা অনুযায়ী মোট বরাদ্দপ্রাপ্ত ঋণের (বাজেট সংকুলান স্বাপেক্ষে) বরাদ্দ পত্র ইস্যু করা হইবে। বরাদ্দকৃত ঋণের অর্থ দুই কিস্তিতে পরিশোধ করা হইবে এবং উপযুক্ত কারণে ০২(দুই) অর্থ বৎসরের ০২(দুই)টি কিস্তিতে পরিশোধ করা যাইবে। তবে মঞ্জুরিকৃত টাকা নীতিমালার ৫.২-তে উল্লেখিত কিস্তি অনুযায়ী পূর্বক আদেশের মাধ্যমে প্রদান করা হইবে।

৫.২। অন্যান্য শর্তাবলী পূরণ সাপেক্ষে ধারা ৪-এ উল্লেখিত গৃহ নির্মাণ/সমন্বয় গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় ঋণের টাকা প্রদানের কিস্তি নিম্নরূপ হইবে :

ক্র. নং	ঋণের প্রকার ও ব্যবহারের উদ্দেশ্য	মঞ্জুরীকৃত ঋণ পরিশোধের বিবরণ	বিতরণ
৫.২.১	নিজস্ব জমির উপর বাড়ি নির্মাণ/পুনঃ নির্মাণ	ক) গৃহ নির্মাণ ঋণের ক্ষেত্রে নির্মিতব্য বাড়ির প্রস্তাবিত জমির মূল দলিল পত্রাদি ও নামজারির কাগজপত্র, ছাল সন পর্যন্ত খাজনা পরিশোধের রসিদ, জমির বর্তমান বাজার মূল্যের প্রত্যয়নপত্র দাখিলের পর মঞ্জুরীপত্র ইস্যু করা হইবে। তৎপরে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা (এইচ.বি.আর ফরম নং-০৩), জামিননামা (এইচ.বি.আর ফরম নং-০৪), ক্ষতিপূরণ বন্ধনী (এইচ.বি.আর ফরম নং-০৫), চুক্তিনামা (এইচ.বি.আর ফরম নং-০৭) এবং জমির মালিকানা স্বত্বের দলিলপত্রসমূহ (Deeds) দাখিলের স্মরণলিপি (Memorandum of Deposit of Title Deeds) (এইচ.বি.আর ফরম নং-০৮) দাখিলের পর প্রথম কিস্তি অর্থাৎ মোট বরাদ্দের ৫০% টাকা পরিশোধ করা হইবে। খ) প্রথম পর্যায়ে/কিস্তিতে গ্রহণকৃত টাকা গৃহ নির্মাণ স্বত্তে ব্যয় সংক্রান্ত ঋণ গ্রহণকারী কর্তৃক দাখিলকৃত ক্যাশ মেমো/প্রমাণক তিন সদস্য বিশিষ্ট গঠিত কমিটির মাধ্যমে যাচাই বাছাইপূর্বক দ্বিতীয় পর্যায়ে অর্থাৎ দ্বিতীয় কিস্তিতে অবশিষ্ট ৫০% টাকা পরিশোধ করা হইবে। গ) প্রথম কিস্তির অর্থ গ্রহণের ০৩ (তিন) মাসের মধ্যে উক্ত অর্থ খরচ সম্পর্কিত প্রমাণাদি দাখিলে বার্য হইলে প্রথম কিস্তির অর্থ ঋণ গ্রহীতার সম্পূর্ণ বেতন-ভাতা কর্তনের মাধ্যমে সুদাসনে ঋণ/অগ্রিমের সম্পূর্ণ অর্থ পরবর্তী মাস হইতে আদায় করা হইবে।	২(দুই)টি সমান কিস্তিতে
৫.২.২	জমি ক্রয়/ ফ্ল্যাট ক্রয়	ক) জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় ঋণ/অগ্রিম-এর ক্ষেত্রে মোট বরাদ্দকৃত ঋণ/অগ্রিম-এর টাকায় নিজ নামে জমি/ফ্ল্যাট ক্রয় করিবার লক্ষ্যে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা (এইচ.বি.আর ফরম নং-০৩), জামিননামা (এইচ.বি.আর ফরম নং-০৪), ক্ষতিপূরণ বন্ধনী (এইচ.বি.আর ফরম নং-০৫), চুক্তিনামা (এইচ.বি.আর ফরম নং-০৬) দাখিলের পর প্রথম কিস্তি অর্থাৎ মোট বরাদ্দের ৩৩% টাকা পরিশোধ করা হইবে। খ) প্রথম কিস্তির টাকা প্রাপ্তির পর জমি/ফ্ল্যাট ক্রয়ের লক্ষ্যে রেজিস্টার্ড বায়ননামা দলিল, মূল রসিদ এবং উক্ত জমির ডায়াল দলিল পত্রাদি, হালসন পর্যন্ত খাজনা পরিশোধ রসিদ, নামজারী ইত্যাদির ফটোকপি যথাক্রমে প্রশাসন/সংস্থাপন বিভাগে দাখিলের পর কোম্পানির জিণ্যাল এ্যাক্যুয়ার্স বিভাগ কর্তৃক সঠিকতা প্রত্যয়ন সাপেক্ষে দ্বিতীয় কিস্তিতে অবশিষ্ট টাকা পরিশোধ করা হইবে। গ) ঋণ/অগ্রিম গ্রহণের পরবর্তী ০৪(চার) মাসের মধ্যে নিজ নামে ক্রয়কৃত জমি/ফ্ল্যাট-এর মূল দলিল/সার্টিফাইড দলিল ও মূল রসিদ, নামজারী ও হালসনের খাজনার রসিদ এবং জমির মালিকানা স্বত্বের দলিলপত্রসমূহ (Deeds) দাখিলের প্রমাণক (Memorandum of Deposit of Title Deeds) (এইচ.বি.আর ফরম নং-০৮ অনুযায়ী) কোম্পানির অনুকূলে দাখিল করিতে হইবে। অন্যথায় পরবর্তী মাস হইতে বিনা নোটিশে তাহার মাসিক সম্পূর্ণ বেতন-ভাতা কর্তনের মাধ্যমে সুদাসনে ঋণের টাকা আদায় করা হইবে।	১ম কিস্তি ১/৩ অংশ। ২য় কিস্তি ২/৩ অংশ।

৫.৩। সকল মঞ্জুরিপত্রের মেয়াদকাল মঞ্জুরির তারিখ হইতে পরবর্তী ৬(ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকিবে। তবে নিয়ন্ত্রণ বহির্ভূত কোন কারণে নির্দিষ্ট সময়ের মধ্যে ঋণ উত্তোলন করিতে না পারিলে পরিস্থিতি বিবেচনা করিয়া সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারির আবেদনের পরিপ্রেক্ষিতে মঞ্জুরকারী কর্তৃপক্ষ মঞ্জুরির মেয়াদকাল বর্ধিত করিতে পারিবে।

৫.৪। গৃহ নির্মাণের উদ্দেশ্যে প্রথম কিস্তিতে ঋণের টাকা যথাযথভাবে ব্যবহার নিশ্চিত হওয়ার পর সংশ্লিষ্ট কমিটি কর্তৃক সরেজমিনে যাচাই বাছাই সাপেক্ষে কেবল মঞ্জুরীকৃত ঋণের দ্বিতীয় কিস্তির টাকা প্রদান করা হইবে।

৫.৫। গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় ইত্যাদি সকল প্রকার ঋণের ক্ষেত্রে দ্বিতীয় পর্যায়ে পরিশোধিত টাকার ব্যয় সংক্রান্ত প্রতিবেদন কোম্পানির অনুকূলে জমা দিতে হইবে।

- ৫.৬। গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় ঋণের ক্ষেত্রে জমি/ফ্ল্যাট ক্রয়ের মালিকানা স্বত্ব সম্পর্কিত রেজিস্ট্রিকৃত দলিলাদি ও অন্যান্য কাগজপত্র (Document) কোম্পানিতে জমা দিতে হইবে এবং জমাকৃত দলিলাদি/কাগজপত্র সুদাসলে ঋণের অর্থ আদায়/পরিশোধ না হওয়া পর্যন্ত কোম্পানিতে সংরক্ষিত থাকিবে।
- ৫.৭। জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয়ের জন্য মোট বরাদ্দের ১/৩(এক তৃতীয়াংশ) প্রথম মঞ্জুরি পত্র দ্বারা পরিশোধ করা হইবে এবং উক্ত টাকার রেজিস্ট্রি বায়নানামা দলিল ও হালসন পর্যন্ত খাজনার রসিদসহ নামজারীর ফটোকপি যথাক্রমে প্রশাসন ডিভিশন ও এইচআর ডিপার্টমেন্টে ০৪ মাসের মধ্যে দাখিল করতে হবে। যা এতদসংক্রান্ত কমিটি কর্তৃক সরেজমিনে যাচাই বাছাই করা হবে। পরবর্তী সময়ে কোম্পানির লিগ্যাল এন্ড বোর্ড শাখা কর্তৃক সঠিকতার প্রত্যয়নপত্র প্রাপ্তি সাপেক্ষে দ্বিতীয় কিস্তির অর্থাৎ অবশিষ্ট ২/৩ (দুই তৃতীয়াংশ) টাকা দ্বিতীয় মঞ্জুরিপত্র দ্বারা পরিশোধ করা হইবে।

৬। ঋণের নিরাপত্তা/ জামানত :

